Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৩/৪৪

শ্রীশ্রীনামমহিমামৃত

PRESENTED

শ্রীসীতারামদাস ওঙ্কারনাথ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৪০

শ্রীশ্রীনামমহিমামৃত

LIBRARY 3/৪৪ 2/62
No.........
Shri Shri Ma Anandamayee Ashram
BANARAS

PRESENTED

শ্রীসীতারামদাস ওঙ্কারনাথ
শ্রীরামাশ্রম
ডুমুরদহ। খামারগাছী।
হুগলী।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

—প্রকাশক—

শ্রীশ্যামাশঙ্কর বিদ্যাভূষণ।

শ্রীভুজেন্দ্রনাথ সরকার।

—প্রথম প্রকাশ—

সন—১৩৫৫

—মুদ্রাকর—

শ্রীরামগোপাল বন্দ্যোপাধ্যায়

সার্ভিস্ প্রিণ্টার্স

৪১নং বৃন্দাবন বসাক ষ্ট্রীট, কলিকাতা—৫।

—প্রাপ্তিস্থান—

১। ডাঃ দীনবন্ধু ঘোষ

মগরা। হুগলী।

২। মহেশ লাইব্রেরী—কলিকাতা।

৩। সাধন সমিতি—

দিগসুই, হুগলী।

মূল্য—দেড় টাকা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

3/262
3/88
৪/৯৪

—উৎসর্গ—

পরম পূজনীয়

শ্রীযুক্ত দাশরথি বন্দ্যোপাধ্যায়

দাদা মহাশয়ের করকমলে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ওঁ

বিশাল বিশ্বস্য বিধান বীজং
বরং বরেণ্যং বিধি বিষ্ণু সর্ব্বৈঃ।
বসুন্ধরা বারি বিমান বহ্নি
বায়ু স্বরূপং প্রণবং বিবন্দে॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

LIBRARY Shri Shri Ma Anandamayee Ashram

শ্রীশ্রীনামমহিমামৃত

—o:*:o—

—প্রথম প্রবাহ—

সর্ব্বে বেদা যৎপদমামনন্তি
তপাংসি সর্ব্বানি চ যদ্ বদন্তি।
যদিচ্ছন্তো ব্রহ্মচর্য্যং চরন্তি
তত্তেপদং সংগ্রহেণ ব্রবীম্যোমিত্যেতৎ॥

এতদ্ধ্যেবাক্ষরং ব্রহ্ম এতদ্ধ্যেবাক্ষরং পরং
এতদ্ধ্যেবাক্ষরং জ্ঞাত্বা যো যদিচ্ছতি তস্য তৎ।
এতদালম্বনং শ্রেষ্ঠং এতদালম্বনং পরং।
এতদালম্বনং জ্ঞাত্বা ব্রহ্মলোকে মহীয়তে॥

[—কঠোপনিষৎ]

সমুদয় বেদ যে-পূজনীয়কে কীর্ত্তন করেন, সকল তপস্যা যাঁহাকে ব্যক্ত করেন, যাঁহাকে লাভ করিবার ইচ্ছা করিয়া ব্রহ্মচারিগণ ব্রহ্মচর্য্য আচরণ করেন; আমি সংক্ষেপে তাঁহাকে বলিতেছি—তিনি এই 'ওম্'।

এই অক্ষরই অপর ব্রহ্ম, এই অক্ষরই শ্রেষ্ঠ পরব্রহ্ম; এই অক্ষরকে জ্ঞাত হইয়া যে যাহা ইচ্ছা করে তাহার তাহা হইয়া থাকে।

এই অবলম্বনই শ্রেষ্ঠ এই অবলম্বনই কৈবল্য এই অবলম্বনকে জানিয়া সাধক ব্রহ্মলোকে মহীয়ান্ হয়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

"ওমিত্যেতদক্ষরমিদং সর্ব্বং তস্যোপব্যাখ্যানং ভূতং ভবদ্ ভবিষ্যদিতি সর্ব্বমোঙ্কার এব, যচ্চান্যত্রিকালাতীতং তদপ্যোঙ্কার এব।" [মাণ্ডুক্যোপনিষৎ]

—ওঁ এই অক্ষর পরমপদ ইহাই সমস্ত স্থূল সূক্ষ্ম স্থাবর জঙ্গমাত্মক জগৎ, ওঙ্কারের সুস্পষ্ট-বিবরণ এই যে—ভূত ভবিষ্যৎ বর্ত্তমান সমস্ত ওঙ্কারই এবং যাহা অন্য ত্রিকালাতীত তাহাও ওঙ্কারই।

[বেদ]

তমুস্তোতারঃ পূর্ব্বং যদাবিদ ঋতস্যগর্ভং জনুষা পিপর্ত্তন।
আস্য জানন্তো নাম চিদ্ বিবক্ত নমস্তে বিষ্ণো সুমতিং ভজামহে॥
[ভগবন্নামমাহাত্ম্যসংগ্রহধৃত—ঋগ্বেদ সংহিতা অ ২, অ ২, ব ২৬]

—হে স্বার্থকুশল জনগণ! সেই পুরাতন সর্ব্বাধিষ্ঠান সর্ব্বকর্ত্তা বেদান্ত-সিদ্ধান্তসিদ্ধ-পরমাত্মাকে যথা জ্ঞান স্তব কর, তাহার দ্বারা জন্ম সফল কর। স্তব করিতে অসমর্থ হইলে শ্রীভগবানের চিদানন্দময় নাম সকল সর্ব্বদা কীর্ত্তন করিতে থাক। হে বিষ্ণো তোমার সাক্ষাৎকাররূপা স্বরূপ প্রকাশিকা প্রকাশকে ভজনা করি॥

প্রতত্তে অদ্য শিপিবিষ্ট নামার্যশংসামি বয়ুনানি বিদ্বান্।
তং ত্বা গৃণামি তবসো মতব্যান্ ক্ষয়ন্তমস্য রজসঃ পরাকে॥
[ঋ, সং—অ ৫, অ ৬, ব ২৫।

—হে অন্তর্যামিন্ সেই প্রসিদ্ধ নাম উত্তমরূপে কীর্ত্তন করিতেছি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এই লোকের পরপারে মহান্ লোকে অবস্থিত তোমার নামের শ্রেষ্ঠ সামর্থ্য অবগত হইয়া ক্ষুদ্র আমি তোমায় স্তব করিতেছি ॥

অগ্নের্বয়ং প্রথমস্যামৃতানাং মনামহে চারুদেবস্যনাম।

[ঋ, সং--অ ১, অ ২, ব ১৩।

—আমরা দেবগণের মধ্যে মুখ্য দেবতার শোভন নাম উচ্চারণ করিতেছি।

কস্য নূনং কতমস্যামৃতানাং মনামহে চারুদেবস্য নাম।

—ঋ সং অ ১, অ ২, ব ১৩।

—দেবগণের মধ্যে কি জাতীয় কোন দেবের নিশ্চয় অসাধারণ নাম উচ্চারণ করিতেছি।

ন তে গিরো অপি মৃষ্যে তুরস্য ন সুষ্ঠুতি মসুর্যস্য বিদ্বান্।
সদা তে নাম স্বযশো বিবক্মি।

[ঋ, সং—অ ৫, অ ৩, ব ৫।

—হে পরমাত্মন্ রিপুসূদন তোমার স্তুতি তোমার বল ও শোভন-স্তব অবগত হইয়া আমি পরিত্যাগ করিব না কিন্তু অসাধারণযশঃ তোমার নাম সর্ব্বদা বলিব।

মর্ত্তা অমর্ত্তস্য তে ভূরিনাম মনামহে·

[ঋ সং— অ ৫, অ ৮, ব ৩৫।

—হে পরমাত্মন্ মেধাবী মনুষ্য আমরা বৈশ্বানর দেবতা তোমার বহু নাম উচ্চারণ করিতেছি।

———

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

[কলিসন্তরণোপনিষৎ]

যদ্দিব্য নাম স্মরতাং সংসার গোষ্পদায়তে।
স্বানন্যভক্তির্ভবতি তদ্রাম পদমাশ্রয়ে ॥
ওঁ সহনা ববতু সহনৌ ভুনক্তু সহবীর্য্যং করবাবহৈ।
তেজস্বিনা বধীত মস্তু মা বিদ্বিষাবহৈ ॥
ওঁ শান্তিঃ ওঁ শান্তিঃ ওঁ শান্তিঃ ॥

হরি ওঁ। দ্বাপরান্তে নারদো ব্রহ্মাণং জগাম কথং ভগবন্ গাং পর্য্যটন্ কলিং সন্তরেয়মিতি। স হোবাচ ব্রহ্মা সাধু পৃষ্টোঽস্মি সর্ব্বশ্রুতিরহস্যং গোপ্যং তচ্ছৃণু যেন কলি সংসারং তরিষ্যসি। ভগবত আদি পুরুষস্য নামোচ্চারণমাত্রেণ নির্ধূত কলির্ভবতি।

নারদঃ পুনঃ পপ্রচ্ছ তন্নাম কিমিতি। স হোবাচ হিরণ্যগর্ভঃ

হরে রাম হরে রাম রাম রাম হরে হরে।
হরে কৃষ্ণ হরে কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ হরে হরে ॥
ইতি ষোড়শকং নাম্নাং কলিকল্মষ-নাশনম্।
নাতঃ পরতরোপায়ঃ সর্ব্ববেদেষু দৃশ্যতে ॥ ১ ॥
ইতি ষোড়শকলাবৃতস্য জীবস্যাবরণ বিনাশনম্।
ততঃ প্রকাশতে পরং ব্রহ্ম মেঘাপায়ে রবিরশ্মিমণ্ডলীবেতি।
পুনর্নারদঃ পপ্রচ্ছ ভগবন্ কোঽস্য বিধিরিতি।

তং হোবাচ নাস্য বিধিরিতি। সর্ব্বদা শুচিরশুচির্ব্বা পঠন্ ব্রাহ্মণঃ সলোকতাং সমীপতাং সরূপতাং সাযুজ্যতামেতি। যদাস্য

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ষোড়শীকস্য সার্দ্ধত্রিকোটির্জপতি তদা ব্রহ্মহত্যাং তরতি। তরতি বীরহত্যাম্। স্বর্ণস্তেয়াৎ পূতো ভবতি। পিতৃদেব মণুষ্যাণামপকারাৎ পূতো ভবতি। সর্ব্বধর্ম্ম পরিত্যাগপাপাৎ সদ্যঃ শুচিতামাপ্নুয়াৎ। সদ্যো মুচ্যতে। সদ্যো মুচ্যতে ইত্যুপনিষৎ॥

ওঁ সহনা ববতু সহনৌ ভুনক্ত সহবীর্য্যং করবাবহৈ তেজস্বিনাবধীতমস্তু মা বিদ্বিষাবহৈ॥

ওঁ শান্তিঃ। ওঁ শান্তিঃ। ওঁ শান্তিঃ।

ইতি কলিসন্তরণোপনিষৎ সমাপ্ত।

—**শান্তিপাঠ**। ওঁকার আমাদের উভয়কে [গুরু ও শিষ্যকে] সমভাবে রক্ষা করুন ও উভয়কে সমান ভাবে বিদ্যাফল দান করুন, আমরা যেন সমভাবে বিদ্যালাভের শক্তি লাভ করিতে পারি। আমাদের অধীতবিদ্যা তেজস্বী হউক, উজ্জ্বল ভাবে প্রকাশিত হউক, আমরা পরস্পরের প্রতি যেন বিদ্বেষ না করি।

আধ্যাত্মিক রোগশোকাদি জনিত, আধিদৈবিক দৈবগ্রহ পীড়াদি জাত, আধিভৌতিক সর্ব্বভূত হইতে উৎপন্ন—এই ত্রিবিধবিঘ্নের শান্তি হউক।

যাঁহার নাম স্মরণে ভীমভবার্নব গোষ্পদ তুল্য হয় এবং অব্যভিচারিণী ভক্তি লাভ হইয়া থাকে সেই শ্রীরাম চরণে আমি আশ্রয় লইলাম।

দ্বাপর যুগের শেষে একদিন ভক্তশ্রেষ্ঠ নারদ লোক পিতামহ ব্রহ্মার নিকট উপস্থিত হইয়া বলিলেন—হে ভগবন্ পৃথিবী পরিভ্রমণ করিতে করিতে কি প্রকারে কলি হইতে সম্যক উত্তীর্ণ হইব। প্রজাপতি ব্রহ্মা বলিলেন—উত্তম প্রশ্ন করিয়াছ, সমস্ত বেদের গোপনীয় রহস্য শ্রবণ কর যাহার দ্বারা কলিসংসার হইতে উত্তীর্ণ হইবে, ভগবান আদিপুরুষ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নারায়ণের নামোচ্চারণের দ্বারাই কলি দূরীকৃত হইবে। নারদ পুনরায় জিজ্ঞাসা করিলেন—সে নাম কি।

হিরণ্যগর্ভ ব্রহ্মা বলিলেন—

হরে রাম হরে রাম রাম রাম হরে হরে।
হরে কৃষ্ণ হরে কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ হরে হরে॥

এই ষোড়শটি নামের দ্বারা কলির পাপ নাশ হইবে। ইহা অপেক্ষা আর শ্রেষ্ঠতর উপায় সমস্ত বেদে দেখা যায় না। এই ষোড়শ নামের দ্বারা প্রাণ শ্রদ্ধা আকাশ বায়ু তেজঃ জল ক্ষিতি ইন্দ্রিয় মন অন্ন বীর্য্য তপস্যা মন্ত্র কর্ম্ম লোক সকল ও নামরূপ-ষোড়শকলা আবৃত জীবের আবরণ বিনাশ হয়, মেঘ অপগত হইলে যেমন সূর্য্যরশ্মি প্রকাশিত হয় তদ্রূপ এই ষোড়শ কলা বিগমে পরমব্রহ্ম প্রণব প্রকটিত হন। পুনর্ব্বার নারদ জিজ্ঞাসা করিলেন—হে ভগবন্ ইহার বিধি কি। প্রজাপতি বলিলেন—ইহার কোন বিধি নাই। ব্রাহ্মণ সর্ব্বদা শুচি অথবা অশুচি যে-কোন অবস্থাতেও পাঠ করিয়া সালোক্য সামীপ্য সারূপ্য ও সাযুজ্য অর্থাৎ অভেদ মুক্তি লাভ করিয়া থাকে। যখন এই ষোড়শটি নাম সার্দ্ধত্রিকোটিবার জপ করে সেই সময়ই ব্রহ্মহত্যা পাপ হইতে উত্তীর্ণ হয়। বীরহত্যা পাপ হইতে উত্তীর্ণ হয়। স্বর্ণাপহরণ দুরিত হইতে পূত হয়। সমস্ত ধর্ম্ম পরিত্যাগ পাপ হইতে সদ্যঃ শুচিতা প্রাপ্ত হয়। সদ্যঃ মুক্ত হয় সদ্যঃ মুক্ত হইয়া থাকে।

শান্তিপাঠ—পরব্রহ্ম ওঙ্কার আমাদের উভয়কে সমভাবে রক্ষা করুন এবং উভয়কে তুল্যভাবে বিদ্যা ফল দান করুন আমরা যেন সমভাবে বিদ্যা-লাভের শক্তি লাভ করিতে পারি, আমাদের অধীত বিদ্যা তেজস্বী হউক, উজ্জ্বল ভাবে প্রকাশিত হউক, আমরা পরস্পরের প্রতি যেন বিদ্বেষ না করি। ওঁ শান্তি। ওঁ শান্তি। ওঁ শান্তি। ইতি কলিসন্তরণোপনিষৎ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

LIBRARY
No.
Shri Shri Ma Anandamayee Ashram
BANARAS

অহোবত শ্বপচোঽতো গরীয়ান্
যজ্জিহ্বাগ্রে বর্ত্ততে নাম তুভ্যম্।
তেপুস্তপন্তে জুহুবুঃ সস্নুরার্য্যা
ব্রহ্মানূচুর্ণাম গৃণন্তি যে তে ॥ ৭ ॥

—শ্রীমদ্ভাগবত ৩য় স্কন্ধ, ৩৩ অঃ।

অহো যাঁহার জিহ্বাগ্রে তোমার নাম অবস্থিত তিনি চণ্ডাল হইলেও পূজ্যতম। তাঁহাদের সমস্ত তপস্যা করা হইয়াছে, হোম করা ও সমস্ত তীর্থ সলিলে স্নান করা হইয়াছে।

তাঁহারাই সদাচার সম্পন্ন, তাঁহাদের বেদপাঠ করা হইয়াছে যাঁহারা তোমার নাম কীর্ত্তন করেন। জন্ম জন্মান্তরের তপস্যা হোম তীর্থ স্নান সদাচার পালন ও বেদাধ্যয়নের ফলে মানবের নাম গ্রহণে অনুরাগ উপস্থিত হয়। ৭।

অয়ং হি কৃত নির্ব্বেশো জন্ম কোট্যংহসামপি।
যদ্ব্যাজহার বিবশো নাম স্বস্ত্যয়নং হরেঃ ॥ ৭ ॥

—শ্রীমদ্ভাগবত ৬।২।

এই অজামিল কর্ত্তৃক নিশ্চয়ই কোটিজন্ম কৃত পাপের ও প্রায়শ্চিত্ত অনুষ্ঠিত হইয়াছে যে হেতু বিবশ ভাবে শ্রীহরির মোক্ষপ্রদ নাম উচ্চারণ করিয়াছে। ৭।

স্তেনঃ সুরাপো মিত্রধ্রুগ্ ব্রহ্মহা গুরুতল্পগঃ।
স্ত্রীরাজ পিতৃ গোহন্তা যে চ পাতকিনোঽপরে ॥৯॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সর্ব্বেষামপ্যঘবতা মিদমেব সুনিষ্কৃতম্।
নামব্যাহরণং বিষ্ণোর্যতস্তদ্ বিষয়া মতিঃ ॥১০॥

—শ্রীমদ্ভাগবত ৬।২।

চৌর সুরাপায়ী মিত্রদ্রোহী ব্রহ্মহত্যাকারী গুরুপত্নীগামী, স্ত্রী রাজা পিতা ও গোহত্যাকারী এবং অন্য আর যে পাতকিগণ—সেই পাপী সমূহের ইহাই শ্রেষ্ঠ প্রায়শ্চিত্ত—শ্রীহরির নাম কীর্ত্তন, তাহাতে শ্রীভগবানের 'ইহারা আমার সর্ব্বতোভাবে রক্ষণীয়' এই ইচ্ছা হইয়া থাকে। ৯।১০।

সাঙ্কেত্যং পারিহাস্যং বা স্তোভং হেলনমেববা।
বৈকুণ্ঠ নাম গ্রহণ মশেষাঘ হরং বিদুঃ ॥১৪॥

—শ্রীমদ্ভাগবত ৬।২।

সঙ্কেত পরিহাস স্তোভ হেলা করিয়াও শ্রীভগবানের নাম গ্রহণে অশেষ পাপ নষ্ট হয়। ১৪।

পতিতঃ স্খলিতো ভগ্নঃ সন্দষ্ট স্তপ্ত আহতঃ।
হরিরিত্যবশেনাহ পুমান্নার্হতি যাতনা ॥১৫॥

—শ্রীমদ্ভাগবত ৬।২।

প্রাসাদাদি হইতে পতিত, মার্গে স্খলিত, ভগ্নগাত্র, সর্পাদির দ্বারা দষ্ট, জ্বরাদির দ্বারা তপ্ত, দণ্ডাদির দ্বারা আহত হইয়াও যে-মানব অবশভাবে 'হরি' এই নাম উচ্চারণ করে সে যন্ত্রণা পায়না। ১৫।

অজ্ঞানাদথবা জ্ঞানাদুত্তম শ্লোক নাম যৎ।
সঙ্কীর্ত্তিত মঘং পুংসো দহেদেধো যথানলঃ ॥১৮॥

—শ্রীমদ্ভাগবত ৬।২।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বালকের দ্বারা অজ্ঞানবশে ক্ষিপ্ত অনল যেমন কাষ্ঠরাশি দগ্ধ করে তদ্রূপ অজ্ঞান অথবা জ্ঞান পূর্ব্বক শ্রীভগবানের নাম কীর্ত্তিত হইলে মানবের অশেষ পাপ নষ্ট হইয়া যায়। ১৮।

ব্রহ্মহা পিতৃহা গোঘ্ন মাতৃহাচার্য্যাঘবান।
শ্বাদঃ পুক্কশকো বাপি শুদ্ধ্যেরন্ যস্য কীর্ত্তনাৎ॥

—শ্রীভাগবত

ব্রহ্মহত্যা পিতৃহত্যা গোহত্যা মাতৃহত্যা আচার্য্যহত্যাকারী এবং কুকুরভোজী চণ্ডাল যাঁহার নাম কীর্ত্তনে শুদ্ধ হয়।

কলের্দোষ নিধের্াজন্নস্তি হেকো মহান্‌গুণঃ।
কীর্ত্তনাদেব কৃষ্ণস্য মুক্তবন্ধঃ পরং ব্রজেৎ॥

হে রাজন্ দোষের আকর কলির একটি মহান্ গুণ এই যে কৃষ্ণের নাম কীর্ত্তনের দ্বারাই সমস্ত বন্ধন মুক্ত হইয়া পরমধামে গমন করে।

কৃতে যদ্ধ্যায়তো বিষ্ণুং ত্রেতায়াং যজতোমখৈঃ।
দ্বাপরে পরিচর্য্যায়াং কলৌ তদ্ধরিকীর্ত্তনাৎ॥

—শ্রীমদ্ভাগবত ১২।

সত্যযুগে বিষ্ণুর ধ্যানে, ত্রেতায় যজ্ঞের দ্বারা অর্চ্চনায়, দ্বাপরে পরিচর্য্যা করিলে যে ফল হয় কলিযুগে অবিকল সেই ফল শ্রীভগবানের নাম কীর্ত্তনের দ্বারা হইয়া থাকে।

ধ্যায়ন্ কৃতে যজন্ যজ্ঞৈ স্ত্রেতায়াং দ্বাপরেঽর্চ্চয়ন্।
যদাপ্নোতি তদাপ্নোতি কলৌ সংকীর্ত্ত্যকেশবম্॥১৭॥

—বিষ্ণুপুরাণ ৬।২ অঃ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সত্যযুগে ধ্যান, ত্রেতাযুগে যজ্ঞ, দ্বাপরে পূজা করিয়া যে-ফল মানব প্রাপ্ত হয় কলিযুগে কেশবের নাম কীর্ত্তনের দ্বারা তাহাই লাভ করিয়া থাকে।

অত্যন্ত দুষ্টস্য কলেরয়মেকো মহান্‌গুণঃ।
কীর্ত্তনাদেব কৃষ্ণস্য মুক্তবন্ধঃ পরং ব্রজেৎ ॥৩৭॥
—বিষ্ণুপুরাণ ৬।২ অঃ।

অত্যন্ত দুষ্ট-কলির এই একটি মহৎ গুণ যে মনুষ্যগণ কেবলমাত্র হরিনাম সঙ্কীর্ত্তন করিলেই পরমপদ প্রাপ্ত হইয়া থাকে।

অবশেনাপি যন্নাম্নি কীর্ত্তিতে সর্ব্বপাতকৈঃ।
পুমান্ বিমুচ্যতে সদ্যঃ সিংহস্ত্রস্তৈর্মৃগৈরিব ॥ গরুড় পুরাণ।

সিংহ-ভয়ে যেরূপ মৃগগণ পলায়ন করে তদ্রূপ পুরুষ অবশভাবে শ্রীভগবানের নাম কীর্ত্তন করিলে তৎক্ষণাৎ সকল পাপ হইতে বিশেষ রূপে মুক্ত হন।

মহাপাতকযুক্তোঽপি কীর্ত্তয়ন্ননিশং হরিং।
শুদ্ধান্তঃকরণো ভূত্বা জায়তে পঙ্‌ক্তি পাবনঃ ॥
—ব্রহ্মাণ্ড পুরাণ।

মহাপাতকযুক্ত ব্যক্তি ও যদি নিরন্তর হরি কীর্ত্তন করেন তাহা হইলে শুদ্ধ চিত্ত হইয়া পঙ্‌ক্তি-পাবন হন [অর্থাৎ পঙক্তি শোভাপ্রদ ব্রাহ্মণ হন।]

আধয়ো ব্যাধয়ো যস্য স্মরণান্নাম কীর্ত্তনাৎ।
তদৈব বিলয়ং যান্তি তমনন্তং নমাম্যহম্ ॥ —স্কন্দপুরাণ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যাঁহার নাম সঙ্কীর্ত্তন হইতে মনের পীড়া দেহের পীড়া তৎক্ষণাৎ বিনষ্ট হয় সেই অনন্তকে আমি নমস্কার করি।

সর্ব্বরোগোপশমনং সর্ব্বোপদ্রবনাশনম্।
শান্তিদং সর্ব্বরিষ্টানাং হরের্নামানুকীর্ত্তনাৎ॥

—বৃহদ্ বিষ্ণুপুরাণ।

শ্রীহরির নাম সতত কীর্ত্তন সমস্ত রোগ এবং সকল দৈব অমঙ্গল নাশক ও সকল আতঙ্কের শান্তিদায়ক।

হরে কেশব গোবিন্দ বাসুদেব জগন্ময়।
ইতীরয়ন্তি যে নিত্যং নহি তান্ বাধতে কলিঃ॥

—বৃহন্নারদীয় পুরাণ।

যাঁহারা নিত্য হরে কেশব গোবিন্দ বাসুদেব জগন্ময় এই নাম সকল কীর্ত্তন করেন তাঁহাদিগকে কলি কোন ব্যাঘাত প্রদান করিতে পারে না।

সর্ব্বত্র সর্ব্বকালেষু যেঽপি কুর্ব্বন্তি পাতকম্।
নাম সঙ্কীর্ত্তনং কৃত্বা যান্তি বিষ্ণোঃ পরং পদম্॥

—নন্দীপুরাণ।

যাঁহারা সর্ব্বস্থানে সকল সময়ে পাপ কর্ম্ম করেন তাঁহারাও নাম সঙ্কীর্ত্তন করিয়া বিষ্ণুর পরম পদে গমন করিয়া থাকেন।

অঘচ্ছিৎ স্মরণং বিষ্ণোর্বহ্বায়াসেন সাধ্যতে।
ওষ্ঠস্পন্দন মাত্রেণ কীর্ত্তনন্তু ততোবরং॥

—বৈষ্ণব চিন্তামণি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বিষ্ণুর পাপ নাশক স্মরণ বহু আয়াসে সাধিত হয়, তাহা হইতে ওষ্ঠস্পন্দন (নামোচ্চারণ) মাত্র রূপ কীর্ত্তনই শ্রেষ্ঠ।

যদভ্যর্চ্চ্য হরিং ভক্ত্যা কৃতে ক্রতুশতৈরপি।
ফলং প্রাপ্নোত্যবিকলং কলৌ গোবিন্দ কীর্ত্তনাৎ॥

—বিষ্ণু রহস্য।

সত্যযুগে ভক্তিসহকারে হরিকে শতযজ্ঞের দ্বারা অর্চ্চনা করিয়া মানব যে-ফল প্রাপ্ত হয় কলিযুগে গোবিন্দ কীর্ত্তন দ্বারা সম্পূর্ণ সেই ফললাভ করিয়া থাকে।

তীর্থ কোটি সহস্রাণি তীর্থ কোটি শতানি চ।
তানি সর্ব্বাণ্যবাপ্নোতি বিষ্ণোর্নামানি কীর্ত্তনাৎ॥

—বামন পুরাণ।

শত কোটি যজ্ঞ, সহস্র কোটি বাহ্য তীর্থ এবং সত্য ক্ষমা দয়া দম দান ইন্দ্রিয়-নিগ্রহ সরলতা সন্তোষ ব্রহ্মচর্য্য জ্ঞান ধৈর্য্য পুণ্য মনঃশুদ্ধি-রূপ মানসতীর্থ-সেবার ফল বিষ্ণুর নাম কীর্ত্তন হইতে লাভ করা যায়।

গোবিন্দেতি তথা প্রোক্তং ভক্ত্যা বা ভক্তিবর্জ্জিতৈঃ।
দহতে সর্ব্বপাপানি যুগান্তাগ্নিরিবোত্থিতঃ॥

—স্কন্দ পুরাণ।

ভক্তির সহিত অথবা ভক্তিশূন্য হইয়াও গোবিন্দ নাম উচ্চারণ করিলে প্রলয়কালের অগ্নি যেমন বিশ্ব ভস্মীভূত করে তদ্রূপ পাপ দগ্ধ করিয়া থাকে।

গোবিন্দ নাম্না যঃ কশ্চিন্নরো ভবতি ভূতলে।
কীর্ত্তনাদেব তস্যাপি পাপং যাতি সহস্রধা॥

—ঐ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জগতে গোবিন্দ নামধারী যে কোন মানব আছে তাহার নাম কীর্ত্তন হইতেও সহস্র প্রকার পাপ নষ্ট হয়।

প্রমাদাদপি সংস্পৃষ্টো যথানলোকণোদহেৎ।
তথোষ্ঠপুট সংস্পৃষ্টং হরিনাম দহেদঘম্॥

—কাশীখণ্ড।

যেমন অনল কণা প্রমাদ বশেও স্পর্শ করা হইলে দগ্ধ করে তদ্রূপ ওষ্ঠপুটকৃত- স্পৃষ্ট হরিনাম পাপ সকল ভস্মীভূত করেন।

নরাণাং বিষয়ান্ধানাম্ মমতাকুল চেতসাম্।
একমেব হরের্নাম সর্ব্বপাপ বিনাশনম্॥

—বৃহন্নারদীয় পুরাণ।

মমতাকুল চিত্ত বিষয় অন্ধ মানবগণের একমাত্র হরি নাম সমস্ত পাপ বিনাশক।

অনিচ্ছয়াপি দহতি স্পৃষ্টো হুতবহোযথা।
তথা দহতি গোবিন্দ নাম ব্যাজাদপীরিতম্॥

—ঐ

যেরূপ অনিচ্ছা ক্রমেও অনল স্পর্শ করিলে দগ্ধ করে তদ্রূপ কপটতা পূর্ব্বকও উচ্চারিত গোবিন্দ নাম অশেষ পাপ ভস্মীভূত করিয়া থাকেন।

কীর্ত্তনাদেব কৃষ্ণস্য বিষ্ণোরতুল তেজসঃ।
দুরিতানি বিলীয়ন্তে তমাংসিব দিনোদয়ে॥

—ঐ

অনুপম জ্যোতির্ম্ময় বিশ্বব্যাপী কৃষ্ণের নাম কীর্ত্তন হইতেই সূর্য্যোদয়ে অন্ধকারের ন্যায় সমস্ত পাপ বিশেষরূপে লীন হইয়া যায়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নান্যৎ পশ্যামি জন্তূনাং বিহায় হরিকীর্ত্তনম্।
সর্ব্বপাপ প্রশমনং প্রায়শ্চিত্তং দ্বিজোত্তম ॥

—বৃহন্নারদীয় পুরাণ।

হে দ্বিজোত্তম হরি নাম কীর্ত্তন ভিন্ন জীবগণের অখিল পাপ বিনাশন অন্য প্রায়শ্চিত্ত দেখিতেছি না।

বর্ত্তমানন্তু যৎপাপং যদ্ ভূতং যদ্ ভবিষ্যতি।
তৎ সর্ব্বং নির্দ্দহত্যাশু গোবিন্দানল কীর্ত্তনাৎ ॥

—লঘু ভাগবত।

বর্ত্তমান যে পাপ, অতীত যে পাপ, ভবিষ্যৎ যে পাপ—সেই নিখিল পাপ সত্বর গোবিন্দ নাম কীর্ত্তন হইতে ভস্মসাৎ হয়।

সদাদ্রোহ পরো যস্তু সজ্জনানাং মহীতলে।
জায়তে পাবনো ধন্যো হরের্ণামানুকীর্ত্তনাৎ ॥

সংসারে যে-মানব সজ্জনগণের সর্ব্বদা হিংসাপরায়ণ সে ব্যক্তিও অনুক্ষণ হরিনাম কীর্ত্তন দ্বারা অপরের পবিত্রকারক ও স্বয়ং কৃতার্থ হয়।

বসন্তি যানি কোটিস্তু পাবনানি মহীতলে।
ন তানি তত্তুলাং য়ান্তি কৃষ্ণনামানুকীর্ত্তনে ॥

এই সংসারে পবিত্রকারক যে-কোটিপ্রকার পদার্থ আছে সতত কৃষ্ণ নাম কীর্ত্তনের সহিত তাহার তুলনা হয় না।

নাম্নোঽস্য যাবতী শক্তিঃ পাপনির্হরণে হরেঃ।
তাবৎ কর্ত্তুং ন শক্নোতি পাতকং পাতকী জনাঃ ॥

—বৃহদ্বিষ্ণুপুরাণ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এই হরি নামের পাপ নাশ করিবার যত শক্তি আছে পাতকিগণ তত পাপ করিতে সমর্থ হয় না।

তন্নাস্তি কর্ম্মজং লোকে বাগ্‌জং মানসমেব বা।
যন্ন ক্ষপয়তে পাপং কলৌ গোবিন্দ কীর্ত্তনম্‌॥

—স্কন্দপুরাণ।

জগতে কর্ম্মজ বাগ্‌জাত অথবা মানস—এমন কোন পাপ নাই যে-পাপ কলিযুগে গোবিন্দ নাম কীর্ত্তন অপসারণ করিতে না পারেন।

ন চৈবমেক বক্তারং জিহ্বারক্ষতি বৈষ্ণবী।
আশ্রাব্য ভগবৎখ্যাতিং জগৎকৃৎস্নং পুনাতি হি॥

—হরিভক্তি সুধোদয়।

বিষ্ণুর নাম উচ্চারণ কারিণী জিহ্বা মাত্র নামকারিকে রক্ষা করেন তাহা নহে, নিশ্চয়ই প্রেমময় ভগবানের খ্যাতি সম্যকরূপে শ্রবণ করাইয়া সমগ্র সংসারকে পবিত্র করিয়া থাকেন।

গোবিন্দেতি মুদাযুক্ত কীর্ত্তয়েদ্‌ যস্ত্বনন্যধীঃ।
পাবনেন চ ধন্যেন তেনেয়ং পৃথিবী ধৃতা॥

—লঘু ভাগবত।

যে অনন্য চিত্ত পুরুষ আনন্দ যুক্ত হইয়া গোবিন্দ নাম কীর্ত্তন করেন সেই শ্লাঘ্য ও পবিত্রকারক পুরুষের দ্বারাই এই ধরণী ধৃত হইয়া আছেন।

তে সন্তঃ সর্ব্বভূতানাং নিরুপাধিক বান্ধবাঃ।
যে নৃসিংহ ভবন্নাম গায়ন্ত্যুচ্চৈ র্মুদান্বিতা॥

—নারসিংহে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সেই সাধুগণই সমস্ত ভূতগণের অকৃত্রিম বন্ধু ; হে নৃসিংহ যাঁহারা আপনার নাম আনন্দযুক্ত হইয়া উচ্চৈঃস্বরে গান করেন।

অচ্যুতানন্দ গোবিন্দ নামোচ্চারণ ভীষিতাঃ।
নশ্যন্তি সকলারোগাঃ সত্যং সত্যং বদাম্যহম্॥

—বৃহন্নারদীয় পুরাণ।

অচ্যুত আনন্দ গোবিন্দ এই নাম উচ্চারণের ভয়ে ভীত হইয়া সমস্ত রোগ নাশ হয়—আমি সত্য সত্য বলিতেছি।

ন সাম্ব ব্যাধিজং দুঃখং হেয়ং নান্যোষধৈরপি।
হরি নামোষধিং পীত্বা ব্যাধিস্ত্যাজ্যো ন সংশয়ঃ॥

হে সাম্ব! অন্য ঔষধের দ্বারা ব্যাধিজাত দুঃখ পরিহার্য্য নয়, হরি নাম ঔষধি পান করিয়া নিশ্চয় ব্যাধি নষ্ট হয়।

মহাব্যাধি সমাচ্ছন্নো রাজবাধোপপীড়িতঃ।
নারায়ণেতি সঙ্কীর্ত্ত্য নিরাতঙ্কো ভবেন্নরঃ॥

—বহ্নিপুরাণ।

মহাব্যাধির দ্বারা সম্যক আচ্ছন্ন, রাজার উপদ্রবে পীড়িত মানব 'নারায়ণ' এই নাম সঙ্কীর্ত্তন করিয়া নির্ভয় হইয়া থাকেন।

সর্ব্বপাপ প্রশমনং সর্ব্বোপদ্রব নাশনম্।
সর্ব্বদুঃখ ক্ষয়করং হরি নামানুকীর্ত্তনম্॥

—ব্রহ্মবৈবর্ত্তপুরাণ।

নিরন্তর হরি নাম কীর্ত্তন সর্ব্ব পাপ নিবারণ, সমস্ত উৎপাত নাশন এবং সর্ব্বদুঃখ ক্ষয়কর।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যেঽহর্নিশং জগদ্ধাতু র্বাসুদেবস্য কীর্ত্তনম্।
কুর্ব্বন্তি তান্ নরব্যাঘ্র ন কলির্বাধতে নরান্॥
—বিষ্ণু ধর্ম্মোত্তর।

হে নরশ্রেষ্ঠ যাঁহারা জগৎ পিতা বাসুদেবের নাম দিবারাত্রি কীর্ত্তন করেন সেই মানবগণকে কলি পীড়িত করিতে পারে না।

রাম রামেতি রামেতি যে বদন্তি জনা ভুবি।
মহাপাতকিনস্তেঽত্র মুক্তিং যান্তি ন সংশয়ঃ॥
—আনন্দ রামায়ণ।

যে মানবগণ রাম রাম রাম এই নাম উচ্চারণ করেন তাঁহারা অতি পাতকী হইলে ও মুক্তি লাভ করেন এসম্বন্ধে কোন সংশয় নাই।

শ্রীরাম নামামৃত মন্ত্রবীজ
সঞ্জীবনী চেন্মনসি প্রবিষ্টা।
হালাহলং বা প্রলয়ানলং বা
মৃত্যোর্মুখং বা বিশতাং কুতো ভীঃ॥
—ঐ

শ্রীরাম নাম জীবনদায়িনী অমৃত মন্ত্র বীজ; যদি মনে প্রবিষ্ট হয় তাহা হইলে হালাহল কিংবা প্রলয়অনল অথবা মৃত্যুমুখে প্রবেশ করিতে ভয় কোথায়।

স্বর্গে সুরাণামমৃতং যথাস্তি পরমং শুভম্।
রামনামামৃতং ভূম্যাং ক্ষয়ং নাপ্নোতি বৈ কদা॥
—ঐ

২

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

স্বর্গলোকে সুরগণের যেমন পরমকল্যাণকর অমৃত আছে তদ্রূপ জগতে রামনামরূপ-অমৃত আছে কখন ইহা ক্ষয় হয় না। অমৃত পানে দেবগণ অমর হইলেও দুঃখ যন্ত্রণার হস্ত হইতে নিস্তার পান না, কিন্তু রাম-নামামৃত পানে মানবের চিরদিনের জন্য ত্রিবিধ দুঃখের আত্যন্তিক শান্তি হয় এবং পরমানন্দ লাভ হয়।

রামেতি দ্ব্যক্ষরং নাম যে বদন্ত্যহর্নিশম্।
ন কস্যাপি ভয়ং তেষাং জীবন্মুক্তাশ্চ তে নরাঃ॥ —ঐ

'রাম' এই দ্ব্যক্ষর নাম যাঁহারা দিবানিশি কীর্ত্তন করেন তাঁহাদের কাহারও নিকট হইতে ভয় নাই ও সেই মানবগণ জীবন্মুক্ত।

তপঃ পরং কৃত যুগে ত্রেতায়াং জ্ঞানমুচ্যতে।
দ্বাপরে যজ্ঞমিত্যুচুঃ নামমেকং কলৌযুগে॥ —পরাশর।

সত্যযুগে কেবল তপস্যা, ত্রেতাযুগে জ্ঞান দ্বাপরে যজ্ঞ এবং কলিযুগে একমাত্র নামই অবলম্বনীয়।

হরি নাম পরা যে চ ঘোরে কলিযুগে নরাঃ।
তে এব কৃত কৃত্যাশ্চ ন কলির্বাধতে হি তান্॥
—বৃহন্নারদীয় পুরাণ।

ঘোর কলিযুগে যে-মানবগণ হরিনাম পরায়ণ তাঁহারাই কৃতার্থ হন এবং কলি তাঁহাদিগকে কোন উপদ্রব করিতে পারে না।

মম নামানি, লোকেঽস্মিন্ শ্রদ্ধয়া যস্তু কীর্ত্তয়েৎ।
তস্যাপরাধ কোটীস্তু ক্ষমাম্যেব ন সংশয়ঃ॥
—বিষ্ণু যামল।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এই সংসারে যে ব্যক্তি আমার নাম সকল শ্রদ্ধা সহকারে কীর্ত্তন করে তাহার কোটি অপরাধ নিশ্চয়ই ক্ষমা করি ইহাতে সংশয় নাই।

ঋগ্বেদোহি যজুর্ব্বেদঃ সামবেদোঽপ্যথর্ব্বণঃ।
অধীতাস্তেন যেনোক্তং হরিরিত্যক্ষরদ্বয়ম্॥

—বিষ্ণুধর্ম্ম।

যিনি 'হরি' এই অক্ষর দুইটি উচ্চারণ করেন ঋগ্‌বেদ যজুর্ব্বেদ সামবেদ এবং অথর্ব্ব বেদ তৎকর্ত্তৃক অধীত হইয়াছে।

বিষ্ণোরেকৈক নামানি সর্ব্ববেদাধিকং ফলম্।
তাদৃঙ্‌নাম সহস্রেণ রাম নাম সমং স্মৃতং॥ —পাদ্মে।

বিষ্ণুর এক একটি নাম উচ্চারণে সমস্ত বেদ পাঠের অধিক ফললাভ হয়—সেইরূপ সহস্রনামের তুল্য একটি 'রাম' নাম।

কুরুক্ষেত্রেণ কিন্তস্য কিং কাশ্যা পুষ্করেণ বা।
জিহ্বাগ্রে বর্ত্ততে যস্য হরিরিত্যক্ষরদ্বয়ম্॥

—স্কান্দে।

কুরুক্ষেত্রে কিংবা কাশী অথবা পুষ্করতীর্থে তাঁহার কি প্রয়োজন যাঁহার জিহ্বাগ্রে 'হরি' এই অক্ষর দুইটি নিরন্তর বর্ত্তমান থাকে।

কিং করিষ্যতি সাংখ্যেন কিং যোগৈর্নরনায়কঃ।
মুক্তিমিচ্ছসি রাজেন্দ্র কুরু গোবিন্দ কীর্ত্তনম্॥

—গারুড়ে।

হে রাজন সাংখ্যে কি করিবে, যোগেই বা কি করিবে যদি মুক্তি ইচ্ছা কর তাহা হইলে গোবিন্দের নাম কীর্ত্তন কর।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হৃদি কৃত্বা তথা কামমভীষ্টং দ্বিজপুঙ্গবাঃ।
একং নাম জপেদ্ যস্তু শতং কামানবাপ্নুয়াৎ॥
—বিষ্ণুধর্ম্মোত্তর।

হে দ্বিজশ্রেষ্ঠগণ! হৃদয়ে একটি অভীষ্ট বস্তু কামনা করিয়া যিনি একবার নাম জপ করেন তিনি শতগুণ কাম্য পদার্থ লাভ করিয়া থাকেন।

সর্ব্বমঙ্গল মঙ্গল্যমায়ুষ্যং ব্যাধিনাশনম্।
ভুক্তি মুক্তি প্রদং দিব্যং বাসুদেবস্য কীর্ত্তনম্॥
—বিষ্ণু ধর্ম্মোত্তর।

বাসুদেবের অলৌকিক নাম কীর্ত্তন সমস্ত মঙ্গলের মঙ্গল স্বরূপ, আয়ুবর্দ্ধক ব্যাধিনাশক ও ভোগ মোক্ষ প্রদান করিয়া থাকে।

কলিং সভাজয়ন্ত্যার্য্যা গুণজ্ঞাঃ সারভাগিনঃ।
যত্র সংকীর্ত্তনেনৈব সর্ব্বস্বার্থোঽপি লভ্যতে॥
—ভাঃ ১১ স্কন্ধ।

আর্য্য অর্থাৎ যাঁহারা যথেষ্ট কর্ত্তব্যের আচরণ করেন অকর্ত্তব্য করেন না, প্রকৃত আচারে অবস্থান করিয়া থাকেন সেই গুণগ্রাহী ভগবৎ সেবিগণ—যে-কলি যুগে মাত্র সঙ্কীর্ত্তনের দ্বারা সকল বাঞ্ছিত লাভ হয় সেই কলিকে সমাদর করিয়া থাকেন।

তথাচৈবোত্তমং লোকে তপঃ শ্রীহরিকীর্ত্তনম্।
কলৌযুগে বিশেষেণ বিষ্ণুপ্রীতি সমাচরেৎ॥

জগতে শ্রীহরিনাম কীর্ত্তন অতি উত্তম তপস্যা। বিষ্ণু প্রীতির জন্য কলিযুগে বিশেষ ভাবে নাম কীর্ত্তন করিবে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

স্ত্রীশূদ্র পুক্কসো বাপি যে চান্যে পাপযোনয়ঃ।
কীর্ত্তয়ন্তি হরিং ভক্ত্যা তেভ্যোঽপীহ নমো নমঃ॥

—শ্রীনারায়ণব্যূহ স্তব।

ইহলোকে স্ত্রী শূদ্র চণ্ডাল অথবা অন্য পাপযোনিগণও যদি ভক্তি সহকারে হরি নাম কীর্ত্তন করেন তাঁহাদিগকেও নমস্কার নমস্কার।

চক্রায়ুধস্য নামানি সদা সর্ব্বত্র কীর্ত্তয়েৎ।
নাশৌচং কীর্ত্তনে তস্য সপবিত্রকরো যতঃ॥

—স্কান্দে বিষ্ণু ধর্ম্মোত্তরে।

চক্রপাণি হরির নাম সকল সতত সর্ব্বত্র কীর্ত্তন করিবে, তাঁহার কীর্ত্তনে অশৌচ নাই, যেহেতু তিনি পবিত্র-কারক।

সকৃদুচ্চারিতং যস্তু হরিরিত্যক্ষরদ্বয়ম্।
বদ্ধঃ পরিকরস্তেন মোক্ষায় গমনং প্রতি॥

—স্কান্দে।

যিনি একবার 'হরি' এই অক্ষর দুইটি উচ্চারণ করেন তিনি মোক্ষপথে গমন করিবার জন্য কটিবন্ধ সংযত করিয়াছেন।

সকৃদুচ্চারয়েদ্ যস্তু নারায়ণমতন্দ্রিতঃ।
শুদ্ধান্তঃকরণো ভূত্বা নির্ব্বাণমধিগচ্ছতি॥ —পাদ্মে।

যে-অনলস ব্যক্তি 'নারায়ণ' নাম একবার উচ্চারণ করেন তিনি শুদ্ধচিত্ত হইয়া নির্ব্বাণ লাভ করিয়া থাকেন।

প্রাতর্নিশি তথা সন্ধ্যা মধ্যাহ্নাদিষু সংস্মরণ।
নারায়ণমবাপ্নোতি সদ্যঃ পাপক্ষয়ং নরঃ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রাতঃকালে রাত্রিতে সন্ধ্যায় মধ্যাহ্নকালাদিতে নারায়ণকে সম্যক্‌রূপে স্মরণ করিলে মানবের সদ্যঃ পাপ ক্ষয় হয়।

ন দেশ নিয়মোরাজন্ ন কাল নিয়মস্তথা।
বিদ্যতে নাত্র সন্দেহো বিষ্ণোর্নামানুকীর্ত্তনে॥
—বৈষ্ণব চিন্তামণি।

হে রাজন্ নিরন্তর বিষ্ণুনাম কীর্ত্তনে দেশের নিয়ম এবং কালের নিয়ম নাই—ইহা অসংশয়।

কালোঽস্তি দানে যজ্ঞে চ স্নানে কালোঽস্তি সজ্জপে।
বিষ্ণু সঙ্কীর্ত্তনে কালো নাস্ত্যত্র পৃথিবীতলে॥
—ঐ

দানে কাল আছে, যজ্ঞে ও স্নানের কালাকাল বিচার আছে কিন্তু এজগতে শ্রীভগবানের নাম সঙ্কীর্ত্তনে কালের বিচার নাই। সর্ব্বত্র সততই কীর্ত্তনীয়।

পরদাররতো বাপি পরাপকৃতিকারকঃ।
স শুদ্ধো মুক্তিমাপ্নোতি হরের্নামানুকীর্ত্তনাৎ॥
—মাৎস্যে।

পরদার রত অথবা পরের অপকারকারক-মানব সতত হরিনাম কীর্ত্তন হইতে শুদ্ধ হইয়া মুক্তি লাভ করিয়া থাকে।

সর্ব্বধর্ম্ম বহির্ভূত সর্ব্বপাপরতস্তথা।
মুচ্যতে নাত্র সন্দেহো বিষ্ণোর্নামানুকীর্ত্তনে॥
—বৈশম্পায়ন সংহিতা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সমস্ত ধর্ম্ম হইতে নিঃসারিত এবং সমুদয় পাপে আসক্ত ব্যক্তিও বিষ্ণুর নাম নিরন্তর কীর্ত্তনে মুক্ত হয়—এ বিষয়ে সংশয় নাই।

প্রাণপ্রয়াণপাথেয়ং সংসার ব্যাধিভেষজম্।
দুঃখশোক পরিত্রাণ হরিরিত্যক্ষরদ্বয়ম্॥

—ভারত বিভাগ।

'হরি' এই অক্ষর দুইটি দেহ হইতে প্রাণের প্রস্থানসময়ে পথের সম্বল, সংসার রোগের ঔষধ ও দুঃখশোক পরিত্রাণকারী।

নব্যং নব্যং নামধেয়ং মুরারেঃ
যদ্ যচ্চৈতদ্ গেয়পীযুষপুষ্টম্।
যে গায়ন্তি ত্যক্তলজ্জাসহর্ষং।
জীবন্মুক্তাঃ সংশয়ো নাস্তি তত্র॥ —নারদীয়।

মুরারির গানযোগ্য সুধাময় নব নব নাম সকল যাঁহারা লজ্জা ত্যাগ করত আনন্দিত চিত্তে গান করেন তাঁহারা জীবন্মুক্ত। সে সম্বন্ধে সংশয় নাই।

জিহ্বাগ্রে বর্ত্ততে যস্য হরিরিত্যক্ষরদ্বয়ম্।
বিষ্ণোর্লোকমবাপ্নোতি পুনরাবৃত্তি দুর্লভম্॥

—বৃহন্নারদীয় পুরাণ।

যাঁহার জিহ্বাগ্রে 'হরি' এই অক্ষর দুইটি বিদ্যমান্ থাকে তিনি পুনরাবৃত্তিশূন্য-বিষ্ণুলোক প্রাপ্ত হন।

যত্র যত্র স্থিতো বাপি কৃষ্ণ কৃষ্ণেতি কীর্ত্তয়েৎ।
সর্ব্বপাপ বিশুদ্ধাত্মা স গচ্ছেৎ পরমাং গতিম্॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যেখানে অথবা যে বিষয়ে ও অবস্থিত হইয়া যিনি কৃষ্ণ কৃষ্ণ এই নাম কীর্ত্তন করেন তিনি সর্ব্বপাপ হইতে বিশুদ্ধচিত্ত হইয়া পরমার্গ অর্থাৎ ভগবৎ প্রেম লাভ করিয়া থাকেন।

বাসুদেবস্য সংকীর্ত্ত্যা সুরাপো ব্যধিতোঽপিবা।
মুক্তো জায়েত নিয়তং মহাবিষ্ণুঃ প্রসীদতি॥

বাসুদেবের নাম কীর্ত্তনের দ্বারা সুরাপায়ী অথবা রোগগ্রস্ত ব্যক্তি ও নিশ্চয় মুক্ত হয় এবং মহাবিষ্ণু প্রসন্ন হন।

এতদেব পরং জ্ঞানমেতদেব পরং তপঃ।
এতদেব পরং তত্ত্বং বাসুদেবস্য কীর্ত্তনম্॥

—বিষ্ণু ধর্ম্মোত্তর বিষ্ণুরহস্য।

বাসুদেব নাম কীর্ত্তন ইহাই পরম জ্ঞান, ইহাই শ্রেষ্ঠ তপস্যা, ইহাই প্রধান তত্ত্ব।

গীত্বা চ মম নামানি নর্ত্তয়েৎ মম সন্নিধৌ।
ইদং ব্রবীমি তে সত্যং ক্রীতোঽহং তেন চার্জ্জুন॥

—আদি পুরাণ।

হে অর্জ্জুন যাহারা আমার নাম গান করিয়া আমার নিকটে নৃত্য করে তোমায় সত্য করিয়া বলিতেছি তাহাদের দ্বারা আমি ক্রীত হই।

গীত্বা চ মম নামানি রুদন্তি মম সন্নিধৌ।
তেষামেব পরিক্রীতো নান্য ক্রীতো জনার্দ্দনঃ॥ —ঐ

যাহারা আমার নাম গান করত আমার সমীপে রোদন করে আমি তাহাদের দ্বারা সর্ব্বতোভাবে ক্রীত হই, জনার্দ্দনকে অন্য কেহ ক্রয় করিতে পারেনা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গীত্বা চ মম নামানি যে পঠন্তি নরা ভুবি।
তেষামপি পরিক্রীতো নান্য ক্রীতো জনার্দ্দন ॥

—আদি পুরাণ।

এই সংসারে যে-নরগণ আমার নাম গান পূর্ব্বক পাঠ করে তাহাদের ও আমি সর্ব্বতোভাবে ক্রীত হই—জনার্দ্দন অন্যের দ্বারা ক্রীত হয় না।

জিতন্তেন জিতন্তেন জিতন্তেনেতি নিশ্চিতম্।
জিহ্বাগ্রে বর্ত্ততে যস্য হরিরিত্যক্ষর দ্বয়ং ॥

—বিষ্ণুধর্ম্ম।

যাঁহার জিহ্বাগ্রে হরি এই অক্ষর দুইটি বিদ্যমান থাকে তাঁহার দ্বারা ভূত ভবিষ্যৎ বর্ত্তমান, স্থূল সূক্ষ্ম কারণ, আধ্যাত্মিক আধিদৈবিক আধিভৌতিক দুঃখত্রয়, সত্ত্ব রজঃ তমঃ ত্রিগুণ, ইহলোক পরলোক ব্রহ্মলোক ইত্যাদি জয় করা হইয়াছে।

ইদমেব হি মাঙ্গল্যমেতদেব ধনার্জ্জনং।
জীবিতস্য ফলঞ্চৈতদ্ যদ্দামোদর কীর্ত্তনম্॥ —স্কান্দে।

ইহাই মঙ্গলজনক ইহাই ধনোপার্জ্জন ইহাই জীবনের ফল—দামোদরের নাম কীর্ত্তন।

অনন্যগতয়ো মর্ত্ত্যা ভোগিনোঽপি পরন্তপাঃ।
জ্ঞান বৈরাগ্য রহিতা ব্রহ্মচর্য্যাদি বর্জ্জিতাঃ।
সর্ব্বধর্ম্মোজ্ ঝিতা বিষ্ণোর্নাম মাত্রৈক জল্পকাঃ।
সুখেন যাং গতিং যান্তি ন তাং সর্ব্বেঽপি ধার্ম্মিকাঃ ॥

—পাদ্মে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অন্য উপায়হীন, ভোগী, পরপীড়ক, জ্ঞান ও বৈরাগ্যবিহীন, ব্রহ্মচর্য্যাদি বিরহিত, সমস্ত ধর্ম্মত্যাগী কেবলমাত্র বিষ্ণুনাম জপকারী— এরূপ মানবগণ সুখে যে গতি আশ্রয় অথবা জ্ঞান লাভ করে সমুদয় ধার্ম্মিকগণ ও তাহা প্রাপ্ত হন না।

নারায়ণ জগন্নাথ বাসুদেব জগন্ময়ঃ।
ইতীরয়ন্তি যে নিত্যং তে বৈ সর্ব্বত্র বন্দিতাঃ॥

—বৃহন্নারদীয় পুরাণ।

হে নারায়ণ হে জগন্নাথ হে বাসুদেব হে জগন্ময়, যাঁহারা নিত্য এই মধুর নাম সকল কীর্ত্তন করেন তাঁহারা নিশ্চিতই সর্ব্বত্র পূজিত হন।

মধুর মধুর মেতন্মঙ্গল মঙ্গলানাং
সকল নিগম বল্লী সৎ ফলং চিৎস্বরূপম্।
সকৃদপি পরিগীতং হেলয়া শ্রদ্ধয়া বা
ভৃগুবর নরমাত্রং তারয়েৎ কৃষ্ণ নাম॥ —প্রভাস খণ্ড।

এই নাম মধুর হইতেও মধুরতম, মঙ্গলের ও মঙ্গল, সকল বেদলতার চৈতন্যস্বরূপ নিত্য ফল; হেলা অথবা শ্রদ্ধা করিয়া একবার ও সর্ব্বতোভাবে গীত হইলে হে ভৃগুশ্রেষ্ঠ যে-কোন মানবকেই কৃষ্ণ নাম সংসার সাগর হইতে উত্তীর্ণ করেন।

সকৃদুচ্চারয়ন্ত্যেব হরের্নাম চিদাত্মকম্।
ফলং নাস্য ক্ষমো বক্তুং সহস্রবদনো বিধিঃ॥

—বৃহন্নারদীয়।

চিন্ময় হরি নাম একবার উচ্চারণের ফল সহস্র বদনে ব্রহ্মা বলিতে সক্ষম হন না।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নাহং দানৈ র্ন তপসা নেজ্যয়া নাপি তীর্থতঃ।
সন্তুষ্যামি দ্বিজ শ্রেষ্ঠ যথা নাম্নাং প্রকীর্ত্তনাৎ॥
গানেন নাম গুণয়োর্মম সাযুজ্যমাপ্নুয়াৎ॥

—অদ্ভুত রামায়ণ ৬ সর্গ।

হে দ্বিজশ্রেষ্ঠ মদীয় নাম কীর্ত্তনে আমি যেরূপ সন্তোষ লাভ করি দান তপস্যা যজ্ঞ তীর্থ সেবার দ্বারা আমার তাদৃশ সন্তুষ্টি হয় না। মানব মদীয় নাম ও গুণগানের দ্বারা আমার সাযুজ্য লাভে সমর্থ হয়।

জ্ঞানানাং পরমং জ্ঞানং ধ্যানানাং পরমোলয়ঃ।
যোগানাং পরমো যোগো রামনামানুকীর্ত্তনম্॥
অয়মেব পরো লাভঃ সর্ব্বেষাং জগতী তলে।
নাম ব্যাহরণং নিত্যং শ্রীরামস্য সনাতনঃ॥

—শাতাতপ স্মৃতি।

জ্ঞান সকলের মধ্যে পরম জ্ঞান, ধ্যানের মধ্যে শ্রেষ্ঠ লয়, যোগের মধ্যে পরম যোগ—নিরন্তর রাম নাম কীর্ত্তন। সংসারে সকলের ইহাই উত্তম লাভ—নিত্য শ্রীরামের নাম উচ্চারণ।

জপতঃ সর্ব্ববেদাংশ্চ সর্ব্বমন্ত্রাংশ্চ পার্ব্বতি।
তস্মাৎ কোটি গুণং পুণ্যং রাম নাম্নৈব জায়তে॥
প্রাণপ্রয়াণ সময়ে রাম নাম সকৃৎ স্মরেৎ।
স ভিত্বা মণ্ডলং ভানোঃ পরং ধামাভিগচ্ছতি॥

—পদ্মপুরাণ।

হে পার্ব্বতি সর্ব্ববেদ পাঠ ও সমস্ত মন্ত্র জপ হইতে কোটি গুণ পুণ্য রাম নামের দ্বারাই হইয়া থাকে, যে নর প্রাণপ্রয়াণ কালে একবার

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

রাম নাম স্মরণ করে সে ব্যক্তি সূর্য্যমণ্ডল ভেদ করিয়া পরম ধামে গমন করিয়া থাকে।

বেদানাং সার সিদ্ধান্তং সর্ব্ব সৌখ্যৈক কারণম্।
রাম নাম পরং ব্রহ্ম সর্ব্বেষাং প্রেমদায়কং॥
তস্মাৎ সর্ব্বাত্মনা রামনাম মাঙ্গল্য কারণম্।
ভজত্বং সাবধানেন ত্যক্ত্বা সর্ব্বদুরাগ্রহান॥

—মার্কণ্ডেয় পুরাণ।

চতুর্ব্বেদের সার সিদ্ধান্ত এই—সমস্ত সুখের একমাত্র কারণ সকলের প্রেমদায়ক পরব্রহ্ম রাম নাম। সেই হেতু অশেষ দুষ্টঅধ্যবসায় ত্যাগ করত সর্ব্বান্তঃকরণে সাবধানের সহিত মঙ্গল কারণ রাম নাম ভজনা কর।

রাম নাম সমং চান্যৎ সাধনং প্রবদন্তি যে।
তে চণ্ডাল সমাঃ সর্ব্বে সদা রৌরববাসিনঃ॥

—ব্রহ্মবৈবর্ত্ত।

যাহারা অন্য সাধনকে রাম নামের সমান বলে তাহারা সকলে চণ্ডাল তুল্য; দেহান্তে নিয়ত রৌরব নরকে বাস করে।

ধ্যেয়ং গেয়ং পরং সেব্যং রাম নামাক্ষরমুনে।
সর্ব্ব সিদ্ধান্ত সারং হি সৌখ্যসৌভাগ্য কারণম্॥

—মৎস্যপুরাণ।

হে মুনে সর্ব্ব সিদ্ধান্তসার নিশ্চয় সুখ ও সৌভাগ্যের কারণ ধ্যান-যোগ্য জ্ঞাতব্য এবং প্রধান সেবনীয় রাম নাম অক্ষরদ্বয়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীরাম রাম রামেতি যে বদন্ত্যপিপাপিনঃ।
পাপকোটি সহস্রেভ্য স্তেষাং সন্তরণং ধ্রুবম্ ॥

—গরুড়পুরাণ।

শ্রীরাম রাম রাম রাম এই নাম পাপিগণ ও যদি উচ্চারণ করে তাহা হইলে কোটি সহস্র পাপ হইতে নিশ্চয় তাহারা উত্তীর্ণ হয়।

কলৌ সংকীর্ত্তনাদেব সর্ব্বপাপং ব্যপোহতি।
তস্মাচ্ছ্রীরামনাম্নস্তু কার্য্যং সঙ্কীর্ত্তনং বরং ॥ —ঐ

কলিযুগে নাম সংকীর্ত্তনের দ্বারাই সমস্ত পাপ নষ্ট হয় সেই হেতু শ্রীরাম নাম সঙ্কীর্ত্তনই শ্রেষ্ঠ কার্য্য।

রামনাম প্রভা দিব্যা বেদ বেদান্ত পারগাঃ।
যেষাং চিত্তে সদা ভান্তি তে পূজ্যা ভুবনত্রয়ে ॥

—ব্রহ্মাণ্ড পুরাণ।

বেদবেদান্ত পারগামিনী অলৌকিকী রাম নাম প্রভা যাঁহাদের চিত্তে সতত আলোকিত করিয়া আছেন তাঁহারা স্বর্গ মর্ত্ত্য ও পাতালে পূজনীয়।

অহং ভবন্নাম গৃণন্ কৃতার্থো বসামি কাশ্যাং সহিতো ভবান্যা।
মুমূর্ষু মানস্য বিমুক্তয়েঽহং দিশামি মন্ত্রং তব রাম নাম ॥

—অধ্যাত্ম রামায়ণ।

আমি তোমার নাম গ্রহণে কৃতার্থ হইয়া ভবানীর সহিত কাশীধামে বাস করি এবং মুমূর্ষুগণের বিশেষরূপে মুক্তির জন্য তোমার রাম নাম মন্ত্র দান করি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ধ্যানেনেষ্ট্যা পূজনেন যৎ ফলং লভ্যতে জনৈঃ।
কৃতাদিষু কলৌ তদ্ বৈ কীর্ত্তনাদিষু লভ্যতে॥
—সাত্বত তন্ত্র, ৫ম পটল।

সত্যাদি যুগে ধ্যান যজ্ঞ পূজাদির দ্বারা জনগণ যে-ফল লাভ করে কলিযুগে কীর্ত্তনাদিতে তাহাই লাভ করিয়া থাকে।

কৃতাদাবপি যে জীবাঃ ন মুক্তা নিজ ধর্ম্মতঃ।
তেঽপি মুক্তিং প্রযাস্যন্তি কলৌ কীর্ত্তন মাত্রতঃ॥ ...ঐ

সত্য ত্রেতা দ্বাপর যুগে যে-জীবগণ স্ব স্ব ধর্ম্মানুষ্ঠানের দ্বারা মুক্তি লাভে সমর্থ হয় না তাহারা ও কলিযুগে কেবলমাত্র নাম কীর্ত্তনের দ্বারা মোক্ষলাভ করিয়া থাকে।

কলের্দোষ সমুদ্রস্য গুণ একো মহান্ যতঃ।
নাম্নাং সংকীর্ত্তনেনৈব চাতুর্ব্বর্গ্যং জনোঽশ্নুতে॥ ঐ

দোষের সাগর কলিযুগের এই একটি মহান গুণ যে নাম সংকীর্ত্তনের দ্বারাই মানব ধর্ম্ম অর্থ কাম ও মোক্ষ লাভ করে।

তস্মাৎ কলিযুগে বিষ্ণোর্নাম্ন কীর্ত্তনমুত্তমং।
সাধনং ভক্তি নিষ্ঠানাং সাধ্যং চৈব প্রকীর্ত্তিতম্॥ ...ঐ

সেইজন্য কলিযুগে বিষ্ণুর চিন্ময় নাম কীর্ত্তন ভক্তিপরায়ণগণের সাধন এবং সাধ্য অর্থাৎ জ্ঞেয় বলিয়া কথিত হয়। সাধনাবস্থায় চিদানন্দ-ঘন হরি নাম সাধন এবং মুক্তাবস্থায় সাধ্য।

যেন কেনাপিভাবেন কীর্ত্তয়ন্ সততং হরিম্।
হিত্বা পাপং গতিং যান্তি কিমুত শ্রদ্ধয়া গৃণন্॥ ঐ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মানব যে কোন প্রকারে সতত হরিনাম কীর্ত্তন করিলে পাপশূন্য হইয়া উত্তম গতি প্রাপ্ত হয়, তখন শ্রদ্ধার সহিত নাম কথনে যে মুক্তি লাভ করে—তাহাতে সন্দেহ কি।

কলৌ নাম পরা এব সততং দ্বিজসত্তম।
উক্তা মহাভাগবতা ভগবৎপ্রিয়কারিণঃ॥ ঐ

হে দ্বিজশ্রেষ্ঠ কলিযুগে সতত নাম পরায়ণগণই শ্রীভগবানের প্রিয়কারী মহাভাগবত বলিয়া কথিত হন।

তস্মাৎ সর্ব্বাত্মনা বিপ্র কুরু গোবিন্দ কীর্ত্তনম্।
শ্রদ্ধয়া সততং যুক্ত এতদেব মহাফলং॥

সাত্বত তন্ত্র, ৬ পটল।

সেই হেতু হে বিপ্র সর্ব্বান্তঃকরণে নিরন্তর শ্রদ্ধার সহিত গোবিন্দের নাম কীর্ত্তন কর—ইহাই মানব জন্মের চরম প্রয়োজন উত্তম আনন্দ।

কৃষ্ণ নাম পরামুক্তিঃ কৃষ্ণ নাম পরাগতিঃ।
কৃষ্ণ নাম পরং পুণ্যং কৃষ্ণ নাম পরং ফলম্॥

পদ্ম পুরাণ।

কৃষ্ণ নাম পরম মুক্তি কৃষ্ণ নাম শ্রেষ্ঠ আশ্রয় কৃষ্ণ নাম প্রধান পুণ্য —কৃষ্ণ নাম পরম সুখ।

কৃষ্ণ নাম পরো ধর্ম্মঃ কৃষ্ণ নাম পরং তপঃ।
কৃষ্ণ নাম পরা শান্তিঃ কৃষ্ণ নাম পরা স্তুতিঃ॥ ঐ

কৃষ্ণ নাম শ্রেষ্ঠ ধর্ম্ম, কৃষ্ণ নাম উত্তম তপস্যা, কৃষ্ণনাম পরমা শান্তি, কৃষ্ণ নাম উৎকৃষ্ট স্তব।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কৃষ্ণ নাম পরা ভক্তিঃ কৃষ্ণ নাম পরা স্মৃতিঃ।
কৃষ্ণ নাম পরং যজ্ঞং কৃষ্ণ নাম পরা মতিঃ॥

পদ্মপুরাণ।

কৃষ্ণ নাম পরাভক্তি, কৃষ্ণ নাম প্রধান স্মরণ, কৃষ্ণ নাম শ্রেষ্ঠ যজ্ঞ, কৃষ্ণ নাম উত্তম বুদ্ধি।

কৃষ্ণ নাম পরং জ্ঞানং কৃষ্ণ নাম পরা স্মৃতিঃ।
কৃষ্ণ নাম পরং দানং কৃষ্ণ নাম জগৎ প্রিয়ম্॥ ঐ

কৃষ্ণ নাম প্রধান জ্ঞান, কৃষ্ণ নাম উত্তম স্মৃতি, কৃষ্ণ নাম শ্রেষ্ঠ দান কৃষ্ণ নাম জগতের রমণীয়।

কৃষ্ণ নাম জগজ্জন্ম যৎ কিঞ্চিৎ সচরাচরম্।
ধার্য্যতে পাল্যতে বিশ্বং কৃষ্ণ নাম্না প্রলীয়তে। ঐ

এই সমস্ত স্থাবর জঙ্গমাত্মক জগতের কৃষ্ণ নাম হইতে উৎপত্তি কৃষ্ণ নামের দ্বারা বিশ্ব ধৃত আছে এবং পালিত হয়, শেষে কৃষ্ণ নামে প্রলীন হইয়া থাকে।

হরিনাম রতো ভূত্বা সর্ব্বকর্ম্ম পরিত্যজেৎ।
স সর্ব্বপাপান্ মুক্তো যঃ পদ্মং হিত্বোদকং যথা॥

—পাদ্মে উত্তরখণ্ডে।

যে মানব হরি নামে রত হইয়া সমস্ত কর্ম্ম পরিত্যাগ করেন তিনি যেরূপ জল ত্যাগ করিয়া পদ্ম উত্থিত হয় তদ্রূপ সমস্ত পাপ হইতে মুক্ত হন।

হরি নাম সদা গীত্বা বিচরন্তি মহীতলে।
ন প্রাপ্নুবন্তি তদ্ ভাগ্যং দেবা ইন্দ্রাদয়োঽপরে॥ —ঐ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যাঁহারা সর্ব্বদা হরি নাম গান করিয়া ধরাতলে বিচরণ করেন সেইরূপ ভাগ্য ইন্দ্রাদি দেবগণ অথবা অপর কেহ প্রাপ্ত হন না।

হরিনাম ব্রতং যস্য হরিনাম চ যত্তপঃ।
স্বয়ং ভবার্ণব ত্রাতা গোবিন্দ মুনিপুঙ্গব॥

—ঐ

হে মুনিশ্রেষ্ঠ! যাঁহার হরিনাম ব্রত এবং হরি নাম যাঁহার তপস্যা স্বয়ং গোবিন্দ ভবসাগর হইতে তাঁহাকে ত্রাণ করেন।

শ্রদ্ধয়া বিরতং কৃষ্ণ নামগান রতো জনঃ।
কুর্য্যাৎ সদৈব সর্ব্বত্র তচ্চিন্তাং কৃপয়াচ্যুতঃ॥ —ঐ

গীতানুরক্ত ব্যক্তি সর্ব্বত্র শ্রদ্ধার সহিত নিরন্তর কৃষ্ণনাম কীর্ত্তন করিবে—অচ্যুত কৃপাপূর্ব্বক সর্ব্বদা তাঁহার চিন্তা করেন।

কুর্ব্বন্ বা কারয়েদ্ বাপি অহোরাত্রঞ্চ বৈ প্রিয়ে।
নীত্বাকুল সহস্রাণি মামাপ্নোত্যেব তত্ত্বতঃ॥

হে প্রিয়ে যে-নর অহোরাত্র নাম কীর্ত্তন করে অথবা করায় সে সহস্র কুলের সহিত যথার্থতঃ আমাকে প্রাপ্ত হয়।

যে নাম যুক্তা বিচরন্তি ভূমৌ
ত্যক্ত্বা চ কামান বিষয়াংশ্চ ভোগান্।
তেষাঞ্চ মুক্তিং পরমাঞ্চ নিষ্ঠাং
দাস্যামি সত্যং মনসা নিযুক্তাঃ॥

যে নামাসক্তগণ মনের দ্বারা নিয়োজিত হইয়া কাম সকল, বিষয় ও ভোগ সমূহ ত্যাগ করত জগতে বিচরণ করে তাহাদিগকে মুক্তি এবং পরম নিষ্ঠা অর্থাৎ প্রেম ভক্তি সত্যই আমি দান করি।

৩

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হরে রাম হরে রাম রাম রাম হরে হরে।
যে রটন্তি হীদং নাম সর্ব্বং পাপ তরন্তিতে॥

—ব্রহ্মাণ্ড পুরাণ।

হরে রাম হরে রাম রাম রাম হরে হরে—যাহারা এই নাম ঘোষণা করেন তাঁহারা নিশ্চয়ই সমস্ত পাপ হইতে উত্তীর্ণ হন।

হরে কৃষ্ণ হরে কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ হরে হরে
রটন্তি হেলয়া বাপি তে কৃতার্থাঃ নসংশয়॥

—অগ্নিপুরাণ।

হরে কৃষ্ণ হরে কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ হরে হরে—যাঁহারা হেলা করিয়াও এ নাম ঘোষণা করেন তাঁহারা চরিতার্থ হন এ সম্বন্ধে কোন সংশয় নাই।

[চতুর্যুগের তারকব্রহ্ম নাম]

—সত্যযুগে—

নারায়ণ পরাবেদা নারায়ণ পরাক্ষরা।
নারায়ণ পরামুক্তির্নারায়ণ পরা গতিঃ॥

—ত্রেতাযুগে—

রাম নারায়ণানন্ত মুকুন্দ মধুসূদন।
কৃষ্ণ কেশব কংসারে হরে বৈকুণ্ঠ বামন॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

—দ্বাপর যুগে—

হরে মুরারে মধুকৈটভারে গোপাল গোবিন্দ মুকুন্দ শৌরে।
যজ্ঞেশ নারায়ণ কৃষ্ণ বিষ্ণো নিরাশ্রয়ং মাং জগদীশ রক্ষ॥

—কলিযুগে—

হরে কৃষ্ণ হরে কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ হরে হরে।
হরে রাম হরে রাম রাম রাম হরে হরে॥

— ০ —

—রাধাতন্ত্র—

হরে কৃষ্ণ হরে কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ হরে হরে।
হরে রাম হরে রাম রাম রাম হরে হরে॥

রাধা তন্ত্রে দ্বিতীয় পটলে কথিত হইয়াছে—কঠোর তপঃ পরায়ণ বাসুদেবের নিকট ত্রিপুরাদেবী আবির্ভূতা হইয়া বলিয়াছিলেন—

শৃণু তত্ত্বং সুতশ্রেষ্ঠ দীক্ষায়া আনুপূর্ব্বিকং
দশ বর্ষে তু সংপ্রাপ্তে দ্বাদশাভ্যন্তরে সুত॥
শৃণুয়াদ্ধরি নামানি ষোড়শানি পৃথক পৃথক।
হরিনাম্না বিনা পুত্র কর্ণশুদ্ধির্ন জায়তে॥

হে পুত্রশ্রেষ্ঠ। দীক্ষার যথাক্রম তত্ত্ব শ্রবণ কর—দশ বর্ষের পর দ্বাদশবর্ষের মধ্যে পৃথক পৃথক ষোড়শটি হরি নাম শ্রবণ করিবে, হে বৎস! হরি নাম ভিন্ন কর্ণ শুদ্ধি হয় না।

বাসুদেব উবাচ

শৃণু মাতর্মহামায়ে বিশ্ববীজ স্বরূপিণি।
হরি নাম্নো মহামায়ে ক্রমং বদ সুরেশ্বরি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হে মাতঃ বিশ্ববীজ স্বরূপিণি! মহামায়ে সুরেশ্বরি! হরিনামের ক্রম কি তাহা বলুন।

দেবী বলিলেন—

হরে কৃষ্ণ হরে কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ হরে হরে।
হরে রাম হরে রাম রাম রাম হরে হরে ॥
শৃণু চ্ছন্দ সুতশ্রেষ্ঠ হরিনাম্নঃ সদৈব হি।
ছন্দো হি পরমং গুহ্যো মহৎপদ মনব্যয়ং ॥
সর্ব্বশক্তি ময়ং মন্ত্রং হরিমাম তপোধন।
হরিনাম্নোহি মন্ত্রস্য বাসুদেব ঋষিঃ স্মৃতঃ ॥
গায়ত্রী ছন্দ ইত্যুক্তং ত্রিপুরা দেবতা মতা।
মহাবিদ্যা সুসিদ্ধ্যর্থং বিনিয়োগঃ প্রকীর্ত্তিতঃ ॥
এতন্মন্ত্রং সুতশ্রেষ্ঠ প্রথমং শৃণুয়ান্নরঃ।
শ্রুত্বা দ্বিজ মুখাৎ পুত্র দক্ষ কর্ণে তপোধন ॥
আদৌচ্ছন্দ স্ততো মন্ত্রং শ্রুত্বা শুদ্ধো ভবেন্নরঃ।
দ্বাদশাভ্যন্তরে শ্রুত্বা কর্ণশুদ্ধি মবাপ্নুয়াৎ ॥
কর্ণশুদ্ধিং বিনা পুত্র মহাবিদ্যামুপাস্য চ।
নারী বা পুরুষো বাপি তৎক্ষণাৎ নারকী ভবেৎ ॥

দেবী বলিলেন—হরে কৃষ্ণ হরে কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ হরে হরে
হরে রাম হরে রাম রাম রাম হরে হরে ॥

কলিযুগে এই দ্বাত্রিংশদক্ষর নাম সর্ব্বদা জপ্য। হে পুত্রশ্রেষ্ঠ হরিনামের ছন্দ শ্রবণ কর, ছন্দই পরম গুহ্য। হরিনাম মন্ত্রের ঋষি বাসুদেব, গায়ত্রী ছন্দ, ত্রিপুরা দেবতা, মহাবিদ্যা সুসিদ্ধির জন্য

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বিনিয়োগ। হে সুতশ্রেষ্ঠ! মানব এই মন্ত্র প্রথম শুনিবে, দ্বিজমুখে প্রথমে ছন্দ তারপর মন্ত্র দক্ষিণ কর্ণে শ্রবণ করিয়া মানুষ শুদ্ধ হয়। কর্ণশুদ্ধি ভিন্ন নরনারী যে কেহ মহাবিদ্যার উপাসনা করিবে তৎক্ষণাৎ নারকী হইবে। অনন্তর ষোড়শ বর্ষ প্রাপ্ত হইলে কুলাচার পরায়ণ ব্রাহ্মণের মুখ হইতে নিত্য শুদ্ধা ব্রহ্ম স্বরূপিণী মহাবিদ্যা শ্রবণ করত সাক্ষাৎ ব্রহ্মময় হয়। হে তপোধন যে-ব্যক্তি শিবোক্ত কুল রহস্য করে তাহার বিদ্যা সিদ্ধি হয়, অষ্টৈশ্বর্য্য প্রাপ্তি হইয়া থাকে। হে পুত্র! রহস্য-রহিত তোমার তপস্যা কেবল শ্রম মাত্র। রহস্যবর্জ্জিত বিদ্যা কখন জপ করিবে না। ইহাই হরিনামের পরম রহস্য অর্থাৎ গোপনীয় কথা।

হকারস্তু সুতশ্রেষ্ঠ শিবঃ সাক্ষান্নসংশয়ঃ।
রেফস্তু ত্রিপুরা দেবী দশমূর্ত্তিময়ী সদা॥
একারঞ্চ ভগং বিদ্যাৎ সাক্ষাৎ যোনিং তপোধন।
হকারঃ শূণ্যরূপী চ রেফো বিগ্রহ ধারকঃ॥
হরেস্তু ত্রিপুরা সাক্ষান্মম মূর্ত্তি র্ন সংশয়ঃ।
ককারঃ কামদা কাম রূপিণী স্ফুরদব্যয়া।
ঋকারস্তু সুতশ্রেষ্ঠ শ্রেষ্ঠাশক্তি রিতীরিতা।
ককারঞ্চ ঋকারঞ্চ কামিনী বৈষ্ণবী কলা॥
ষকারশ্চন্দ্রমা দেবঃ কলা ষোড়শ সংযুতঃ।
ণ কারশ্চ সুতশ্রেষ্ঠ সাক্ষান্নিবৃতিরূপিণী॥
দ্বয়োরৈক্যং তপঃশ্রেষ্ঠ সাক্ষাত্রিপুরাভৈরবী।
কৃষ্ণ কৃষ্ণ সুতশ্রেষ্ঠ মহামায়া জগন্ময়ী॥
হরে হরে ততো দেবী শিবশক্তি স্বরূপিণী।
হরেরামেতি চ পদং সাক্ষাজ্জ্যোতির্ম্ময়ী পরা॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

রেফস্তু ত্রিপুরা সাক্ষাদানন্দা মৃত সংযুতা।
মকারস্তু মহামায়া নিত্যাতু রুদ্ররূপিনী ॥
বিসর্গস্তু সুত শ্রেষ্ঠ সাক্ষাৎ কুণ্ডলিনী পরা।
রাম রামেতি চ পদং শিবশক্তি স্বয়ং সুত ॥

হরে হরেঽপি চ পদং শক্তি দ্বয় সমন্বিতম্।
আদ্যন্তে প্রণবং দত্বা যো জপেদ্ দশধা দ্বিজ ॥
ভবেৎ সুতবর শ্রেষ্ঠ মহাবিদ্যাসু সুন্দর।
এষা দীক্ষা পরা জ্ঞেয়া জ্যৈষ্ঠাশক্তি সমন্বিতা ॥

হরিনাম সুত শ্রেষ্ঠ জ্যেষ্ঠাতু বৈষ্ণবী স্বয়ং।
বিনা শ্রী বৈষ্ণবীং দীক্ষাং প্রসাদং সদ্‌গুরোর্বিনা ॥
কোটীবর্ষ সমাদায় রৌরবং নরকং ব্রজেৎ।
এবং ষোড়শনামানি দ্বাত্রিংশদক্ষরাণি চ ॥

আদ্যন্তে প্রণবং দত্বা চতুস্ত্রিংশদনুত্তমম্।
হরিনাম্না বিনাপুত্র দীক্ষা চ বিফলা ভবেৎ ॥
কুলদেব মুখাৎশ্রুত্বা হরি নাম পরাক্ষরং।
ব্রাহ্মণ ক্ষত্রবিট্ শূদ্রাঃ শ্রুত্বা নাম পরাক্ষরং।
দীক্ষাং কুর্য্যুঃ সুতশ্রষ্ঠ নাম মহাবিদ্যাসু সুন্দরঃ ॥
হরিনামাথ দীক্ষাং বা যদি শূদ্রমুখাৎ প্রিয়ে ॥
আকুলাদ যস্তু গৃহ্নীয়াৎ তস্য পাপ ফলং শৃণু।
শ্রুত্বা শূদ্রোঽপি শূদ্রাণ্যা বিদ্যাং বা মন্ত্রমুত্তমম্ ॥
কোটি বর্ষান্ সমাদায় রৌরবং প্রতিগচ্ছতি।
অপি দাতৃ গ্রহীতোর্ব্বা দ্বয়োরেব সমং ফলং ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ব্রহ্মহত্যামবাপ্নোতি প্রত্যক্ষরমিতীরিতং।
শৃণুপুত্র বাসুদেব প্রসঙ্গাদ্ বচনং মম ॥

——ইতি বাসুদেব রহস্যে রাধাতন্ত্রে ২য় পটলঃ।

হে পুত্রশ্রেষ্ঠ! হকার সাক্ষাৎ শিব এ সম্বন্ধে সন্দেহ নাই। রেফ্ দশমূর্ত্তিময়ী ত্রিপুরা দেবী এবং একারকে ভগ (অর্থাৎ সমগ্র ঐশ্বর্য্য বীর্য্য যশঃ শ্রী জ্ঞান বৈরাগ্য) সাক্ষাৎ কারণ বলিয়া জানিবে। হ-কার শূন্যরূপী অর্থাৎ নির্গুণ ব্রহ্ম, র কার সগুণ ব্রহ্ম, হরে আমার মূর্ত্তি সাক্ষাৎ ত্রিপুরা ইহাতে সংশয় নাই। ক কার কে কামদায়িনী কাম-রূপিনী অব্যয়া জ্যোতির্ম্ময়ী বলিয়া জানিবে। হে সুতশ্রেষ্ঠ ঋকার শ্রেষ্ঠা শক্তি বলিয়া কথিত হয়, ক কার ও ঋ কারকে কামিনী বৈষ্ণবী কলা অর্থাৎ অংশ বলিয়া অবগত হইবে। ষ কার অমৃতা মানদা পূষা তুষ্টি পুষ্টি রতি ধৃতি শশিনী চন্দ্রিকা কান্তি জ্যোৎস্না শ্রী প্রীতি অঙ্গদা পূর্ণা মৃতা—এই ষোড়শ কলা সংযুক্ত শশধর। হে সুত! ণ কার সাক্ষাৎ অভয় মুক্তি শান্তি রূপিণী দুইটির ঐক্য 'ষ্ণ' সাক্ষাৎ ত্রিপুরা ভৈরবী।

'কৃষ্ণ কৃষ্ণ' জগন্ময়ী মহামায়া, 'হরে হরে' শিবশক্তি স্বরূপা, 'হরে রাম' এই পদ সাক্ষাৎ পরম জ্যোতির্ম্ময়ী এবং র কার আনন্দামৃত সংযুক্তা সাক্ষাৎ ত্রিপুরা ও ম কার মহামায়া নিত্য রুদ্ররূপিনী অর্থাৎ নাদ স্বরূপা। বিসর্গ সাক্ষাৎ পরমা কুণ্ডলিনী, 'রাম রাম' পদদ্বয় স্বয়ং শিবশক্তি আর 'হরে হরে' পদ দুইটি শক্তি যুগলযুক্ত। আদ্যন্তে প্রণব দিয়া যে ব্রাহ্মণ দশবার জপ করে সে মহাবিদায় সুন্দর হয়। জ্যেষ্ঠা শক্তি সমন্বিতা এই দীক্ষা প্রধানা জানিবে। হে সুতশ্রেষ্ঠ হরিনাম অগ্রজা স্বয়ং বৈষ্ণবী। সদ্গুরু প্রসন্নতা ও বৈষ্ণবী দীক্ষা বিনা কোটিবর্ষ নরকে গমন করে। এই ষোড়শ নাম দ্বাত্রিংশৎ অক্ষর

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আদ্যন্তে প্রণব দিয়া চতুস্ত্রিংশৎ অক্ষর উত্তম মন্ত্র—হরিনাম ভিন্ন দীক্ষা বিফল হয়। কুলদেবের মুখে হরিনাম পরমাক্ষর শ্রবণ করিবে। ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্য শূদ্র পরম অব্যয় হরিনাম শ্রবণান্তর দীক্ষা গ্রহণ করিবে। তাহা হইলে মহাবিদ্যা-সকলে যোগ্য অধিকারী হইবে। শিব বলিতেছেন—হে প্রিয়ে! অনন্তর হরিনাম অথবা দীক্ষা অস্থির চিত্ত হেতু যদি শূদ্র মুখে গ্রহণ করে তাহার পাপফল শ্রবণ কর। যদি শূদ্র ও শূদ্রানীর মুখে বিদ্যা অথবা উত্তম মন্ত্র গ্রহণ করে—কোটি-বর্ষকাল নরকে অবস্থান করে। দাতা এবং গ্রহীতা উভয়ের সমফল —প্রতি অক্ষরে ব্রহ্মহত্যা-পাপ প্রাপ্ত হইয়া থাকে।

শ্রীরাধাকৃষ্ণচরিতধৃত রাধাহৃদয় ব্রহ্মাণ্ড পুরাণ—

গোকুলে সর্ব্বগোপগণের ঈশ্বর বৃষভানু নামে সকল গুণসম্পন্ন রাজা ছিলেন। তিনি বাজপেয় অশ্বমেধাদি বহু যজ্ঞ করত ব্রাহ্মণ-গণকে প্রচুর দক্ষিণা দান করিয়াছিলেন। তাঁহার পত্নীর নাম কীর্ত্তিদা ও কলাবতী। তাঁহাদের গর্ভে কোন সন্তান উৎপন্ন না হওয়ায় দম্পতি অত্যন্ত দুঃখিত হইয়া তীর্থ ভ্রমণে বহির্গত হন এবং বিন্দু-সরোবর মানসসরোবর গঙ্গা পুরুষোত্তম ইত্যাদি অনেক তীর্থ ভ্রমণ-অন্তে রাজ্যে আসিয়া পুত্র কামনায় ব্রহ্মাদি মুণিগণের দ্বারা বৃষভানু হয়মেধ অজমেধ তপ্ততন্তু প্রভৃতি যজ্ঞের দ্বারা পরমেশ্বরকে অর্চ্চনা করিয়াও পুত্রলাভে বঞ্চিত হইয়া, একদা শোকপরিপ্লুত-চিত্তে মূর্চ্ছিত হইলে তৎপত্নী কলাবতী তাঁহার চৈতন্য সম্পাদন করত বলিলেন—নাথ! অনিত্য শোক ত্যাগ কর, এক্ষণে সন্তান লাভের জন্য জগন্মাতা অম্বিকার শরণ লও। কায়মনোবাক্যে তাঁহার পরিচর্য্যা কর তাহা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হইলে তোমার মনোবাঞ্ছা পূর্ণ হইবে। বৃষভানু কলাবতীর মুখে সেই কথা শ্রবণ করত গোবর্দ্ধন সন্নিহিত বনে, যমুনা-তীরের নিকট শুভদায়িনী মহামায়া কাত্যায়নী দেবীর মূর্ত্তি যে স্থানে আছে তথায় যাইয়া মৌনাবলম্বনপূর্ব্বক প্রণায়াম দ্বারা প্রাণবায়ুকে জয়করত সহস্রারে পরমাত্মার সহিত জীবাত্মাকে মিলিত করিয়া চিত্তকে নিশ্চল করিলেন। জিতেন্দ্রিয় বৃষভানু একবৎসর কাল জলস্থ হইয়া মাসদ্বয় ফলমূলাহার, মাসদ্বয় শুদ্ধ জলাহার, মাসদ্বয় পত্রাহার, মাসদ্বয় শুদ্ধ বায়ু মাত্র আহার করিয়া এক বৎসর একাহারে দেবীর উপাসনা করিতে লাগিলেন।

এইরূপ রাজা চরণের বৃদ্ধাঙ্গুলির দ্বারা পৃথিবীকে স্পর্শ করিয়া উর্দ্ধ বাহু হইয়া কতিপয় বৎসর অতিবাহিত করণান্তর উর্দ্ধপাদ ও অধঃশির হইয়া ঘোরতর তপস্যায় রত হইলেন। সংযত মানস রাজা বৃষভানু এইরূপ শত বৎসরকাল তপস্যা করিবার পর বাগ্‌দেবী সন্তুঃ হইয়া দৈববাণী দ্বারা বলিলেন—হে বৃষভানো! তোমার হিতকর বাক্য শ্রবণ কর। হে বৎস! হরিনাম শ্রবণ ভিন্ন জীবের কর্ণশুদ্ধি হয় না, একারণ অতিশ্রেয়স্কর হরিনাম কীর্ত্তন কর। গুরুর নিকট যথাবিধি প্রথমে হরিনাম গ্রহণপূর্ব্বক অন্য মন্ত্র গ্রহণ করিয়া সাধনা করিলে সিদ্ধি লাভ হইবে। তাহা শুনিয়া বৃষভানু সবিনয়ে জগন্মাতাকে বলিলেন—হে মাতঃ! আপনি সৃষ্টি স্থিতি প্রলয় কর্ত্রী পরমা প্রকৃতি, আপনি আমাকে যে-হরিনাম গ্রহণ করিতে আদেশ করিলেন সে-হরিনামের মহিমা কি এবং কিরূপে হরিনাম গ্রহণ করিতে হয় তাহা আমায় বলুন।

বৃষভানুর সেই কথা শ্রবণ করিয়া মহাদেবী গম্ভীর স্বরে ধীরে ধীরে বলিলেন—তুমি বিরজা নদীর তীরে তপস্যারত মহামুনি ক্রতুর নিকট গমনপূর্ব্বক হরিনাম মহিমা শ্রবণ কর। জগন্মাতার সেই বাক্য

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রবণ করিয়া ক্রতু মুনির নিকট উপস্থিত হইয়া তাঁহার চরণ ধারণ পূর্ব্বক বৃষভানু বলিলেন—হে দীনেশ হে মুনে আপনি মহাযোগী সর্ব্বভূতে দয়াবান, আপনি আমায় রক্ষা করুন। পরম পূজনীয় মুনিবর তাঁহার সেই বাক্য শ্রবণ করিয়া বলিলেন—বৎস! তোমায় ভীত দেখিতেছি, কোন ভয় নাই, তোমার কি অভিলাষ ব্যক্ত কর; তাহা যদি দুষ্করও হয় তথাপি সুসিদ্ধ করিব। তখন বৃষভানু বলিলেন—দেব! আমাকে কৃপা পূর্ব্বক হরিনাম প্রদান করুন। মুনিসত্তম ক্রতু শরণাগত-মহারাজের বিনয় বচনে সুপ্রসন্ন হইয়া তাঁহাকে হরিনাম প্রদান করিলেন এবং জপ বিধি বলিয়া দিলেন।

হরে কৃষ্ণ হরে কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ হরে হরে।
হরে রাম হরে রাম রাম রাম হরে হরে॥

এই দ্বাত্রিংশৎ অক্ষর যুক্ত হরিনামই কলিযুগে ত্রাণকর্ত্তা। (ইতি রাধাতন্ত্র) দ্বাত্রিংশৎ অক্ষরযুক্ত ভগবানের ষোড়শ নাম সম্বোধনপূর্ব্বক সর্ব্বদা জপ করিবে। এই সকল নামই ব্রহ্ম বাচক হয়। হরিশব্দ মঙ্গল বাচক ইহাতে আত্মারই পরম মঙ্গল, যদনুরূপ স্মরণে মৃত্যুরূপ অমঙ্গল নাশ হইয়া অমরণ ধর্ম্ম লাভ হয়। সমস্ত জগতের যিনি আত্মা তিনি কৃষ্ণ শব্দ বাচ্য হন। রাম শব্দে সর্ব্বরঞ্জন। ইহাতে রাম-শব্দ আত্মা বাচক।

যেহেতু আত্মাই সর্ব্ব হন রঞ্জন হন, কেন না অনাত্মবস্তুতে কাহারও আদর নাই। ইহাতে তিন নাম পরব্রহ্মের বিশেষণ যথা—সত্য স্বরূপ জ্ঞান স্বরূপ ও আনন্দ স্বরূপ। সত্য স্বরূপ হরিনাম, জ্ঞান স্বরূপ কৃষ্ণ নাম, আনন্দস্বরূপ রাম নাম। এই তিনের বিশেষ বিশেষ্যগত অভেদতা জানাইবার জন্য দুই দুই বার নামের দ্বিরুচ্চারণ করিয়াছেন। এই মহামন্ত্র হরিনাম একশত অষ্টবার ত্রিকাল জপে সর্ব্বপ্রকার পাপ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ক্ষয় হয়। অর্থাৎ প্রাতঃ মধ্যাহ্ন সায়াহ্নে একশত অষ্টবার জপ করাতে সকল পাতক ধ্বংস হয়। ইঁহার পর ভবভীরুজনের ভব নিস্তারণের আর উপায় নাই ইহা সর্ব্ববেদে কথিত আছে। সর্ব্ব শ্রুতি স্মৃতি ও পুরাণ ইতিহাস আগম আর মীমাংসা বেদ বেদান্ত এবং বেদাঙ্গাদি সর্ব্বশাস্ত্র মতে ইহাই কথিত হইয়াছে যে—হরিনাম সংকীর্ত্তনে আধ্যাত্মিক আধিদৈবিক আধিভৌতিক এই ত্রিবিধ প্রকার তাপ সংহার হয়। যত পাতক আছে অর্থাৎ—অতিপাতক মহাপাতক ও উপপাতক এই সমস্ত পাতকের প্রায়শ্চিত্ত হরিনাম সংকীর্ত্তন—ইহা শাস্ত্রে উক্ত হইয়াছে। তারকব্রহ্ম হরিনাম সংকীর্ত্তন তুল্য ত্রিলোক মধ্যে পবিত্র করণ আর কিছু দেখিতে পাই না। হরিনাম-সংকীর্ত্তন সকল পুণ্য হইতে পুণ্যতর—ইহার তুল্য সুপুণ্যতর আর কিছুই নাই।

সুরাপায়ী ব্রহ্মহত্যাকারী স্বর্ণাদি চোর এবং পূর্ব্ব জন্মার্জ্জিত পাপঘ্নক রোগী ভগ্নব্রতী অশুচি, বেদাধ্যয়ন বর্জ্জিত ব্রাহ্মণ, সর্ব্বপাপাকৃত-পুরুষ, ব্যাধবৃত্ত্যুপজীবি পিশুন প্রতারক অর্থাৎ খল ও বঞ্চক, স্বধর্ম্মত্যাগী শূদ্রভর্ত্তা দ্বিজ, কুলটোপভোগী, শুক্র-বিক্রয়ী এই সমস্ত পাপের পাপী হইলেও সে হরিনাম সংকীর্ত্তন মহিমায় পরমামুক্তি প্রাপ্ত হয় একারণ জ্ঞানবান পণ্ডিতদিগের সদা সর্ব্বদা হরিনাম সংকীর্ত্তন করা কর্ত্তব্য।

অনন্তর ক্রতু মুনি তাঁহাকে হরিনাম প্রদান পূর্ব্বক বলিলেন—শাক্ত বৈষ্ণব সৌর শৈব গাণপত্য সকলেরই কর্ণশুদ্ধির জন্য প্রথমে এই হরিনাম গ্রহণ করা কর্ত্তব্য, পরে পঞ্চায়তনী দীক্ষা গ্রহণ করিলে বাঞ্ছিত লাভ হয়। কর্ণশুদ্ধি ব্যতীত অন্য মন্ত্র ফলপ্রদ হয় না। যাহার কর্ণে হরিনাম প্রবেশ না করে তাহার কর্ণ শবকর্ণের ন্যায় অপবিত্র। যতদিন হরিনাম দীক্ষা গ্রহণ না হয় ততদিন কর্ণ অপবিত্র থাকে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হে মহাবাহো! তোমাকে এই হরিনাম প্রদান করিলাম। অতঃপর তুমি সুসমাহিত চিত্তে বিদ্যামন্ত্র জপ কর, তাহাতে তোমার অভিলাষ পূর্ণ হইবে।

অনন্তর বৃষভানু ক্রতু মুনিকে অর্চ্চনা করত ভক্তিভরে প্রণাম পূর্ব্বক হরিনাম করিতে করিতে তথা হইতে গমন করিলেন। পরে রাজা বৃষভানু যমুনাতীরে অবস্থান পূর্ব্বক একগ্র চিত্তে রাধিকার পরম মন্ত্র জপ করিতে লাগিলেন।

তদনন্তর অতি শীঘ্রই জগজ্জননী কাত্যায়নী প্রসন্না হইয়া দর্শন দান করিলেন। বৃষভানু ভক্তি গদগদ বাক্যে তাঁহার স্তব করিলে দেবী বলিলেন—বৎস! তোমার তপস্যা ভক্তি ও স্তবে আমি অতিশয় প্রসন্না হইয়াছি। তুমি বরদানের যোগ্যপাত্র; আমার নিকট বর প্রার্থনা কর। রাজা বৃষভানু দেবীর বাক্য শ্রবণ করত বলিলেন—দেবি! আপনি যদি আমার প্রতি প্রসন্না হইয়া থাকেন তাহা হইলে আমার আর কিছুই প্রয়োজন নাই, কেন না আপনার পাদপদ্মে আশ্রয় লাভ অতি সুদুর্ল্লভ। জননি! আপনি সর্ব্বান্তর্যামিনী, আপনি কি আমার অভিলাষ জানেন না, যদি দেয় বোধ করেন—তাহা হইলে সেই বর দিন।

জগন্মাতা বৃষভানুর এই কথা শুনিয়া সহস্র আদিত্যতুল্য প্রভাযুক্ত ডিম্ব তাহার হস্তে সমর্পণ করিয়া অন্তর্হিতা হইলেন। রাজাও আনন্দিত মনে স্বগৃহে প্রত্যাগমন করিলেন।

— ০ —

শ্রীমন্মহাপ্রভু বলিয়াছেন—

আপন সভারে প্রভু করে উপদেশে।
কৃষ্ণ নাম মহামন্ত্র শুনহ হরিষে॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হরে কৃষ্ণ হরে কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ হরে হরে।
হরে রাম হরে রাম রাম রাম হরে হরে ॥
প্রভু বোলে কহিলাম এই মহামন্ত্র।
ইহা জপ গিয়া সব করিয়া নির্ব্বন্ধ ॥
ইহা হইতে সর্ব্ব সিদ্ধি হইবে সভার।
সর্ব্বক্ষণ বল ইথে নাহি বিধি আর ॥
দশ পাঁচ মিলি নিজ দ্বারেতে বসিয়া।
কীর্ত্তন করহ সবে হাত তালি দিয়া ॥

—শ্রীচৈতন্য ভাগবত, মধ্য খণ্ড ২৪ অঃ।

শ্রীস্বরূপ দামোদর গোস্বামীর প্রিয় শিষ্য শ্রীগোপালগুরু গোস্বামী হরিনামার্থ নির্ণয়ে লিখিয়াছেন—

অগ্নি পুরাণে—হরে কৃষ্ণ হরে কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ হরে হরে।
রটন্তি হেলয়া বাপি তে কৃতার্থা ন সংশয়ঃ ॥

ব্রহ্মাণ্ড পুরাণে—হরে রাম হরে রাম রাম রাম হরে হরে।
যে রটন্তি হীদং নাম সর্ব্ব পাপং তরন্তিতে ॥

তৎসংগ্রহ কারকঃ শ্রীকৃষ্ণ চৈতন্য মহাপ্রভুঃ।

শ্রীচৈতন্য মুখোদ্‌গীর্ণা হরে কৃষ্ণেতি বর্ণকাঃ।
মজ্জয়ন্তো জগৎ প্রেম্নি বিজয়ন্তাং তদাজ্ঞয়া ॥

গোপালগুরু গেস্বামী বলেন—শ্রীমন্মহাপ্রভু অগ্নিপুরাণ হইতে—হরে কৃষ্ণ হরে কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ হরে হরে। এবং ব্রহ্মাণ্ড পুরাণ হইতে—হরে রাম হরে রাম রাম রাম হরে হরে ॥ সংগ্রহ করিয়া—

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

—কৃষি সত্ত্বাবাচক ণ আনন্দবাচক। 'কৃষ' ধাতুর উত্তর ন প্রত্যয় করিয়া কৃষ্ণ শব্দ নিষ্পন্ন হইয়াছে। সৎ এবং আনন্দ পরমব্রহ্ম কৃষ্ণ বলিয়া কথিত হন। কৃষ্ণ শব্দ নিত্যপুরুষ বাচক আর শক্তি আনন্দ-রূপিনী—উভয়ের যোগে স-বিকার পরমব্রহ্ম কৃষ্ণ কীর্ত্তিত হন। পরম ঈশ্বর সচ্চিদানন্দ বিগ্রহ কৃষ্ণ অনাদির আদি গোবিন্দ সকল কারণের ও কারণ। আনন্দ একমাত্র সুখ স্বরূপ জগৎ স্বামী কমল লোচন শ্যাম সুন্দর গোকুলবাসিগণের আনন্দ দায়ক নন্দ নন্দন কৃষ্ণ বলিয়া অভিহিত হন। কৃষ্ণশব্দের সম্বোধনে কৃষ্ণ।

আগমে—

রাশব্দোচ্চারণাদেব বহির্নিযান্তি পাতকাঃ।
পুনঃ প্রবেশকালেতু মকারাস্তু কপাটবৎ ॥ ১
রাম রামেতি রামেতি রামে রামে মনোরমে।
সহস্র নামভি স্তুল্যং রাম নাম বরাননে ॥ ২ ॥

পুরাণে—

রমন্তে যোগিনোঽনন্তে নিত্যানন্দে চিদাত্মনি।
ইতি রাম পদেনৈব পরং ব্রহ্মাভি ধীয়তে ॥ ৩ ॥
[এই মন্ত্রটি পূর্ব্বতাপিন্যুপনিষদে কথিত হইয়াছে।]

কিঞ্চ পুরাণে—

বৈদগ্ধি সার সর্ব্বস্ব মূর্ত্তিলীলাধিদেবতাম্।
শ্রীরাধাং রময়ন্নিত্যং রাম ইত্যভিধীয়তে ॥ ৪ ॥

শ্রীরাধাচিত্তমাকৃষ্য রমতি ক্রীড়তি ইতি রামঃ। রাম শব্দস্য সম্বোধনে রাম। —গোপালগুরু।

—হে দেবি। 'র' শব্দ উচ্চারণ করিলে পাতক সকল বাহিরে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গমন করে এবং পুনরায় প্রবেশ কালে 'ম' শব্দ কপাটের মত হইয়া পাপ প্রবেশ করিতে দেয় না'১। হে রমে রামে মনোরমে স্থ বদনে। রাম রাম রাম—এই রাম শব্দ সহস্র নাম তুল্য ।২। অনন্ত নিত্য আনন্দ স্বরূপ চিদাত্মায় যোগিগণ রমণ করেন বলিয়া রাম পদের দ্বারা পরমব্রহ্ম অভিহিত হন। ৩।

চতুরতায় শ্রেষ্ঠ, সর্ব্বস্ব, মূর্ত্তিলীলার অধিদেবতা শ্রীরাধাকে নিত্য রমণ করাইয়া রাম বলিয়া অভিহিত হন ।৪।

শ্রীগোপাল গুরু গোস্বামী প্রত্যেক নামের পৃথক পৃথক অর্থ করিয়াছেন—

তত্র ভক্তো দ্বিবিধঃ—সাধকঃ সিদ্ধশ্চ। সাধকো দ্বিধা-প্রাথমিকো প্রাত্যাহিকশ্চ। দেহেন সিদ্ধো নিত্য সিদ্ধঃ। তত্র প্রাথমিকো নিজ চিত্ত শুদ্ধ্যর্থং জপতি—

১। হে হরে মমচিত্তং হিত্বা ভববন্ধন মোচয়।

২। হে কৃষ্ণ মচ্চিত্তমাকৃষ।

৩। হে হরে স্বমাধুর্য্যেন মচ্চিত্তং হর।

৪। হে কৃষ্ণ স্বভক্তদ্বারা ভজন জ্ঞান দানেন মচ্চিত্তং শোধয়

৫। হে কৃষ্ণ নামরূপগুণ লীলাদিষু মন্নিষ্ঠাং কুরু।

৬। হে কৃষ্ণ রুচির্ভবতুমে।

৭। হে হরে নিজ সেবা যোগ্যং কুরু।

৮। হে হরে স্ব সেবামাদেশয়।

৯। হে হরে স্বপ্রেষ্ঠেন সহ স্বাভীষ্ট লীলাং শ্রাবয়।

১০। হে রাম প্রেষ্ঠয়া সহ স্বাভীষ্ট লীলাং মাং শ্রাবয়।

১১। হে হরে স্বপ্রেষ্ঠেন সহ স্বাভীষ্ট লীলাং মাং দর্শয়।

৪

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

১২। হে রাম প্রেষ্ঠয়া সহ স্বাভীষ্ট লীলাং মাং দর্শয়।

১৩। হে রাম নামরূপ গুণলীলাদিষু মাং যোজয়।

১৪। হে রাম তত্র মাং সেবাযোগ্যং কুরু।

১৫। হে হরে মাং স্বাঙ্গীকৃত্য রমস্ব।

১৬। হে হরে ময়া সহ রমস্ব।

ভক্ত দুই প্রকার—সাধক এবং সিদ্ধ। সাধক ও দুই প্রকার প্রাথমিক ও প্রাত্যাহিক। দেহের সহিত সিদ্ধগণ নিত্যসিদ্ধ।

[প্রাথমিক সাধকগণ নাম সংখ্যা দ্বারা বৃদ্ধি করিতে করিতে নাম কীর্ত্তনের নৈরন্তর্য্য অর্থাৎ অবিচ্ছিন্নতা লাভ করেন। প্রাথমিকগণের নামে রুচি থাকে না, ক্রমে নাম করার ফলে নামের কৃপায় নামে আদর হয়। আদরের সহিত নাম করিতে থাকিলে শ্রীভগবান আর দূরে থাকেন না, ধীরে ধীরে আসিয়া স্পর্শ করেন, সাধকের ভাবোদয় হইতে থাকে।]

প্রাথমিকগণ চিত্তশুদ্ধির জন্য জপ করেন—

১। হে হরে আমার চিত্তহরণ করিয়া ভববন্ধন হইতে মোচন কর।

২। হে কৃষ্ণ আমার চিত্ত আকর্ষণ কর।

৩। হে হরে স্বীয় মাধুর্য্যের দ্বারা আমার চিত্ত হরণ কর।

৪। হে কৃষ্ণ নিজ ভক্তের দ্বারা ভজন গান দান করত আমার চিত্ত শোধন কর।

৫। হে কৃষ্ণ তোমার নাম রূপ গুণ লীলাদিতে আমার নিষ্ঠা প্রদান কর।

৬। হে কৃষ্ণ আমার রুচি হউক।

৭। হে হরে আমাকে নিজ সেবা যোগ্য কর।

৮। হে হরে স্বীয় সেবা আদেশ কর।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৯। হে হরে নিজ প্রিয়ের সহিত স্বীয় অভীষ্ট লীলা শ্রবণ করাও।

১০। হে রাম প্রিয়ার সহিত নিজ অভীষ্ট লীলা আমাকে শ্রবণ করাও।

১১। হে হরে নিজ প্রিয়ের সহিত স্বীয় অভীষ্ট লীলা আমাকে দেখাও।

১২। হে রাম প্রিয়ার সহিত নিজ অভীষ্ট লীলা আমাকে দর্শন করাও।

১৩। হে রাম তোমার নাম রূপ গুণ লীলা স্মরণাদিতে আমায় নিয়োজিত কর।

১৪। হে রাম সে বিষয়ে আমাকে নিজ সেবা যোগ্য কর।

১৫। হে হরে আমাকে স্বীয় অঙ্গীকার করে রমণ কর।

১৬। হে হরে আমার সহিত রমণ কর।

হরে কৃষ্ণ রাম এই নামব্রহ্মের পৃথক পৃথক অর্থ—

হরি।—হৃ ধাতুর উত্তর ই প্রত্যয় করিয়া হরি শব্দ নিষ্পন্ন হইয়াছে। হৃ ধাতুর অর্থ হরণ করা। মহাজনগণ বলেন—যিনি পাপ হরণ করেন তিনি 'হরি'। এইরূপ যিনি তাপ, চিত্ত, ক্লেশ পুনর্জন্ম ভূভার প্রভৃতি হরণ করেন তিনি হরি। এই হেতু বৈষ্ণব বিষ্ণুকে, শাক্ত শক্তিকে, শৈবগণ শিবকে, সৌরগণ সূর্য্যকে, গাণপত্যগণ গণেশকে বুঝিতে পারেন। [—বৈষ্ণবদর্পণ।]

কৃষ্ণ।—কৃষির্ভূবাচকশব্দো ণশ্চ নিবৃত্তিবাচকঃ।
তয়োরৈক্যং পরং ব্রহ্ম কৃষ্ণ ইত্যভিধীয়তে॥

কৃষ ধাতু সত্ত্বাবাচক, ণ প্রত্যয় নির্ব্বাণবাচক—ইহাদের একত্র যোগে পরব্রহ্ম কৃষ্ণ শব্দ নিষ্পন্ন হইয়াছে। অথবা কৃষ ধাতুর অর্থ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আকর্ষণ করা বা কর্ষণ করা, অতএব কৃষ্ণ শব্দের অর্থ যিনি জীবের মন প্রাণ আকর্ষণ করিয়া ভক্তি পথে লইয়া যান তিনিই শ্রীকৃষ্ণ। অথবা যিনি জীব হৃদয় কর্ষণ করিয়া প্রেম-ভক্তির বীজ তৎ উপযোগী করেন তিনিই শ্রীকৃষ্ণ। —[বৈষ্ণবদর্পণ।]

কৃষ্ণনাম জগদ্বন্ধুর্জগবীজং গুণং পরম্।
বিশ্বাধারং কৃষ্ণনাম জগতাং পাবনং পরং॥

—পাদ্মে, উত্তরখণ্ড।

কৃষ্ণ নাম জগদ্বন্ধু জগদ্বীজ পরম গুণ যুক্ত বিশ্বের আধার ও পরম পাবন।

রাম।—রমুক্রীড়াদিষু ইতি রমধাতোর্মঃ শব্দ সিধ্যতি।

রম্ ধাতু ক্রীড়ার্থক তাহা হইতে রাম শব্দ সিদ্ধ হয়। রমন্তে লোকা অত্র ইতি রামঃ—লোক সকল ইহাতে রমণ করেন এই জন্য ইনি রাম। রময়তি লোকান ইতি রামঃ—লোক সকলকে রমণ করান এইজন্য ইনি রাম। রমন্তে যোগিনঃ অত্র ইতি রামঃ—যোগিগণ ইহাতে রমণ করেন বলিয়া ইনি রাম।

হরে কৃষ্ণ রাম—এই নাম ব্রহ্মের অর্থান্তর—

হকার পিঙ্গলবর্ণঃ সর্ব্ববর্ণ বরোত্তমঃ।
জ্ঞানাজ্ঞান কৃতং পাপং হকারো দহতি ক্ষণাৎ॥
রেকারো রক্তবর্ণঃ স্যাদ্ গোপালেন নিরূপিত।
গুর্ব্বঙ্গনা কৃতং পাপং রেকারো দহতি ক্ষণাৎ॥

—বৈষ্ণবদর্পণ।

হকার সর্ব্ববর্ণ শ্রেষ্ঠ, পিঙ্গল বর্ণ, জ্ঞানাজ্ঞান কৃত সমস্ত পাপ হকার উচ্চারণে তৎক্ষণাৎ নষ্ট হয়। রেকার রক্তবর্ণ, গোপালের দ্বারা নিরূপিত

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হইয়াছে, ইহার উচ্চারণে গুরুপত্নী গমন জনিত মহাপাপের বিনাশ হইয়া থাকে।

পক্ষান্তরে 'হরে' শব্দের অর্থ—

কৃষ্ণ মন হরে যেই আহ্লাদরূপিণী।
হরে শব্দে হয় সেই রাধা ঠাকুরাণী॥

কৃষ্ণ।—কৃকারঃ কজ্জলোবর্ণ সংহরেদুপপাতকং।
গতি শক্তি রতি প্রেম কৃ কারাজ্জায়তে ক্ষণাৎ॥
ষ্ণ কারো লোহিতোবর্ণো নরকাদুদ্ধরেন্নরম্।
তত্তজ্জন্মার্জিতং পাপং ষ্ণ কারো দহতি ক্ষণাৎ॥
—বৈষ্ণবদর্পণ।

কজ্জলবর্ণ কৃকার উপপাতক নাশ করে ও এই কৃ বর্ণ হইতেই গতি শক্তি রতি এবং প্রেমের উৎপত্তি হইয়া থাকে। লোহিত বর্ণ ষ্ণ নরক হইতে জীবকে উদ্ধার করে এবং তত্তজ্জন্মার্জ্জিত পাপ নাশ করিয়া থাকে।

পক্ষান্তরে—কৃ আদি গোপিগণের রত্ন পুষ্টি করে।
অতএব কৃষ্ণ নাম বলি যে তাহারে॥

রাম।—রা কারো গৌরবর্ণশ্চ বরশক্তির্ভবেদ্ ধ্রুবম্।
রবিসোমসমোবর্ণ স্তমোরাশিং দহেৎ ক্ষণাৎ॥
ম কারো জ্যোতিরূপশ্চ নিরঞ্জনঃ সদা স্থিতঃ॥
মিথ্যা বাক্যং কৃতং পাপং ম কারো দহতি ক্ষণাৎ॥
—বৈষ্ণবদর্পণ।

জ্যোতির্ম্ময় গৌরবর্ণ উত্তমশক্তি সম্পন্ন রা বর্ণ জীবের রাশি রাশি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পাপ সংহার করিয়া থাকেন এবং নিরঞ্জন জ্যোতিঃ স্বরূপ ম বর্ণ মিথ্যা বাক্য দ্বারা কৃত পাপ ক্ষণমাত্রে দহন করেন।

রাধিকার সঙ্গে সদা করয়ে রমণ।
অতএব রাম নাম কহি যে কারণ ॥

—বৈষ্ণবদর্পণ।

অন্য মহাজনগণ বলিয়াছেন—

কৃষ্ণ।—ভক্তানাং পাপাদি দোষান্ কৃষতি নিবারয়তীতি কৃষ্ণঃ—ভক্তগণের পাপাদি দোষ নিবারণ করেন বলিয়া কৃষ্ণ। তেষাং দুর্লভানপি পুরুষার্থান আকর্ষয়তি প্রাপয়তি ইতি কৃষ্ণঃ—তাহাদের অতিদুর্লভ পুরুষার্থ সকল প্রাপ্ত করান বলিয়া কৃষ্ণ। কর্ষতি আত্মনি সর্ব্বলোকান ইতি কৃষ্ণঃ প্রলয়ে ইতি শেষঃ—প্রলয়ে সর্ব্বলোককে আত্মাতে আকর্ষণ করেন যিনি তিনি কৃষ্ণ। কর্ষতি অরীন ইতি কৃষ্ণঃ—যিনি অরিগণকে কর্ষণ করেন তিনি কৃষ্ণ। কর্ষতি নরানাং কৃষ্ণ পাপানি ইতি—মনুষ্যগণের পাপ কর্ষণ করেন বলিয়া কৃষ্ণ। কৃষিশ্চ পরমানন্দে ণ শ্চ তদ্দাস্য কর্ম্মণি। তয়োর্দাতা চ যো দেব স্তেন কৃষ্ণঃ প্রকীর্ত্তিতঃ ॥—কৃষি শব্দের অর্থ পরমানন্দ ণ কারের অর্থ দাস্য-কর্ম্ম, যিনি উভয়ের দাতা তিনি কৃষ্ণ।

কৃষিরুৎকৃষ্টবচনো ণশ্চ সদ্ভক্তিবাচকঃ।
অশ্চাপি দাতৃবচনঃ কৃষ্ণং তেন বিদুর্বুধাঃ ॥

কৃষি উৎকৃষ্ট এবং ণ সদ্ভক্তি বাচক, অকারের অর্থ দাতা, উৎকৃষ্ট সদ্ভক্তি দাতাকে বধুগণ কৃষ্ণ বলিয়া জানেন।

কোটি জন্মার্জিতে পাপে কৃষি ক্লেশে চ বর্ত্ততে।
ভক্তানাং ণশ্চ নির্ব্বাণে তেন কৃষ্ণঃ প্রকীর্ত্তিতঃ ॥

কৃষি শব্দের অর্থ কোটিজন্মার্জ্জিত পাপ ও ক্লেশ, ভক্তগণের তাহা নির্ব্বাণ করেন সেইজন্য কৃষ্ণ বলিয়া কথিত হন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কৃষির্ভূর্বাচকঃ শব্দো ণশ্চ নির্বৃতি বাচকঃ।
বিষ্ণুস্তদ্ভাবভাবিত্বাৎ কৃষ্ণ ভবতি শাশ্বতঃ॥

—মহাভারত।

কৃষি শব্দে সত্ত্বা, ণ শব্দে পরমানন্দ। কৃষি ও ণ এই উভয়ের যোগে কৃষ্ণ নামের উৎপত্তি। ভগবান অনাদি অনন্তকাল বিদ্যমান এবং চিদানন্দময় বলিয়া কৃষ্ণ নামে অভিহিত হন।

রাম।—রময়তি মোদয়তি সর্ব্বান ইতি রামঃ—সকলকে আনন্দিত করাইয়া থাকেন বলিয়া ইনি রাম। রময়তি জন্মাদি দাতৃত্বেন দেবয়তি ভূতানি ইতি রাম—ভূতসকলকে জন্ম স্থিতি নাশ দানের দ্বারা ক্রীড়া করান বলিয়া রাম।

রা শব্দো বিশ্ববচন মশ্চাপীশ্বর বাচকঃ।
বিশ্বানামীশ্বরো যো হি তেন রাম প্রকীর্ত্তিতঃ॥

রা শব্দের অর্থ বিশ্ব ম কারের অর্থ ঈশ্বর, বিশ্বের যিনি ঈশ্বর তিনি রাম।

রা চেতি লক্ষ্মীবচনো মশ্চাপীশ্বরবাচকঃ।
লক্ষ্মীপতিং গতিং রামং প্রবদন্তি মনীষিণঃ॥

রা শব্দ লক্ষ্মী বাচক, ম ঈশ্বর বাচক লক্ষ্মীপতি, অখিলের আশ্রয়কে মনীষিগণ রাম বলেন।

ওঁ চিন্ময়েঽস্মিন্ মহাবিষ্ণৌ জাতে দশরথে হরৌ।
রঘোঃকুলেঽখিলংরাতি রাজতে যো মহীস্থিতঃ।
স রাম ইতি লোকেষু বিদ্বদ্ভিঃ প্রকটীকৃতঃ॥

—শ্রীরামপূর্ব্বতাপিনী।

শ্রীচিন্ময় মহাবিষ্ণু হরি দশরথ হইতে উৎপন্ন হইয়া রঘুকুলে অখিল

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দান করেন। যিনি পৃথিবীতে থাকিয়া শোভা পান—বিদ্বান্‌গণ তিনি রাম ইহা জগতে প্রকাশ করিয়াছেন।

রাক্ষসা যেন মরণং যান্তি স্বোদ্রেকতোঽথবা।
রাম নাম ভুবি খ্যাতমভিরামেণ বা পুনঃ ॥

রাক্ষসগণ যাঁহার দ্বারা অথবা যাঁহার আবির্ভাবে মৃত্যুপ্রাপ্ত হইয়াছিল, তিনি রাম নামে পৃথিবীতে খ্যাত হইয়াছেন, অথবা অতি রমণীয় বলিয়া রাম নামে খ্যাত হন।

যস্মিন্ রমন্তে মুনয়ো বিদ্যয়া জ্ঞানবিপ্লবে।
তংগুরুঃ প্রাহ রামেতি রমণাৎ রাম ইত্যপি ॥

—অধ্যাত্ম রামায়ণ।

অজ্ঞান উপদ্রবে মুনিগণ যাঁহাতে বিদ্যার দ্বারা রমণ করেন তাঁহাকে গুরু বশিষ্ঠদেব রাম বলিয়াছেন, রমণ অর্থাৎ সর্ব্বপ্রিয়ত্ব হেতু রাম।

রমন্তে যোগিনোঽনন্তে নিত্যানন্দে চিদাত্মনি।
ইতি রামপদে নাসৌ পরং ব্রহ্মাভিধীয়তে ॥

—শ্রীরামপূর্ব্বতাপিনী শ্রুতি।

অনন্ত নিত্যানন্দময় চিদাত্মায় যোগিগণ রমণ করেন এইহেতু রাম পদের দ্বারা রাম পরম ব্রহ্ম বলিয়া অভিহিত হন।

র—নারায়ণ	অ—নির্গুণ	ম—মহাহ্লাদাভিধায়িনী
র—বিজ্ঞান	অ—জ্ঞান	ম—পরমাভক্তি
র—চিৎজ্ঞান	অ—সৎ	ম—আনন্দ
র—অগ্নিবীজ	অ—ভানুবীজ	ম—চন্দ্রবীজ

—মহারামায়ণ।

র—অগ্নিবীজ মনোমল নাশ শুভাশুভ কর্ম্ম ভস্মসাৎ করে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অ--ভানুবীজ সদ্বৃত্তি প্রকাশের দ্বারা মানবগণের অবিদ্যা অন্ধকার দূর করে। সদ্বারি পরিপূরিত চন্দ্রবীজ ম কার, আধিদৈবিক আধিভৌতিক আধ্যাত্মিক তাপত্রয় দূর করিয়া শীতল করিয়া থাকে।

রকার স্তৎপদোজ্ঞেয় স্ত্বংপদোঽকার উচ্যতে।
ম কারোঽসি পদজ্ঞেয়ং তত্ত্বমসি সুলোচনে॥

র কারের অর্থ তৎ অকারের ত্বং, ম কারের অর্থ অসি, 'তত্ত্বমসি' উপনিষদ প্রসিদ্ধ মহাবাক্য রাম নামের অর্থ।

শ্রীভগবানের নাম সমূহের বুৎপত্তি জ্ঞান—

বিষ্ণু।—বেবেষ্টি ব্যাপ্নোতি বিশ্বং যঃ স বিষ্ণু—যিনি বিশ্ব ব্যাপিয়া অবস্থান করিতেছেন তিনি বিষ্ণু। বেষতি সিঞ্চতি আপ্যায়তে বিশ্বং ইতি বিষ্ণুঃ—যিনি বিশ্বকে তৃপ্ত বা প্রবৃদ্ধ করেন তিনি বিষ্ণু। বিষ্ণাতি বিযুনক্তি ভক্তান মায়াপসারণেন সংসারাদিতি বা বিষ্ণুঃ—যিনি মায়া অপসারণের দ্বারা ভক্তকে সংসার হইতে বিযুক্ত করেন। বিশতি সর্ব্বভূতানি, বিশন্তি সর্ব্বভূতানি অত্রবেতি—সর্ব্বভূতে যিনি প্রবেশ করেন, অথবা সর্ব্বপ্রাণিগণ ইহাতে প্রবেশ করিয়া থাকে সেই হেতু বিষ্ণু। পৃথিব্যুবাচ—জাতেষু শেষো ভবসি তস্মাচ্ছেষোঽসি কীর্ত্তিতঃ—উৎপন্ন হইলে তুমি অন্ত বিশিষ্ট হও বলিয়া তুমি 'শেষ'।

অচ্যুত।—ব্যসনোৎপত্তি যুক্তেষু ব্রহ্মেন্দ্র বরুণাদিষু। যস্মান্নচ্যবতে স্থানাৎ তস্মাৎ কীর্ত্ত্যতেঽচ্যুতঃ॥

নাশ উৎপত্তি যুক্ত ব্রহ্মা বরুণ প্রভৃতি কে যে হেতু স্ব স্ব স্থান হইতে চ্যুত কর না তজ্জন্য 'অচ্যুত' বলিয়া অভিহিত হও।

হরি।—ব্রহ্মাণমিন্দ্রং রুদ্রঞ্চ যমং বরুণমেব চ।
নিগৃহ্য হরসে যস্মাৎ তস্মাদ্ধরিরিহোচ্যতে॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যে হেতু ব্রহ্মা ইন্দ্র রুদ্র যম বরুণকেও নিগৃহীত করিয়া হরণ কর তজ্জন্য হরি বলিয়া কথিত হও।

সনাতন।—সম্মানয়সি ভূতানি বপুষা যশসা প্রিয়া।
চিরেণ বপুষাদেব তস্মাচ্চাসি সনাতনঃ॥

হে দেব! তুমি নিত্য অপ্রাকৃত শরীর যশঃ এবং শোভার দ্বারা লোক সকলকে সম্মানিত কর সেই হেতু তুমি সনাতন।

অনন্ত।—যস্মাদ্ ব্রহ্মাদয়োদেবা মুনয়শ্চোগ্রতেজসঃ।
নতেঽন্তস্ত্বধিগচ্ছন্তি তেনানন্ত ত্বমুচ্যতে॥

—যে হেতু ব্রহ্মাদি দেবগণ, উগ্রতেজা মুনিগণ তোমার অন্তপ্রাপ্ত হন না তজ্জন্য তুমি অনন্ত।

বিষ্ণু।—ন ক্ষীয়সে ন ক্ষরসে কল্পকোটি শতৈরপি।
তস্মাত্ত্বমক্ষরত্বাচ্চ বিষ্ণুর্বেতি প্রকীর্ত্ত্যসে॥

—শতকোটি কল্পেও তুমি ক্ষীণ বা ক্ষরিত হও না সেই অক্ষরত্ব হেতু বিষ্ণু নামে কীর্ত্তিত হইয়া থাক।

বিষ্ণু।—বিষ্টভ্যতিষ্টসে নিত্যং ত্রৈলোক্য সচরাচরং।
স যক্ষ গন্ধর্ব্ব নরং স মহদ্ভূত পন্নগম॥
ব্যাপ্য ত্বামেব বিশতে ত্রৈলোক্য সচরাচরম্।
তস্মাদ্ বিষ্ণুরিতি প্রোক্তঃ স্বয়মেব স্বয়ম্ভুবা॥

—নিত্য, যক্ষ গন্ধর্ব্ব নর মহাভূত এবং পন্নগগণের সহিত স্থাবর জঙ্গমাত্মক ত্রৈলোক্য আচ্ছাদিত করত অবস্থিত হও। ব্যাপ্য সচরাচর ত্রিভুবন তোমাতেই প্রবেশ করে তজ্জন্য স্বয়ং ব্রহ্মা তোমাকে বিষ্ণু ইহা বলিয়াছেন।

নারায়ণ।—নারা ইত্যুচ্যতে আপ ঋষিভি স্তত্ত্বদর্শিভিঃ।
অয়নং তস্য তৎপূর্ব্বং তেন নারায়ণঃ স্মৃতঃ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

—তত্ত্বদর্শি ঋষিগণ জলকে নারা বলেন তুমি তাহার আশ্রয় স্থান বলিয়া নারায়ণ।

গোবিন্দ।—যুগে যুগে প্রনষ্টাংগাং বিষ্ণোবিন্দসি তত্ত্বতঃ।
গোবিন্দেতি ততোনাম্না প্রোচ্যতে ঋষিভিস্তথা॥

—প্রতিযুগে সর্ব্বতোভাবে নাশ প্রাপ্ত পৃথিবীকে তুমি স্বরূপতঃ অবগত আছ বলিয়া ঋষিগণ কর্ত্তৃক গোবিন্দ নামে কথিত হও।

হৃষীকেশ।—হৃষীকানীন্দ্রিয়াণ্যাহু স্তত্ত্বজ্ঞান বিশারদাঃ।
ঈশিত্বে বর্ত্ততে হ্যেষাং হৃষীকেশস্তদুচ্যতে॥

—তত্ত্ববিৎগণ ইন্দ্রিয় সকলকে হৃষীক বলেন, ইন্দ্রিয় গণের নিয়ন্তা বলিয়া হৃষীকেশ নামে কথিত হও।

বাসুদেব।—বসন্তি ত্বয়ি ভূতানি ব্রহ্মাদীনি যুগক্ষয়ে।
ত্বং বা বসসি ভূতেষু বাসুদেব স্তদুচ্যতে॥

প্রলয় কালে ব্রহ্মাদি ভূত সকল তোমাতে বাস করে এবং তুমিও ভূতগণে অবস্থান কর তজ্জন্য বাসুদেব বলিয়া কীর্ত্তিত হইয়া থাক।

সঙ্কর্ষণ।—সঙ্কর্ষয়সি ভূতানি কল্পে কল্পে পুনঃ পুনঃ।
ততঃ সঙ্কর্ষণঃ প্রোক্ত স্তত্ত্বজ্ঞান বিশারদৈঃ॥

প্রতি কল্পে পুনঃ পুনঃ প্রাণিগণকে নাশ কর তজ্জন্য তত্ত্বজ্ঞানিগণ তোমায় সঙ্কর্ষণ বলেন।

প্রদ্যুম্ন।—প্রত্যূহেন ন তিষ্ঠন্তি স দেবাসুর রাক্ষসাঃ।
প্রতিদ্যুঃ সর্ব্বধর্ম্মানাং প্রদ্যুম্নস্তেনচোচ্যতে॥

দেব অসুর রাক্ষসগণ বিঘ্নশূন্য হইয়া অবস্থান করেন, তুমি সকল ধর্ম্মের রক্ষক তজ্জন্য প্রদ্যুম্ন বলিয়া অভিহিত হও।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অনিরুদ্ধ—নিরোধো বিদ্যতে যস্মান্নতে ভূতেষু কশ্চন।
অনিরুদ্ধ স্ততঃ প্রোক্ত পূর্ব্বমেব মহর্ষিভিঃ॥

কোন প্রাণীতে তোমার প্রতিরোধ নাই তজ্জন্য পূর্ব্ব মহর্ষিগণ তোমাকে অনিরুদ্ধ বলিয়াছেন। [মৎস্য পুরাণ ২২অঃ]

রাম নারায়ণানন্ত মুকুন্দ মধুসূদন।
কৃষ্ণ কেশব কংসারে হরে বৈকুণ্ঠ বামন॥
ইত্যেকাদশ নামানি পঠেদ্ বা পাঠয়েদ্ যদি।
জন্মকোটি সহস্রাণাং পাতকাদবমুচ্যতে॥

রাম

রাশব্দো বিশ্ববচনো মশ্চাপীশ্বর বাচকঃ।
বিশ্বানামীশ্বরো যোহি তেন রামঃ প্রকীর্ত্তিতঃ॥
রমতে রময়া সার্দ্ধং তেন রামং বিদুর্বুধাঃ॥
রা চেতি লক্ষ্মীবচনো মশ্চাপীশ্বর বাচকঃ।
লক্ষ্মীপতিং গতিং রাম প্রবদন্তি মণীষিণঃ॥
নাম্না- সহস্রং দিব্যানাং স্মরণে যৎফলং লভেৎ।
তৎফলং লভতে নূনং রামোচ্চারণমাত্রতঃ॥

রাম নামের অর্থ পূর্ব্বে করা হইয়াছে। অলৌকিক সহস্র নাম স্মরণে মানব যে-ফল লাভ করে মাত্র রাম নাম উচ্চারণে নিশ্চিত সেই ফল প্রাপ্ত হইয়া থাকে।

নারায়ণ

সারূপ্য মুক্তি বচনো না রেতি চ বিদুর্বুধাঃ।
যো দেবোঽপ্যয়নং তস্য স চ নারায়ণঃ স্মৃতঃ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নারাশ্চ কৃতপাপাশ্চাপ্যয়নং গমনং স্মৃতং।
যতোহি গমনং তেষাং সোঽয়ং নারায়ণঃ স্মৃতঃ॥
সকৃন্নারায়ণেত্যুক্ত্বা পুমান্ কল্প শতত্রয়ং।
গঙ্গাদি সর্ব্বতীর্থেষু স্নাতো ভবতি নিশ্চিতম্॥
নারঞ্চ মোক্ষণং পুণ্যময়নং জ্ঞানমীপ্সিতম্।
তয়োর্জ্ঞানং ভবেদ্ যস্মাৎ সোঽয়ং নারায়ণঃ প্রভুঃ॥

বুধগণ 'নারা' ইহার অর্থ সারূপ্য মুক্তি বলিয়া জানেন, যে জ্যোতির্ম্ময় পুরুষ তাহার আশ্রয় তিনিই নারায়ণ বলিয়া স্মরণের বিষয় হন। নারা অর্থে পাপকারী, অয়নের অর্থ গমন, যাঁহা হইতে তাহাদের গমন (অর্থাৎ পাপমুক্তি) হয় তিনি নারায়ণ। পুরুষ একবার নারায়ণ নাম উচ্চারণ করিয়া নিশ্চিত ত্রিশতকল্প গঙ্গাদি সমস্ত তীর্থ স্নানের ফল লাভ করিয়া থকে। নার অর্থে মোক্ষণ এবং পুণ্য—অয়ন, বাঞ্ছিত জ্ঞান মোক্ষ ও পুণ্যের জ্ঞান যাঁহা হইতে হয় তিনি প্রভু নারায়ণ।

অনন্ত

নান্ত্যন্তো যস্য বেদেষু পুরাণেষু চতুর্ষু চ।
শাস্ত্রগ্রন্থেষু যোগেষু তেনানন্তং বিদুর্বুধাঃ॥

চতুর্ব্বেদ পুরাণে অনেক শাস্ত্রে এবং যোগ সমূহে যাঁহার অন্ত নিনীত হয় না তজ্জন্য বুধগণ অনন্ত বলিয়া তাঁহাকে অবগত আছেন।

মুকুন্দ

মুকুমব্যয়মান্তঞ্চ নির্ব্বাণ মোক্ষবাচকং।
তদ্দদাতি যো দেবো মুকুন্দ স্তেন কীর্ত্তিতঃ॥
মুকুং ভক্তিরস প্রেম বচনং বেদ সম্মতম্।
যস্তদ্দদাতি ভক্তেভ্যো মুকুন্দস্তেন কীর্ত্তিতঃ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মুকু অব্যয় অন্ত সম্বন্ধীয় নির্ব্বাণ মোক্ষবাচক, যিনি তাহা দান করেন তিনি মুকুন্দ বলিয়া কথিত হন। মুক্ ভক্তি রস প্রেম ইহা বেদ সম্মত, যিনি ভক্তগণকে তাহা দান করেন তিনি মুকুন্দ।

মধুসূদন

সূদনং মধুদৈত্যস্য যস্মাৎ স মধুসূদনঃ।
ইতি সন্তো বদন্তীশং বেদৈর্ভিন্নার্থমীপ্সিতম্॥
মধুক্লীবঞ্চ মাধ্বীকে কৃতকর্ম্ম শুভাশুভে।
ভক্তানাং কর্ম্মনাঞ্চৈব সূদনং মধুসূদনঃ॥
পরিণামাশুভং কর্ম্ম ভ্রান্তানাং মধুরং মধু।
করোতি সূদনং যো হি স এব মধুসূদনঃ॥

যে হেতু তিনি মধু দৈত্যকে বিনাশ করিয়াছেন তজ্জন্য সাধুগণ তাঁহাকে মধুসূদন বলিয়া থাকেন। মধুশব্দ ক্লীব লিঙ্গে মধুজাত মদ্যে ও শুভাশুভ কর্ম্মে ব্যবহৃত হয়, যিনি ভক্তগণের সেই সকল কর্ম্ম বিনাশক তিনি মধুসূদন। ভ্রান্তগণের পরিণাম-অশুভকর—মধুর ন্যায় আপাতমধুর কর্ম্ম সকল যিনি বিনাশ করেন তিনি মধুসূদন।

কৃষ্ণ

কৃষিরুৎকৃষ্ট বচনো ণশ্চ সদ্ভক্তিবাচকঃ।
অশ্চাপি দাতৃ বচনঃকৃষ্ণস্তেন বিদুর্বুধাঃ॥
কৃষিশ্চ পরমানন্দে ণশ্চ তদ্দাস্য কর্ম্মনি।
তয়োর্দাতা চ যো দেব স্তেন কৃষ্ণঃ প্রকীর্ত্তিত॥
কোটিজন্মার্জ্জিতে পাপে কৃষিঃ ক্লেশে চ বর্ত্ততে।
ভক্তানাং ণশ্চ নির্ব্বাণে তেন কৃষ্ণঃ প্রকীর্ত্তিতঃ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নাম্নাং সহস্রং দিব্যানাং ত্রিরাবৃত্ত্যাতু যৎ ফলং।
একাবৃত্ত্যাতু কৃষ্ণস্য তৎ ফলং লভতে নরঃ॥

দিব্য সহস্র নাম তিনবার আবৃত্তি করিলে যে ফল হয় মানব এক-বার মাত্র কৃষ্ণ নাম উচ্চারণে তাহা লাভে সমর্থ হইয়া থাকে।

কেশব

কে জলে সর্ব্বদেহেঽপি শয়নং যস্য চাত্মনঃ
বদন্তি বৈদিকাঃ সর্ব্বে তং দেবং কেশবং পরম্॥

'কে' অর্থে জলে এবং সমস্ত দেহে যে-পরমাত্মার শয্যা—বেদবাদি-গণ সেই পরম দেবকে কেশব বলেন।

কংসারি

কংসশ্চ পাতকে বিঘ্নে রোগে শোকে চ দানবে।
তেষামরির্নিহর্ত্তা যঃ স কংসারিঃ প্রকীর্ত্তিতঃ॥

পাতক বিঘ্ন রোগ শোক ও দানব অর্থে কংস শব্দ ব্যবহৃত হয়. তাহাদের যিনি নাশকারী তিনি কংসারি বলিয়া কীর্ত্তিত হন।

হরি

রুদ্ররূপেণ সংহর্ত্তা বিশ্বানামপি নিত্যশঃ।
ভক্তানাং পালকো যো হি হরিস্তেন প্রকীর্ত্তিতঃ॥

রুদ্ররূপে যিনি বিশ্বের সংহারক এবং যিনি ভক্তের পালক তিনি হরি।

বৈকুণ্ঠ

কুণ্ঠং জড়ঞ্চ বিশ্বৌঘং বিশিষ্টঞ্চ করোতি যা।
বিকুণ্ঠাং প্রকৃতিং বেদাশ্চত্বারশ্চ বদন্তি তাং॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গুণাশ্রয়েন ভগবান তস্যাং জাত স্ব সৃষ্টয়ে।
পরিপূর্ণতমং তেন বৈকুণ্ঠঞ্চ বিদুর্বুধাঃ ।

সমস্ত বিশ্বকে যিনি সঙ্কুচিত অলস ও জড়যুক্ত করেন বেদ চতুষ্টয় তাঁহাকে বিকুণ্ঠা বলেন, ভগবান আপনাকে সৃষ্টি করিবার জন্য গুণা-শ্রয়ে তাঁহাতে জাত হন বলিয়া পরিপূর্ণতম-তাঁহাকে বুধগণ বৈকুণ্ঠ বলিয়া অবগত আছেন।

বামন

বাম বিপত্তৌ নশ্ছেদে সাক্ষাদ্ বেদেষু বর্ত্ততে।
সুরাণাং বিপদাং ছেত্তা বামনস্তেন কীর্ত্তিতঃ ॥

বাম অর্থে বিপত্তি, ন অর্থে ছেদন, সুরগণের বিপন্নাশ করেন বলিয়া বামন নামে কথিত হন।

বাসুদেব

বসুঃ সর্ব্বনিবাসশ্চ বিশ্বানি যস্য লোমসু
স চ দেবঃ পরং ব্রহ্ম বাসুদেব ইতি স্মৃতঃ ॥

যিনি সকলের নিবাস স্থান এবং বিশ্বসমূহ যাঁহার লোমে অবস্থান করে—সেই জ্যোতির্ম্ময় পরমব্রহ্ম বাসুদেব।

গোবিন্দ

গাঞ্চ বিশ্ব সমূহঞ্চ বিন্দতে যোঽবলীলয়া।
জ্ঞান সিন্ধু সমূহঞ্চ গোবিন্দস্তেন কীর্ত্তিতঃ ॥

যিনি অবলীলাক্রমে নিখিল বিশ্ব এবং জ্ঞানসিন্ধু সমুদয় অবগত হন তিনি গোবিন্দ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মুরারি

মুরঃ ক্লেশেচ সন্তাপে কর্ম্মভোগেচ কর্ম্মিনাম্।
দৈত্য ভেদেঽপ্যরিস্তেষাং মুরারি স্তেন কীর্ত্তিতঃ।

মুর শব্দের অর্থ ক্লেশ সন্তাপ, কর্ম্মিগণের কর্ম্মভোগ ও মুর নামক অসুর—তাহাদের যিনি অরি তিনি মুরারি।

মাধব

মাচ ব্রহ্ম স্বরূপা যা মূল প্রকৃতিরীশ্বরী।
নারায়ণেতি বিখ্যাতা বিষ্ণুমায়া সনাতনী॥
মহালক্ষ্মী স্বরূপা চ বেদমাতা সরস্বতী।
রাধা বসুন্ধরা গঙ্গা তাসাং স্বামী চ মাধবঃ॥

মা ব্রহ্মস্বরূপা ঈশ্বরী মূল প্রকৃতি, নারায়ণী সনাতনী বিষ্ণুমায়া মহালক্ষ্মী বেদমাতা সরস্বতী রাধা বসুন্ধরা এবং গঙ্গা—তাঁহাদের স্বামীই মাধব।

—ব্রহ্মবৈবর্ত্ত, কৃষ্ণজন্ম খণ্ডে ৪১০ অঃ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

LIBRARY
No.............
Shri Shri Ma Anandamayee Ashram
BANARAS.

দ্বিতীয় প্রবাহ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীভগবান শঙ্করাচার্য্য

[প্রবোধ সুধাকর।]

আশ্রিতমাত্রং পুরুষং স্বাভিমুখং কর্ষতিশ্রীশঃ।
লৌহমপি চুম্বকাশ্মা সম্মুখমাত্রং জড়োযদ্বৎ ॥ ২৫১ ॥
অয়মুত্তমোঽধমো বা জাত্যারূপেন সম্পদাবয়সা।
শ্লাঘ্যোঽশ্লাঘ্যো বেত্থং ন বেত্তি ভগবাননুগ্রহাবসরে ॥ ২৫২ ॥
অন্তঃস্থ ভাব ভোক্তা ততোঽন্তরাত্মা মহামেঘঃ।
খদিরশ্চম্পক ইতি কা প্রবর্ষণে কিং বিচারয়তি ॥ ২৫৩ ॥
যদ্যপি সর্ব্বত্রসম স্তথাপি নৃহরিস্তথার্পয়তি।
ভক্তাঃ পরমানন্দং রসয়ন্তি দয়াবলোকেন ॥ ২৫৪ ॥
সুতরামনন্য শরণাঃ ক্ষীরাদ্যাহার মন্তরা যদ্বৎ।
কেবলয়া স্নেহদৃশা কচ্ছপতনয়াঃ প্রজীবন্তি ॥ ২৫৫ ॥
যদ্যপি গগনং শূন্যং তথাপি জলদামৃতাংশুরূপেণ।
চাতক চকোর নাম্নোর্দৃঢ়াভাবাৎ পূরয়ত্যাশাম্ ॥ ২৫৬ ॥
তদ্বদ্ ভজতাং পুংসাং দৃগ্‌বাঙ্‌মনসামগোচরোঽপিহরিঃ।
কৃপয়া ফলত্যকস্মাৎ সত্যানন্দামৃতেন বিপুলেন ॥ ২৫৭ ॥

যেমন চুম্বকপ্রস্তর ক্রিয়াহীন হইলেও নিকটস্থিত লৌহকে আকর্ষণ করে, সেইরূপ মানুষ আশ্রিত হইবামাত্র শ্রীকৃষ্ণ তাহাকে নিজের প্রতি আকৃষ্ট করেন।

অন্তঃস্থ ভাবের পালক এবং অন্তরের অন্তরাত্মা ভগবান্ অনুগ্রহ করিবার সময় এই ব্যক্তি উত্তম এই ব্যক্তি অধম, জাতিরূপ সম্পত্তি এবং

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বর্ষণে শ্লাঘ্য বা অশ্লাঘ্য এরূপ জ্ঞান করেন না। মহামেঘ বারিবর্ষণ করিবার সময় ইহা খদির বৃক্ষ ইহা চম্পক বৃক্ষ এই বিচার কি করিয়া থাকে?

নরহরি যদ্যপি সর্ব্বত্র সমান, তথাপি তিনি সেইভাবে দয়া দৃষ্টি অর্পণ করিয়া থাকেন যাহাতে ভক্তগণ তাঁহার দয়াপূর্ণ দৃষ্টিপাতে পরমানন্দ আস্বাদন করিতে সমর্থ হয়েন। যেমন একান্ত অনন্য শরণ কূর্ম্মশিশুগণ দুগ্ধাদি আহার না করিয়াও কেবল স্নেহদৃষ্টিদ্বারা জীবিত থাকে।

যদ্যপি গগন শূন্যাকার তথাপি মেঘরূপে চাতকের, সুধাংশুরূপে চকোরের দৃঢ়ভাববশতঃ আশা পূরণ করিয়া থাকে। সেইরূপ হরি, দৃষ্টি বাক্য ও মনের অগোচর হইলেও অহেতুক কৃপাপূর্ব্বক ভক্ত-পুরুষগণের পক্ষে বিপুল সত্য আনন্দ সুধায় ফলবান্ হইয়া থাকেন ॥ ২৫৬:২৫৭ ॥

সদারাম রামেতি নামামৃতং তে
সদারাম মানন্দ নিষ্যন্দ কন্দম্।
পিবন্তং নমন্তং সুদন্তং হসন্তং।
হনূমন্তমন্তর্ভজে তং নিতান্তম্॥ ২১ ॥

শ্রীরামভুজঙ্গপ্রয়াত স্তোত্রং ॥

হে রাম! সজ্জনের আরামপ্রদ আনন্দ প্রস্রবণের মূল উৎস তোমার "রাম" এই নামামৃত যিনি সদা পান করিতেছেন, তোমায় প্রণাম করিতেছেন, শুভ্রদশন পংক্তি বাহির করিয়া হাস্য করিতেছেন, সেই হনূমানকে আমি অন্তরে একান্ত ভজনা করি ॥ ২১ ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সদারাম রামেতি নামামৃতংতে
সদারাম মানন্দ নিষ্যন্দ কন্দম্।
পিবন্নন্বহং নন্বহং নৈব মৃত্যো
র্বিভেমি প্রসাদা দসাদাত্তবৈব ॥ ২২ ॥

হে রাম ! সজ্জনগণের সতত আরামপ্রদ আনন্দপ্রস্রবণের মূল উৎস তোমার রাম এই নামামৃত আমি প্রতিদিন পান করত তোমারই অব্যাহত প্রসাদে মৃত্যুকেও ভয় করিনা ॥২২॥

শ্রীভগবান্ যামুনাচার্য্য।

পিতাত্বং মাতাত্বং দয়িত তনয়স্ত্বং প্রিয়সুহৃৎ
ত্বমেব ত্বং মিত্রং গুরুরপি গতিশ্চাসি জগতাম্।
ত্বদীয়স্তদ্ ভৃত্য স্তব পরিজনস্তদ্ গতিরহং।
প্রপন্নশ্চৈবং সত্যহমপি তবৈবাস্মি হি ভরঃ॥

ন ধর্ম্ম নিষ্ঠোঽস্মি ন চাত্মবেদী
ন ভক্তি মাং স্তচ্চরণারবিন্দে।
অকিঞ্চনোঽনন্য গতি শরণ্যং
ত্বৎপাদ মূলং শরণং প্রপদ্যে॥

ননিন্দিতং কর্ম্ম তদস্তি লোকে
সহস্রশো যন্নময়া ব্যধায়ি।
সোঽহং বিপাকাবসরে মুকুন্দ
ক্রন্দামি সংপ্রত্যগতি স্তবাগ্রে॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অপরাধ সহস্র ভাজনং পতিতং ভীমভবার্ণবে
অগতিং শরণাগতং হরে কৃপয়া কেবল মাত্মসাৎ কুরু ॥

[শ্রীভগবান্ রামানুজাচার্য্য ।]

কাকুৎস্থ শ্রীমন্ নারায়ণ অশরণ শরণ
অনন্যশরণ স্তদ্‌পাদার বিন্দ যুগলং শরণমহং প্রপদ্যে ॥
কাকুৎস্থ শ্রীমন্ নারায়ণ শ্রীপুরুষোত্তম
শ্রীরঙ্গনাথ মমনাথ নমোঽস্তুতে ॥
বাসুদেব পরং ব্রহ্ম কল্যাণ গুণ সংযুত ।
ভুবনানামুপদানাং কর্ত্তা জীব নিয়ামকঃ ॥
যা প্রীতি রাসীৎ সততং ভগবন্নাম কীর্ত্তনে ।
সা স্যাৎ প্রীতির্হি তদ্ভক্তনাম সংকীর্ত্তনে চ বঃ ॥

(প্রপন্নামৃত) ॥

সতত শ্রীভগবানের নাম কীর্ত্তনে তোমাদের যে প্রীতি, সেই প্রীত ভগবদ্ভক্তগণের নাম সংকীর্ত্তনে হউক ॥

(যতীন্দ্রকৃত চতুঃসপ্ততি বাক্যোপদেশ ।)

প্রপন্নামৃত ॥

[শ্রীভগবান রামানন্দস্বামী]

জিতেন্দ্রিয় শ্চাত্মবতো বুধোঽসকৃৎ
স্থনিশ্চিতং নাম হরে রন্নত্তমম্ ।
অপার সংসার নিবারণ ক্ষমং
সমুচ্চরেদ্বৈদিক মাচরন্ সদা ॥ ১১০ ॥

জিতেন্দ্রিয় এবং পরমাত্মানুরাগী বিদ্বান্ ব্যক্তি বেদবিহিত কর্ম্মের

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আচরণ পুরঃসর, অপার সংসার অর্থাৎ জন্ম মরণাদি বাধা নিবারণে সক্ষম, শ্রুতিস্মৃতি পুরাণাদি প্রসিদ্ধ শ্রেষ্ঠ শ্রীহরির রাম কৃষ্ণাদি নাম সকল নিরন্তর উচ্চারণ করিবে ॥

শ্রীমদ্ রাম চরণৌ শরণং প্রপদ্যে
শ্রীমতে রাম চন্দ্রায় নমঃ।

[চরম মন্ত্র।]

সকৃদেব প্রপন্নায় তবাস্মীতি চ যাচতে।
অভয়ং সর্ব্বভূতেভ্যো দদাম্যেতদ্ ব্রতংমম ॥
(শ্রীবৈষ্ণব মতাব্জ ভাস্করঃ) ॥

রথাঙ্গপাণেঃ শৃণুয়ান্নিরন্তরং
কথাঞ্চ গায়েৎ সুযশোঙ্কিতাং মুহুঃ।
রূপং ত্বদীয়ং চরাচরাত্মকং
পশ্যন্ সতাংসঙ্গ মুদারধীশ্চরেৎ ॥১৪৭ ॥

চক্রপাণি শ্রীভগবানের সুযশোঙ্কিতা কথা নিরন্তর শ্রবণ ও পুনঃপুনঃ গান করিবে চরাচরাত্মক ত্বদীয় রূপ দর্শন করিতে করিতে উদার বুদ্ধি সৎসঙ্গে অবস্থান করিবে ॥ ১৪৭ ॥

স্নানাদি কর্ম্মাণি বিধায়তত্র
শ্রীভাষ্যমেব শৃণুয়াদসক্তঃ।
চেদোবান্নাম সুসংকীর্ত্তনঞ্চ
দ্বয়ানুসন্ধানমথো বিদধ্যাৎ ॥২৭০॥

যদি স্বয়ং পাঠে মুমুক্ষু বৈষ্ণব অসমর্থ হয়, স্নানাদি নিত্যক্রিয়া পূর্ব্বক শ্রীভাষ্যশ্রীমদ্রামায়ণ শ্রীমহাভারত শ্রীমদ্ভাগবতাদি ভক্তিগ্রন্থ শ্রবণ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

রামকৃষ্ণ নারায়ণাদি নামকীর্ত্তন এবং শ্রীমদরামদ্বয় মন্ত্রের অর্থানুসন্ধান করিবে ॥ ২৭০ ॥

তদর্থ পুষ্প চয়নেন সন্ততং
তথৈব তন্মন্দির মার্জ্জনাদিনা।
তদীয় নামাভ্যাসেন তন্মনাঃ
ক্ষিপেৎ স কালং নিতরাং নিরালসঃ ॥ ১৭৪ ॥

আলস্যশূন্য মুমুক্ষুবৈষ্ণব তাঁহার জন্য পুষ্পচয়ন মন্দির মার্জ্জনা প্রভৃতি এবং তাঁহার নাম নিরন্তর কীর্ত্তনের দ্বারা তদ্গত চিত্ত হইয়া কাল ক্ষেপন করিবে ॥১৭৪

[শ্রীকবীর জী।]

ঐসা কোই না মিলা, সত্ত নামকা মীত ; তন মন সৌপৈ মির-গজোঁ, সুনৈ বধিককাগীত ॥ সুখকে মাথে সিল পরৌ, জো নাম হৃদয় সে জায়। বলিহারী বা দুঃখকী, পল পল নাম রটায় ॥ তনথির মনথির, বচনথির সুরথ নিরথ থির হোয়। কহ কবীর ইস্ পলককো, কলপ না পাবৈ কোয় ॥

[শ্রীনিবৃত্তি নাথ]

নিবৃত্তি নাথকে ধ্যেয় ভগবান্ শ্রীকৃষ্ণ হৈঁ। শ্রীগুরু গৈনী নাথনে যহ ধ্যান দিলা দিয়া ইস শ্রীকৃষ্ণরূপ ধ্যানসে নিবৃত্তি নাথ সুখী ঔর সম্পন্ন হুআ, নাম লেনেসে শ্রীগুরু গৈনীনাথকে সাথ মৈঁ তল্লীন হো জাতা হু ॥

[শ্রীজ্ঞানেশ্বর মহারাজ]

কীর্ত্তনকে নৃত্য গানসে প্রায়শ্চিত্তো কা ব্যবসায় হী নষ্ট হোগয়া ক্যোঁ কি ইস কীর্ত্তনণে ঐসা কিয়া কি, কহী পাপকা নামভী ন রহ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গয়া ॥ ১৯৭ ॥ তব যম কহনে লগা কি অব কিসকা শাসন করেঁ; দম্ কহনে লগা, কিস্‌কো দণ্ড দেঁ; তীর্থ কহনে লগে, ক্যা খায়ঁ ; ক্যোঁকি দোষতো দবাকে কামকে লিয়ে ভী কহী রহ নহী গয়া ॥ ১৯৯ ॥ ইস প্রকার মেরে নাম সঙ্কীর্ত্তনসে বিশ্বকে সারে দুঃখ নষ্ট হো জাতে হৈ ঔর সারে বিশ্বমে মহাসুখ গুঁজ উঠতে হৈ ॥২০০॥

রাব রঙ্ক দোনো বরাবর হো জাতে হৈ, ছোটে বড়েমেঁ কৈ ভেদ নহীঁ রহা জাতা, জগৎ সতত আনন্দাকা সদন বন জাতা হৈ ॥২০২॥ কভী একাধবার বৈকুণ্ঠ ধামকো চলনেকী ইচ্ছা হইতো যহ দেখতে হৈঁ কি সর্ব্বত্র হী তো বৈকুণ্ঠ বসা হুআহৈ। নাম ঘোষকী ঐসী মহিমা হৈ কি সারা বিশ্ব হী জগ মগা উঠতা হৈ ২০৩॥ (ঔর ফির) মৈঁ বৈকুণ্ঠ মেঁ নহী রহতা, চাহে মৈঁ সূর্য্য বিম্ব মেঁভী কভী ন দেখ পড়ুঁ, যোগীযাকে মনসেভী চাহে কভী নিকল জাউঁ ॥ ২০৭ ॥ পর হে অর্জ্জুন! যাঁহা লোক মেরা নাম সঙ্কীর্ত্তন কর্‌তে হৈঁ বহাঁ মৈঁ রহতা হী হুঁ যদি ন দিখায়ী দুঁ তো ভী মুঝে বহীঁ ঢুঁড় না চাহিয়ে। ।২০৮॥ মেরা কীর্ত্তন কর্‌নেবালে জো মেরে ভক্ত হৈঁ বে কীর্ত্তন সুখসে পরম সুখ লাভ কর অপনে অন্দর আপহী নিমগ্ন হো কর দেশ কালকো ভী ভুল জাতে হৈঁ ॥২০৯॥

ঔর কৃষ্ণ, বিষ্ণু, হরি গোবিন্দ ইন নামোঁকে কাব্য প্রবন্ধ রচকর ঔর উনমে বিশদ আত্ম চর্চ্চা কর্‌তে হুএ অখণ্ড গান গায়া করতা হৈঁ ॥

কৃষ্ণ বিষ্ণু হরি গোবিন্দ। যা নামাংচে নিখিল প্রবন্ধ।
মাজী আত্মচর্চ্চা বিশদ। উদণ্ড গাতী ॥ ২১০ ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

[হরি পাঠ বোধ বচন]

হরি নাম উচ্চারনেসে অনন্ত পাপ রাশি পল ভর মে ভস্ম হো জাতে হৈঁ॥ ১১।১॥ ভাব বলসে ভগবান মিলৃতে হৈঁ নহী তো নহী। করতলামলকবৎ শ্রীহরি হৈ॥ ১৪।২॥ রাম কৃষ্ণকা নাম অনন্ত রাশি তপ হৈ উস্‌কে সামনে পাপকে ঝুণ্ড ভাগতে হৈ ॥১৪।২॥ হরি হরি শিবকা মন্ত্র হৈ, জিসকা বাণী হ্মমন্ত্র জপতি হৈ উসে মোক্ষ মিলতা হৈ ॥১৪।৩॥ শাস্ত্রকা প্রমাণ হৈ শ্রুতিকা বচন হৈ কি "নারায়ণ" হী সব জপো কা সার হৈ॥ ১৯।১॥ জপতপ কর্ম্ম ধর্ম্ম হরি কা বিনা সব শ্রম ব্যর্থ হৈ॥১৯॥২॥ নামোচ্চারণমে কাল সময় কা কৈ নিয়ম নহী। দোনো পক্ষমে উদ্ধার হৈ ॥২১॥ রাম কৃষ্ণ নাম সর্ব্ব দোষ হরণ হৈ। জড় জীবকে লিয়ে হরি হী এক তরণ তারণ হৈ ॥২১॥২॥ ভাব মাত ছোড় সন্দেহছোড় হে; গলা ফাড় কর, রাম কৃষ্ণ কা পুকার॥ ২৪।২॥ এক নামকা তত্ত্ব হী মনসে দৃঢ় ধরলে হরি তুঝ পর করুণা করেগে ॥ ২৫।১॥ রাম কৃষ্ণ গোবিন্দ নাম সরল হৈ। গদ্ গদ্ হো কর, বাণীসে ইসকা পহলে জপ কর ॥ ২৬।২॥ নামসে বড়া কর কোই তত্ত্ব নহী হৈ। ব্যর্থ ঔর রাস্তোমে মত ভটক ॥ ২৬।৩॥ হরিকে বিনা য়হ সংসার ঝুটা ব্যবহার হৈ, ব্যর্থ কা আনা জানা হৈ॥ ২৭।২॥ নাম মন্ত্র জপসে কোটি পাপ নষ্ট হোগা, কৃষ্ণ নামকা সঙ্কল্প পকৃড়ে রহো ॥ ২৭।৩ ॥ নিবৃত্তি দেবকা জ্ঞান, জ্ঞানদেবকা প্রমাণ, যহ হরিপাঠ সমাধি সঞ্জীবন হৈ॥

[শ্রীচোখা মেলা]

ইস নামকে প্রতাপসে মেরা সংশয় নষ্ট হো গয়া।
ইস দেহমে হী ভগবান্‌সে ভেট হো গয়া॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

[নামদেব]

মুঝে নাম সঙ্কীর্ত্তণ আচ্ছা লগতা হৈ, বাকী সব ব্যর্থ হৈ। নমন বহ নম্রতা হৈ জো গুণ দোষ নহী দেখতী ঔর জিসকে অন্দর আনন্দ প্রকাশিত হোতা হৈ। নির্ব্বিকার ধ্যান উসকো কহনা চাহিয়ে জিসমে অখিল বিশ্ব মে মেরে বিট্ঠল কে দর্শন হোঁ ঔর ইট পর জো সমচরণ শোভা পা রহে হৈ, হৃদয় মে অখণ্ড স্মৃতি হো। কৃপণ জৈসে অপনে রোজগার মে মগ্ন রহতা ঔর রাত দিন নফে কা ধ্যান কিয়া করতা হৈ অথবা কীট জৈসে ভৃঙ্গকা ধ্যান করতা হৈ বৈসে সম্পূর্ণ ভাবকে সাথ এক বিট্ঠলকা হী ধ্যান হো, সব ভূতোঁ মে উসিকা রূপ প্রকাশিত হো। রজ তমসে অলগ সবসে নিরালা প্রেম কলাকা জো ভোগ হৈ বহী ভক্তি হৈ। প্রীতিসে একান্ত মে গোবিন্দ ভজিয়ে; ঐসী বিশ্রান্তি ঔর নহী হৈ। শরীর বাণী ঔর মনকে দ্বারা মেরা য়হী প্যারা অনুভব হৈ মো আপকে সামনে কহা য়হভী উসি উদার সর্ব্বজ্ঞ পাণ্ডু রঙ্গনে হি কহল বায়া ॥

[শ্রীসাঁবতা মালী]

নামকা ঐসা বল হৈ কি মৈ কিসী মে ভী নহী ডরতা ঔর কলি কাল কে শির পর ডংডে জমায়া করতা হূঁ। বিট্ঠল নাম গাকর ঔর নাচ কর, হম লোগ উন বৈকুণ্ঠপতিকে যহি অপনে কীর্ত্তন মে বুলা লিয়া করতে হৈ, ইসী ভজনানন্দকী দিবালী মনাতে হৈ ঔর চিত্ত মে উন বনমালীকো পকড় কর পূজা কিয়া করতে হৈ। সাঁবতা কহতা ভক্তিকে ইস মার্গপর চলে চলো, চারো মুক্তি যাঁ দ্বার পর আ গিরেগী ॥

[শ্রীসেনা নাই]

দিনকে পহলে দো প্রহর অপনা ধংধা করো ঔর ফির স্নান

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কর্কে নারায়ণ নাম জপো। ফির ছুরে অন্তরে কো মত ছুও ॥

সন্তোঁ ঔর শাস্ত্রো কী আজ্ঞা কা পালন করো ঔর শ্রীবিট্ঠলী কী শরণ লো, ইস্‌সে ভগবান্ তুম্‌হারী রক্ষা করেগে ॥

[নরহরি স্থনার]

ভগবান্ মৈ আপকা স্থনার হুঁ আপকে নামকা ব্যবহার করতা হুঁ। যহ গলেকা হার দেহ হৈ, ইসকা অন্তরাত্মা সোনা হৈ। ত্রিগুণকা সাঁচা বনাকর উসমে ব্রহ্মরস ভর দিয়া। বিবেককা হাথৌড়ী লেকর উস্‌সে কাম ক্রোধকো চুর কিয়া ঔর মন বুদ্ধিকী কৈঁ চীসে রাম নাম বরাবর চুরাতা রহা। জ্ঞানকে কাঁটেসে দোনো অক্ষরো কা তৌলা ঔর থেলী মে রখ কর থৈলী কাঁ কন্ধে পর উঠায়ে রাস্তা পার কর গয়া। যহ নরহরি স্থনার, হে হরি তেরা দাস হৈ রাত দিন তেরা হী ভজন করতা হৈ ॥

[জগমিত্র নাগা]

গোবিন্দ নাম ভজো, গোবিন্দ রূপ হৃদয়মে ধরো গোবিন্দ তুম্‌হেঁ সব সঙ্কটোকে পার কর দেঁগে ॥

[একনাথ স্বামী]

"আন্তর শুদ্ধিকা কারণ মুখ্যতঃ হরি কীর্ত্তন হৈ" কীর্ত্তনসে স্বধর্ম্মকী বৃদ্ধি হোতী হৈ, কীর্ত্তন সে স্বধর্ম্মকী প্রাপ্তি হোতী হৈ, কীর্ত্তন সে পর ব্রহ্ম সমাজতা হৈ, কীর্ত্তন কে সামনে মুক্তি ভী লজ্জিত হো কর ভাগী জাতী হৈ। ভাব ভক্তি পূর্ব্বক কীর্ত্তন করনেসে জনার্দ্দন কো সন্তোষ হোতা হৈ, এক দূসরেকা আলিঙ্গন হোতা, ঔর এক দূসরেকে গলেমে পড়ী বা হেঁ ফির বিলগ নহী হোতী, তব ভগবান বাহর ঔর অন্দর চরাচর মে প্রকট হোতে হৈ ফির সংসার মে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দেখনে যোগ্য ঔর কুছ্ নহী রহজাতা। ইস্ প্রকার মে যোগ তপ সাধনোঁকো হরি কীর্ত্তন নে অনাথ কর ডালা। কলি যুগ মে নাম স্মরণ সে হরি কীর্ত্তন মে জড়কা উদ্ধার হোতা হৈ॥

(একনাথ চরিত্র ৭ম পৃষ্ঠা)॥

অন্তশুদ্ধিকা মুখ্য সাধন হরি কীর্ত্তন হৈ। নামকে সমান ঔর কোই সাধন হীঁ নহীঁ হৈ। (একনাথী ভাগবত)॥

যহ সরল উপায় হেঁ নাম স্মরণ, নান স্মরণ সে পাপ ভস্ম হোতা হেঁ। সকাম নাম স্মরণ করনেসে বহ নাম জো ইচ্ছা হো বহপুরী কর দেতা হেঁ। নিষ্কাম নাম স্মরণ করনেসে বহনাম পাপকো ভস্ম কর দেতা হেঁ॥

ভগবৎ কৃপা

৮৬। সাধনোঁ মে মুখ্য সাধন মেরী ভক্তি হৈঁ। ভক্তি মেঁভী নাম কীর্ত্তন বিশেষ হৈঁ। নামসে চিত্ত শুদ্ধি হোতী হৈ। সাধক কো স্বরূপ স্থিতি প্রাপ্তি হোতী হৈঁ॥

৮৭। নাম জৈসা ঔর কোই সাধন নহী হৈ, নাম সে ভববন্ধন কট্ জাতা হৈ॥

শ্রেষ্ঠ ধর্ম্ম

১২৬। হৃদয় মে নিত্য ধ্যান হো, মুসে মেরা নাম কীর্ত্তন হো, কানোঁ মে সদা মেরী কথা গূজতী হো, প্রেমানন্দসে মেরী হী পূজা হো। নেত্রোঁ মেরী মূর্ত্তি বিরাজ রাহী হো। চরণোঁ মেঁ মেরে হী স্থানকী যাত্রা হো রসনা মে মেরে হী তীর্থ কা রস হো, ভোজন হাতো বহ মেরা হী প্রসাদ হো, সাষ্টাঙ্গ নমন হোঁ মেরে প্রাত আলি ঙ্গন হো আহ্লাদ সে মেরে হিঁ ভক্তা কা ঔর এক ক্যা আধাপলভ মেরী সেবা বিনা ব্যর্থ না জায়। সর্ব্বধর্ম্মোমে য়হী শ্রেষ্ঠ ধর্ম্ম হৈঁ॥

(অঃ—৩০॥)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রেমসে হরিনাম গাও; প্রেমসে কীর্ত্তন রঙ্গমে মস্ত হো কর নাচো। ইসঁসে ভী তরোগে সংসার মে তর যাওগে, ইস্‌মে কোই ঔর দূসরী বাত নহিঁ হৈঁ। একা জনার্দ্দন কী কা ভক্তিকা নিজধাম হৈ। ইস্‌সে ক্ষণমাত্রসে তর জাওগে॥

(একনাথ চরিত্র ১৫৯ পাতা)॥

বিট্‌ঠল নাম খুলা মন্ত্র হৈ বাণীসে সদা ইস নামকো জপো। ইস্‌ সে অনন্ত জন্মো কে দোষ নিকল জায়গে। সংসার মে জো আয়ে হো তো নিরন্তর বিট্‌ঠল নাম লেনে মে জরাভী আলস্য মাত করো। ইসসে সাধন সধে গে ভববন্ধন টুটেগে। বিট্‌ঠল নামকা জপ করো। একনাথ জনার্দ্দন মে রহকর উঠতে বৈঠ্‌তে, সোতে জাগতে রাতদিন বিট্‌ঠল নামকা জপ করতা হৈ॥ (একনাথ চরিত্র)॥

[শ্রীরামদাস স্বামী]

হ্যনোমি৽কীর্ত্তনাচা৽অগাধ মহিমা।
কীর্ত্তনে সন্তোষে পরমাত্মা।
সকলতীর্থ আনি জগদাত্মা
হরি কীর্ত্তনীংবসে॥ দাসবোধ॥

চালতাং বোলতাং ধংদা কারিতাং
খাতাং জেবিতাং সুখী হোতাং।
নানা উপভোগ ভোগিতাং
নাম বিস্মরোং নয়ে।
চংহূ বর্ণা নামাধিকার
নামীং নাহীং নাহান থোর।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জড় মূঢ় পৈলা পাব

পাবতীং নামেং ॥

(তুকারাম)

শ্রীকৃষ্ণ চৈতন্য।

তৃণাদপি সুনীচেন তরোরিব সহিষ্ণুনা।
অমানিনা মানদেন কীর্ত্তনীয়ঃ সদাহরিঃ।
তৃণ হতে নীচ হয়ে সদা লবে নাম।
আপনি নিরভিমানী অন্যে দিবে মান॥
তরুসম সহিষ্ণুতা বৈষ্ণব করিবে।
ভৎর্সন তাড়নে কারে কিছু না বলিবে॥
কাটিলেহ তরু যেন কিছু না বোলয়।
শুকাইয়া মৈলে তবু জল না মাগয়॥
এই মত বৈষ্ণব কারে কিছু না মাগিব।
অযাচিত বৃত্তি কিম্বা শাক ফল খাইব॥
সদা নাম লইব যথা লাভেতে সন্তোষ।
এইত আচার করে ভক্তি ধর্ম্ম পোষ॥

—শ্রীচৈতন্য চরিতামৃত।

আদি লীলা ১৭ পরিচ্ছেদ॥

শ্রীচৈতন্যদেব।

চেতো দর্পণ মার্জ্জনং ভব মহাদাবাগ্নি নির্ব্বাপণ·
শ্রেয়ঃ কৈরব চন্দ্রিকা বিতরণং বিদ্যা বধূ জীবনম্।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আনন্দাম্বুধি বর্দ্ধনং প্রতিপদং পূর্ণামৃতাস্বাদনং
সর্ব্বাত্মস্নপণং পরং বিজয়তে শ্রীকৃষ্ণসঙ্কীর্ত্তনম্ ॥

মানস দর্পণ মার্জ্জনকারী, সংসাররূপ মহাদাবানল নির্ব্বাপণ কারক, মঙ্গল কুমুদের জ্যোৎস্না বিতরণকারী, পরা বিদ্যাবধূর জীবন স্বরূপ, আনন্দ সাগর বর্দ্ধনকারী, প্রতিপদে পূর্ণ অমৃতের আস্বাদ প্রদান কারক, সকল জীবাত্মার নির্ম্মলতা সম্পাদক শ্রেষ্ঠ শ্রীকৃষ্ণ সঙ্কীর্ত্তন বিশেষভাবে জয়যুক্ত হউন ॥

কৃষ্ণ মন্ত্র হৈতে হবে সংসার মোচন।
কৃষ্ণনাম হৈতে পাবে কৃষ্ণের চরণ ॥
নাম বিনা কলিকালে নাহি আর ধর্ম্ম।
সর্ব্বমন্ত্র সার নাম এই শাস্ত্র মর্ম্ম ॥
হরের্নাম হরের্নাম হরের্নামৈব কেবলম্।
কলৌ নাস্ত্যেব নাস্ত্যেব নাস্ত্যেব গতিরন্যথা ॥
(চৈঃ চঃ আঃ ৭ পঃ) ॥

(শ্রীশ্রীচৈতন্য চরিতামৃত মধ্যলীলা ॥)

প্রভু কহে কৃষ্ণ সেবা বৈষ্ণব সেবন।
নিরন্তর কর কৃষ্ণ নাম সঙ্কীর্ত্তন ॥
সত্যরাজ কহে বৈষ্ণব চিনিব কেমনে ॥
কে বৈষ্ণব কহ তার সামান্য লক্ষণে ॥
প্রভু কহে যার মুখে শুনি একবার।
কৃষ্ণ নাম পূজ্য সেই শ্রেষ্ঠ সবাকার ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এক কৃষ্ণ নাম করে সর্ব্ব পাপক্ষয়।
নববিধ ভক্তিপূর্ণ নাম হৈতে হয় ॥
দীক্ষা পুরশ্চর্য্যা বিধি অপেক্ষা না করে।
জিহ্বা স্পর্শে আচণ্ডাল সভারে উদ্ধারে ॥
আনুষঙ্গ ফলে করে সংসারের ক্ষয়।
চিত্ত আকর্ষিয়া করে কৃষ্ণ প্রেমোদয় ॥
অতএব যার মুখে এক কৃষ্ণ নাম।
সেই বৈষ্ণব করি তার পরম সম্মান ॥

(১৫ পরিচ্ছেদ) ॥

কৃষ্ণ নাম নিরন্তর যাঁহার বদনে।
সেই বৈষ্ণব শ্রেষ্ঠ ভজ তাঁর চরণে ॥
যাঁহার দর্শনে আসে মুখে কৃষ্ণ নাম।
তাঁহাকে জানিও তুমি বৈষ্ণব প্রধান।

(ঐ ১৬ পঃ) ॥

নিরন্তর কর কৃষ্ণ নাম সঙ্কীর্ত্তন।
নিরপরাধ নাম হৈতে হয় প্রেমধন ॥

(ঐ অন্ত ৪র্থ পরিচ্ছেদ)

হর্ষে প্রভু কহে শুন স্বরূপ রাম রায়।
নাম সংকীর্ত্তন কলৌ পরম উপায় ॥
সঙ্কীর্ত্তন যজ্ঞে কলৌ কৃষ্ণ আরাধন।
সেইত সুমেধা পায় কৃষ্ণের চরণ ॥

(অন্ত্যলীলা ২০ পঃ) ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সঙ্কীর্ত্তন হইতে পাপ সংসার নাশন।
চিত্তশুদ্ধি সর্ব্বভক্তি সাধন উদ্‌গম॥
কৃষ্ণ প্রেমোদ্‌গম প্রেমামৃত আস্বাদন।
কৃষ্ণ প্রাপ্তি সেবামৃত সমুদ্রে মজ্জন॥ (ঐ)॥
অনেক লোকের বাঞ্ছা অনেক প্রকার।
কৃপাতে করিল অনেক নামের প্রচার॥
খাইতে শুইতে যথা তথা নাম লয়।
কাল দেশ নিয়ম নাহি সর্ব্বশুদ্ধি হয়॥
নামাভাস হইতে হয় সর্ব্ব পাপক্ষয়।
নামাভাস হইতে হয় সংসারের ক্ষয়।
(চৈঃ চঃ অঃ ৩ পঃ)॥

[শ্রীপাদ রূপ গোস্বামী]

বিদগ্ধ মাধব॥ (১।১২)

তুণ্ডে তাণ্ডবিনী রতিং বিতনুতে তুণ্ডাবলি লব্ধয়ে,
কর্ণ ক্রোড় কড়ম্বিনী ঘটয়তে কর্ণার্ব্বুদেভ্যঃ স্পৃহাম্
চেতঃ প্রাঙ্গনে সঙ্গিনী বিজয়তে সর্ব্বে ন্দ্রিয়াণাং কৃতিং
নো জানে জনিতা কিয়দ্ভিরমৃতৈঃ কৃষ্ণেতিঃ বর্ণদ্বয়ী॥
কৃষ্ণ ইতি অক্ষর দুটী বদনে যবে বিলসতী
বাড়য়ে রতি রসনা কোটি লাগি।
মম শ্রবণ কন্দরে যবহুঁ পুনঃ ক্রীড়তি
রতি শ্রবণ অর্ব্বুদ লাগি॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যবহুঁ পুনঃ পশয়ে হৃদি
প্রাণ মন ইন্দ্রিয়াদি
স্তব্ধ রহুঁ মানই বহুঁ ভাগি ॥
কতহুঁ সুধারস ছানি সৃজিলা বিহি না জানি ।
শশি শেখর মরমে রহুঁ লাগি ॥

—০—

(যবে) রসনায় কৃষ্ণ নাম নৃত্য করে অবিরাম
বাঞ্ছা কোটী রসনার তরে ।
তুটী কর্ণে যবে শুনি কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ ধ্বনি
তুটী চাহে কোটি হইবারে ॥
পরশয়ে যবে হৃদি প্রাণ মণ ইন্দ্রিয়াদি
কৃতার্থ মানয়ে কৃষ্ণ নামে ।
কি অমৃত রসধাম তুটী বর্ণ কৃষ্ণ নাম
কে আনিল তপ্ত ধরাধামে ॥

পদ্যাবলী ॥

নো দীক্ষাং ন চ সৎক্রিয়াং
ন চ পুরশ্চর্য্যামনাগীক্ষতে ।
মন্ত্রোঽয়ং রসনা স্পৃগেব
ফলতি—শ্রীকৃষ্ণ নামাত্মকঃ ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

[শ্রীনরোত্তম]

যেই নাম সেই কৃষ্ণ ভজ নিষ্ঠা করি।
নামের সহিত আছেন আপনি শ্রীহরি ॥

[গুরু নানক—জপজী]

এক ওঁ সৎনামু করতা পুরখু, নিরভউ নিরবৈরু।
অকাল মূরতি অজূনী সৈভং গুরু প্রসাদি জপু ॥
আদি সচ্চ, যুগাদি সচ্চ।
হৈভী সচ্চ নানক, হোসীভী সচ্চ ॥

জপ মন সৎ গুরু নাম
সৃষ্টি স্থিতি লয়কারী একসত্য নাম ধারী
জগতের সর্ব্ব কার্য্য কারণ নিদান;
নির্ভয় বিনাশহীন লুপ্ত বিরোধের চিন,
অযোনি সম্ভব দেব পুরুষ প্রধান।
বর্ত্তমানে পরে আগে, আদি অন্ত মধ্যভাগে
সত্যরূপে বিরাজিত সত্য ভগবান্;
নানক জপরে সদা সত্য ময় নাম।

(অনুবাদ কিরণচাঁদ দরবেশ)

মন্নে কী গতি কহি ন জাই।
জে কো কহে পিছে পছতাই ॥
কাগদি কলম লিখন হার।
মন্নে কা বহি কর্নি বিচার ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ঐসা নাম নিরঞ্জন হোই।
জেকো মন্‌নি জানৈ মন কোই॥

চপল মনের গতি বিচিত্রতা চায়;
শতভাগে শতমুখে শত দিকে ধায়,
অস্থির চঞ্চল মন, নহে ঋজু গতি,
কে জানে আরম্ভ তার কোথা পরিণতি;
কাগজ কলমে তাহা না যায় লিখন,
শত শত গ্রন্থ নারে করিতে বর্ণন।
সদগুরু কৃপাগুণে বশ করি শ্বাস,
দিনযামী সদা কর নামের অভ্যাস,
নামবলে অবহেলে বশ হবে মন,
নাম সমাধির মূল নাম নিরঞ্জন॥

(ঐ)

[নানক বাক্য সুধা]

রামনাম মহত্ব

না বহ মরহি নঠাগে যাঁহি।
জিনকে রাম বসৈ মন মাঁহি॥
শরীর কটাহ হোমেঁ দিস রাতী।
বরত নেম করৈ বহু ভাঁতী॥
নহিঁ তুল রাম নাম বিচার।
গুরুমুখি (রাম) নাম জপি একবার।
রাম নাম জো করহিঁ বিচার।
সো ধন বন্ত গণী সংসার॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

রামনামো-পদেশ

বিদ্যা সোধৈ ততুলহৈ, রাম নাম নিবলায় ।
সচ্চী পট্টী, সচ্চ মন পঢ়িয়ে শব্দ সুসার ॥
নানক পটে সো পণ্ডিত বীণা,
জিস রাম নাম গলে হার ॥
রাম নাম সার রস পীবৈ ।
গুরুমুখ রাম নাম রঁগ রাতে ॥

রাম নাম শিক্ষা

হলত পলত তুই লেহু সঁভার
রাম নাম অন্তর উর ধার ॥
আল-জাল বিকারতে রহিতে ।
রান নাম নিত রসনা কহিতে ॥

সব সুখ দাতা রাম হৈঁ দূসর নাহিঁন কোই ।
কহু নানক সুনুরে মনা, তেহি সুমিরত গতি হোই ॥

রাম নাম বিনা দশা

রাম নাম সঁগ মন নহি দাতা ।
জোউ কীন্হা সোউ অনেতা ॥
মন কহা বিসার্ যো রাম নাম ।
তব বিনসৈ যম সো পর্‌যো কাম ॥

'রাম নাম বিনু যা সঙ্কট মেঁ কো অব হোত সহাই' ।
'জন নানক জগ জানহু মিথ্যা,
রহহু রাম শর নাই ।'
কহা ভয়ো তীরথ-ব্রত কীয়ে,
রাম শরণ নাহিঁ আবে ।
যোগ জাপ নিষ্ফল তেহি জানৌ,
যো প্রভু যশ বিসরাবে ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জো সুখকো চাহো সদা, শরণ রামকো লেহ ॥

[শ্রীমীরা বাঈ]

রাম নাম রস পিজৈ মনুআঁ

রাম নাম রস পীজৈ ।

তজ কুসঙ্গ সতসঙ্গ বৈঠনিত,

হরি চরণ সুন লীজৈ ॥

কাম ক্রোধ মদ লোভ মোহকূঁ,

বহা চিত্তসে দীজৈ ।

মীরাকে প্রভু গিরধর নাগর,

তাহিকে রঙ্গমে ভীজৈ ॥

[শ্রীতুলসীদাস গোস্বামী]

রাম নাম রটনা ।

রাম রাম দিসি জানকী, লষণ জি দাহিনীত্তর ।
ধ্যান সকল কল্যাণ ময়, সুরতরু তুলসী তোর ॥১॥
রাম নাম মণি দীপ ধরু, জীহ দেহরী দ্বার ।
তুলসী ভিতর বাহিরহুঁ, জো চাহসী উজিয়ার ॥২॥
রাম নামকো অঙ্ক হৈ, সব সাধন হৈঁ সূন ।
অঙ্ক গায় কছু হাথ নহিঁ, অঙ্ক রহে দসগুণ ॥৩॥
রাম নামকো কল্পতরু, কলি কল্যাণ নিবাস ।
জো সুমিরত ভয়ো ভাগতে, তুলসী তুলসী দাস ॥৪॥
রাম নাম জপি জীহ জন, ভয়ে সুকৃত সুখ শালী ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তুলসী যাহা যো আলসী, গয়ো আজকী কালি ॥৫॥
রাম নাম সুমিরত সুযস. ভাজন ভয়ো কুজাত।
কুতরু কুসুর পুর রাজ মগ, লহত ভুবন বিখ্যাত ॥৬॥
রাম নাম অবলম্ব বিনু, পরমার্থকী আস।
বরসত বারিদ বুন্দগহি, চাহত চড়ন অবকাস ॥৭॥
রাম নাম বর বরণ জগ, সাবন ভাদৌ মাস।
বরসা ঋতু রঘুপতি ভগতি, তুলসী দাস সুদাস ॥৮॥
রাম নাম নর কেসরী, কণক কশিপু কলিকাল।
জাপক জন প্রহ্লাদ জিমি, পালহিঁ দলি সুরসান ॥৯॥
রাম নাম কলিকাম তরু, সকল সুমঙ্গল কন্দ।
সুমিরত করতল সিদ্ধিসব, পগ পগ পরমানন্দ ॥১০॥
রাম নাম কলিকাম তরু, রাম ভক্তি সুরধেনু।
সকল সুমঙ্গল মূল জগ, গুরুপদ পঙ্কজ রেণু ॥১১॥
রাম নাম পরতা পতে, প্রীতি প্রতীতিভরোস।
সো তুলসী সুমিরত সকল, সগুন সুমঙ্গল কোস ॥১২॥
রাম নাম সব ধর্ম্ম ময়, জানত তুলসী দাস।
যথা ভূমি বস বীজ মেঁ, নখত নিবাস অকাস ॥১৩॥
রাম নাম নিত কহত হর, গাবত বেদ পুরাণ।
হরণ অমঙ্গল অঘ অখিল, করত সকল কল্যাণ ॥১৪॥
রাম নাম সুমিরত মিটাহিঁ, তুলসী কঠিন কলেস।
স্বারথ সুখ সুপনেহু অগম, পরমারথ পরবেস ॥১৫॥
রাম নামকী লুটহৈ, লুটী জায়সে লুট।
অন্ত কাল পছতায়গো, প্রাণ জায়ঁগে ছুট ॥১৬॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

রাম নাম কহবো করৌ, জবলগি ঘটমে প্রাণ।
কবহুঁ দীন দয়ালুকে, ভনক পরৈগীকাণ ॥১৭॥
রাম নাম রতি রাম নাম গতি, রাম নাম বিশ্বাস।
সুমিরত সুভ মঙ্গল কুসল, চহুঁ দিসি তুলসী দাস ॥১৮॥
নাম ললিত লীলা ললিত, ললিত রূপ রঘুনাথ।
ললিত বসন ভূষন ললিত, ললিত অনুজ সিসু সাথ ॥১৯॥
রাম ভরত লছমন ললিত, সত্রু সমন শুভ নাম।
সুমিরত দশরথ সুবন সব, পূজহিঁ সব মন কাম ॥২০॥

[পঞ্চম শিখ গুরু]

অর্জ্জুন দেব। সুখমনী—'

[দ্বিতীয় অধ্যায়।]

যহ মাত পিতা সুত মিত ন ভাই।
মন উহা নাম তেরৈ সঙ্গ সহাই ॥
যহ মহাভয়ান দূত যম দলৈ।
তহ কেবল নাম সংগ তেরৈ চলৈ ॥
যহ সুসকল হোবৈ অতিভারি ॥
হরিকো নাম খিন মাহি উধারি ॥
অনিক পুনহ চরণ করত নহি তরৈ।
হরিকো নাম কোট পাপ পরহরৈ ॥
গুরু মুখ নাম জপহুঁ মেরে।
নানক পাবহু সুখ খনেরে ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

১

পিতা মাতা পুত্র মিত্র ভাই নাই যথা ।
ওরে মন শুধু নাম সহায় রে তথা ॥
ভীষণ যমের দূত যেখানে দলিবে ।
একমাত্র নাম তোর সঙ্গে তথা যাবে ॥
বিষম বিপদ যবে ঘটিবে তোমার ।
মুহূর্ত্তে শ্রীহরি নামে পাইবে উদ্ধার ॥
বহুপুণ্য অনুষ্ঠানে মানুষ না তরে ।
হরি নামে কোটী পাপ হরণ যে করে
গুরু মুখে শ্রুত নাম জপ অনুক্ষণ ।
নানক অনন্ত সুখ নামের স্মরণ

[অনুবাদ ৺কিরণচাঁদ দরবেশ]

২

সকল সৃষ্টিকো রাজা দুঃখীয়া ।
হরিকা নাম জপত হোয় সুখীয়া
লাখ করোরী বংধন পরৈ ।
হরিকা নাম জপত নিসতরৈ
অনিক মায়া রংগ তিষণ বুঝাবৈ ।
হরিকা নাম জপত আঘাবৈ
যহ মারগ ইহু যাত ই কেলা ।
তহ হরিকা নাম সংগ হোত সুহেলা
ঐসা নাম মন সদা ধিয়াই ঐ ।
নানক গুরু মুখ পরম গতি পাই ঐ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

২

পৃথিবীর অধিপতি তবু কত দুঃখী,
যে জপে শ্রীহরি নাম সেই মাত্র সুখী
লক্ষ কোটী বাসনার যা কিছু বন্ধন,
নিমেষে শ্রীনাম জপে হয় বিমোচন
মায়ার খেলায় মাতি তৃষ্ণা নাহি যায়,
শ্রীহরির নাম জপে সকল পালায়
আরে ভাই যেই পথে একা যেতে হবে,
সে পথের সাথী শুধু হরি নাম রবে ॥
হেন সুমধুর নাম ধ্যান কর মন.
নানক পরম গতি শ্রীগুরু চরণ ॥

—দরবেশ

৩

লক্ষ কোটি সৈন্য নারে করিতে উদ্ধার,
সকল বিপদে নাম জপে হয় পার ।
সংহার মুরতি ধরি বহু বিঘ্ন আসে;
হরি নাম সব বিঘ্ন নাশে অনায়াসে ।
বহু যোনি ভ্রমি জীব জন্মে আর মরে,
হরি নাম জপে শান্তি লভে চিরতরে ।
অহঙ্কার মলা যার কিছুতে না যায়,
হরি নামে তার কোটী পাতক ধোয়ায় ।
আনন্দে জপরে নাম ওরে মূঢ় মন,
নানক পেয়েছ সঙ্গ কি ভয় এখন ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৪

যে পথে দূরত্ব নাহি মিলে গণনায়,
হরি নাম সেই পথে সাথে সাথে যায় ॥
যে পথে বিরাজে শুধু ঘন অন্ধকার;
হরি নাম সেই পথে আলোক তোমার ॥
যে পথে নাইরে কেহ আপনার জন,
হরি নাম সেই পথে একান্ত আপন ॥
যে পথে নিদাঘ তাপে তপ্ত হয় কায়া,
হরি নাম সেই পথে সুশীতল ছায়া ॥
হরি-পিপাসায় যার মন উচাটন,
নানক, অমৃত সেথা হয় বরিষণ ॥

৫

ভক্তের জীবিকা নাম সহায় সম্বল,
সাধুর মনের শান্তি নামই কেবল ।
দাসের আশ্রয় শুধু হরি নাম সার,
হরিনামে কোটি জীব পায়গো নিস্তার ।
সাধুগণ দিবা নিশি হরিনাম গায়,
হরি নাম মহৌষধি নিরন্তর চায় ।
হরির জনের হরিনামই নিদান,
পর ব্রহ্ম নিজজনে নাম করে দান ।
তনুমন নামানন্দে মগ্ন যদি রয়,
বিবেক বৈরাগ্য সেই এ নানক কয় ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৬

মানবের মুক্তি আর যুক্তি হরি নাম,
হরিনামে চিরতৃপ্তি ভোগের বিশ্রাম।
রূপ আর রঙ্গ শুধু হরি হরি রব,
হরিনাম জপে ক্লেশ নহে তো সম্ভব।
হরির জনের কাছে নামের বড়াই,
হরির জনের শোভা হরি নাম ভাই।
হরির জনের কাছে তুল্য যোগ ভোগ,
হরি নাম জপে ঘুচে অভাবের রোগ।
হরি জন হরি নাম সেবায় নিরত,
নানক শ্রীহরি পূজা কররে সতত ॥

(৭)

হরির জনের হরি ধন ও সম্পদ,
আপনি দয়াল প্রভু দিয়াছেন পদ।
হরির জনের হরি নাম ও' আশ্রয়,
হরির প্রতাপ ছাড়া কিছু নাহি হয়।
হরি জন হরি রসে সদা ওতপ্রোত,
বাহ্যজ্ঞান শূন্য নাম সমাধিতে রত।
নাম জপে মগ্ন অষ্টপ্রহর যে জন,
ভক্ত সে প্রকাশ হয় রহেনা গোপন।
হরিভক্ত বহুজনে মুক্তি করে দান,
হরিজন সঙ্গে হবে নানকের ত্রাণ ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(৮)

নন্দনের পারিজাত শ্রীহরির নাম,
স্বরগের কামধেনু হরি গুণ গান।
সব চেয়ে সুউত্তম শ্রীহরির কথা
নামের শ্রবনে ঘুচে যায় দুখ ব্যথা।
সাধুর হৃদয়ে ঝুরে নামের মহিমা,
সাধুর প্রতাপে যায় পাপের কালিমা।
বড়ভাগ্যে সাধুসঙ্গ পায় কোন জন,
সাধুসঙ্গে হরিনাম হয়রে স্মরণ।
কহিছে নানক. নাই নামের সমান,
গুরুদত্ত নাম পায় কোনো ভাগ্যবান্॥

[৺কিরণচন্দ্র দরবেশ মহাশয়ের অনুবাদ]

[যোগী পলটুজী]

দেখৌ নাম প্রতাপসে সিলা তিরৈ জলবীচ।
সিলা তিরৈ জলবীচ, সেতমে কটক উতারী॥
নামহিকে পরতাপ বানরন লঙ্কা জারী॥
নামহিকে পরতাপ জহর মীরানে খাই।
নামহিকে পরতাপ বাল পহলাদ বচাই॥
পলটূ হরি জস না সুনৈ, তাকো কহিয়ে নীচ।
দেখৌ নাম প্রতাপসে সিলা তিরৈ জলবীচ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

[শুক সম্প্রদায় প্রবর্ত্তক স্বামী চরণদাসজী মহারাজ]

সাঁচা হরিকা নাম হৈ, ঝুটা যহ সংসার।
চরণ দাস সোঁ শুক কহী সুমিরণকর বিচার॥
শ্বাসা লেবে নাম বিনু, সো জীবন ধিক্কার।
শ্বাস শ্বাস মে নাম জপ, যহী ধারণা সার॥
উলট পুলট জপ নাম হিঁ ঢেড়া সীধা হোয়।
যাকা ফল নহিঁ জায়গা কৈসা হীলো কোয়॥
খাতে পীতে নাম লে, চলতে বৈঠে সোয়।
সদা পবিত্র যহ নাম হৈঁ, করে উজৈলা তোয়॥

[শ্রীরামদাস কাঠিয়া বাবা]

—আমাদের গ্রামে আমার পিতার বাটীর অতি নিকটে এক পরমহংস বাস করিতেন, তাঁহার নিকটে আমি সর্ব্বদাই যাইতাম, তিনি আমাকে বড় ভাল বাসিতেন। তাঁহাকে দর্শন করিতে প্রত্যহ গ্রামের লোক সকল যাইত এবং সকল শ্রেণীর লোক ধনী দরিদ্র বালক যুবা বৃদ্ধ স্ত্রীলোক এবং পুরুষ লোক সকলেই তাঁহাকে সাষ্টাঙ্গ দণ্ডবৎ করিত। আমি ইহা প্রত্যহ দেখিতাম এবং মনে করিতাম যে, এই পরমহংস বাবাজী সংসারে সকলের অপেক্ষা বড এবং তাঁহাকে আমি মনে মনে বড় শ্রদ্ধা করিতাম। আমার যখন চারি বৎসর বয়ঃক্রম, তখন একদিন আমি পরমহংসজীর নিকটে একাকী বসিয়া আছি. এবং স্নেহের সহিত তিনি আমার সহিত নানা কথা কহিতেছেন, এমন সময় অমি তাঁহাকে বলিলাম "বাবাজী মহারাজ; এই পৃথিবীতে (তুনিয়ামে) আপনি সকলের চেয়ে বড়; সকলে আসিয়া আপনার

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পায়ে মাথা অবনত করে; আমি জিজ্ঞাসা করি আপনি কি করিয়ে এইরূপ বড় হইলেন; আমাকে বলুন, আমিও তদ্রূপ করিব" ॥

—পরমহংসজী হাসিয়া বলিলেন "বাবা আমি সর্ব্বদা রাম নাম করি, রাম নামই আমাকে এমন বড় করিয়াছে, তুমি যদি সর্ব্বদা মনে মনে এই রাম নাম কর তবে তুমিও এইরূপ বড় হইতে পারিবে"। আমি বলিলাম "মহারাজ রাম নাম করিলেই এমন বড় হয়! তবে আমি রাম নাম করিব"। আমি সেই অবধি সর্ব্বদা মনে মনে রাম নাম জপিতে লাগিলাম; এবং পরমহংসজীর নিকট গেলে সময় সময় তিনিও আমাকে রাম নাম করিতে উৎসাহিত করিতেন ॥

(শ্রীরামদাস কাঠিয়া বাবাজীর জীবন চরিত)

শ্রীযুক্ত বাবাজী মহারাজ সাধারণ কল্যাণার্থী ব্যক্তির পক্ষে নিষ্কপট ভাবে ও আলস্য বর্জ্জিত হইয়া নিষ্ঠা পূর্ব্বক শ্রীভগবদ্ বিগ্রহ এবং মহাত্মা পুরুষ দিগের সেবাকেই শ্রেয়স্কর বলিয়া প্রকাশ করিতেন। সাধারণতঃ শেষ রাত্রে দুই ঘণ্টা এবং সায়াহ্নে দুইঘণ্টা কাল নাম জপ করা খুব প্রচুর বলিয়া তিনি উপদেশ করিয়াছেন, সেবা করিতে করিতে চিত্ত একাগ্র হইলে প্রকৃত প্রস্তাবে ভজনের অধিকার জন্মে। সেবার ফলে চিত্ত নির্ম্মল হইতে থাকে, আলস্য দূর হয় এবং ক্রমশঃ নিষ্ঠার বৃদ্ধির সহিত একাগ্রতার বৃদ্ধি প্রাপ্ত হয়।

(ঐ ২১০ পৃষ্ঠা)॥

[শ্রীমৎ উত্তমানন্দ স্বামী]

ভগবদ্ভাবে হৃদয় কন্দর পরিপূর্ণ হইয়া তাহারই যে বাক্যময় উচ্ছ্বাস নিঃসৃতি, তাহাই প্রকৃত নাম সঙ্কীর্ত্তন। বৈষ্ণব গ্রন্থে দুই প্রকার ভক্তি নির্দ্দিষ্ট আছে। একটির নাম বৈধী, অন্যটির নাম রাগানুগা। বৈধী ভক্তি কর্ত্তব্য বোধের অন্তর্গত, কিন্তু রাগানুগাতে কর্ত্তব্যাকর্ত্তব্য বোধ নাই। হরিনাম সংকীর্ত্তনও ঐরূপ দুই শ্রেণীতে বিভক্ত। নিয়মিত

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নাম সংখ্যা পূরণ করিতে হইবে, এই কর্ত্তব্যানুবন্ধনে আবদ্ধ হইয়া যে নিয়মিত নাম সংখ্যার পূরণ, তাহাই বৈধী নাম কীর্ত্তন। আর মহদ্ভগবদ্ভাবে হৃদয়কন্দর পরিপূর্ণিত হইয়া অলক্ষিত ভাবে তাহারই যে নামরূপ বাক্যময় তরঙ্গোৎক্ষেপ, তাহাই রাগানুগা নাম সংকীর্ত্তন। ইহাতে কোন প্রকার সংখ্যার নিয়ম নাই, সময় অসময় নাই অধিক কি —কোন কর্ত্তব্য বোধই নাই। এই হরিনামই শ্রেষ্ঠ হরিনাম।

(পাগল গুরুর পাগল চেলা ১৩০ পৃষ্ঠা)

[শ্রীবিজয়কৃষ্ণ গোস্বামী]

ঠাকুরের কথা শুনিয়া বলিলাম—চেষ্টা তো কম করি নাই; কিন্তু শ্বাস প্রশ্বাসে নাম করা অসম্ভব মনে হয়। নাম ক'রে যদি আনন্দ পাওয়া যায়, তাহলে বরং শ্বাস প্রশ্বাসে চেষ্টা করা যায়। নাম যতদিন শুষ্ক কাঠের মত নীরস থাকে,—ততদিন চেষ্টা ক'রতে ধৈর্য্য থাকবে কেন? নাম করাতে যে কি উপকার তাহাও তো বুঝিনা।

ঠাকুর বলিতে লাগিলেন—উপকার কি হ'চ্ছে তাহা এখনও বুঝবে না। শুধু নাম ক'রে যাও। ক্রমে সবই বুঝবে। শ্বাস প্রশ্বাসে নাম করা খুবই শক্ত, সন্দেহ নাই। কিন্তু তা ব'লে ছেড়ে দিতে নাই। প্রথম প্রথম নাম খুব শুষ্কই বোধ হয়। আমাকে যখন গুরুদেব শ্বাস প্রশ্বাসে নাম করতে বল্‌লেন, কিছুদিন চেষ্টা করেই আমার ভয়ানক বিরক্তি বোধ হতে লাগ্‌ল। কারণ, কিছু না বুঝে শুষ্ক নাম আর কতক্ষণ করা যায়? অনেক সময়ে নাম ক'রতে এত শুষ্কতা বোধ হ'তো যে, বৃথা নাম কর্‌ছি মনে ক'রে ছেড়ে দিতে ইচ্ছা হ'তো। তখন একদিন পরমহংসজী দর্শন দিলেন, আমি বল্‌লাম—বৃথা বৃথা এরূপ নাম আর কর্‌তে পারি না। শুষ্ক নাম নিয়ে আর কি হবে? কিছুই তো বুঝ্‌ছি না।' তখন তিনি একটু হেসে আমাকে বল্‌লেন—

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

'শুধু আমার অনুরোধ মনে ক'রে নাম ক'রে যাও। শুষ্ক বোধ হয় হউক, তাতে কি? বিরক্তি বোধ হ'লেও তাতে কোন ক্ষতি নাই। নাম ক'র্‌তে থাক; ক্রমে সব টের পাবে।' আমি পরমহংসজীর কথা-মত আবার নাম কর্‌তে আরম্ভ ক'র্‌লাম। গয়াতে আকাশ-গঙ্গায় বরাবর পাহাড়ে ও বিন্ধ্যাচলে খুব নাম ক'রে ছয় মাস কাটালাম, তখন একটু একটু টের পেতে লাগ্‌লাম। ওখানে নানাপ্রকার অবস্থা আমার হ'তে লাগ্‌ল। তখন ঘুমায়ে কি জেগে আছি, এ বিষয়েও সময়ে সময়ে সংশয় হ'তো, সে সময়ে নিঃসংশয় হ'তে কখন কখন শরীরে কাঁটা ফুটিয়ে দিয়েছি, কতই করেছি। (শ্রীশ্রীসদ্‌গুরু সঙ্গ—দ্বিতীয় খণ্ড—পৃঃ ৮২)

ভগবৎ-সন্দর্ভে উক্ত হইয়াছে—

"যত্তত্ত্বং শ্রীবিগ্রহ রূপেণ চক্ষুরাদাবুদয়তে, তদেব নামরূপেণ বাগাবাদিতি স্থিতম্। তস্মান্নামনামিনোঃ স্বরূপা ভেদেন তৎসাক্ষাৎকারে তৎসাক্ষাৎকারে এব॥" 'যে ভগবৎ-তত্ত্ব রূপ-পরিগ্রহ করিয়া দৃষ্টিপথে আবির্ভূত হন, তাহাই প্রথমে নাম-রূপে বাক্যে অবস্থান করেন। নাম ও নামী স্বরূপতঃ, অভেদ! নামের স্বরূপ স্পষ্ট উদিত হইলে, ভগবানের চিন্ময়রূপ, নামের স্বরূপের সহিত ঐক্যরূপে আবির্ভূত হন।'

'ভক্তি-সন্দর্ভে কথিত হইয়াছে—

"ভগবন্নামাত্মকা এক মন্ত্রাঃ। তত্র কেবলানি শ্রীভগবন্নামান্যপি নিরপেক্ষাণ্যেব পরমপুরুষার্থ-ফল-পর্য্যন্ত সমর্থানি। নামতো মন্ত্রেষু অধিকারসামর্থ্যমলব্ধম্॥" ভগবানের নাম মাত্রই মন্ত্র। কেবল মাত্র ভগবানের নাম কীর্ত্তন প্রভাবে ভগবদ্দর্শনরূপ পরম পুরুষার্থ লাভ হয়। নাম অপেক্ষা মন্ত্র অধিক ফল প্রদান করিতে পারে না।'

(জপসাধনা—পৃঃ ৩১)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

[৺রামদয়াল মজুমদার]

শেষরাত্রে যখন ঘুম ভাঙ্গে তখনই মুখ হাত ধুইয়া আসিয়া বিছানায় বসিয়া শয্যাকৃত্যগুলি করিতে হয়। অনেকেই ইহা করেন কিন্তু ইহাতে অনেকেরই মনে হয় না "কিছু করিলাম"। শয্যাকৃত্য করার পর "নাম" করা হউক। এখানে সংখ্যা রাখার আবশ্যক নাই। শুধু ঘন ঘন "রাম রাম" করা। মনের প্রলাপ যদি জোর করে তবে উচ্চ করিয়া রাম রাম করা উচিত। সঙ্গে সঙ্গে শ্বাসে লক্ষ্য রাখা উচিত। তার পরে শ্বাস ধরিয়া ধীরে ধীরে রাম রাম করিতে করিতে উপরে উঠা ও রাম রাম করিতে করিতে নীচে নামা।.........সর্ব্বদা রাম রাম যাঁহারা করিবেন তাঁহারা জপে পরিশ্রান্ত হইলে কথা কহিতে কহিতে ধ্যান অভ্যাস করিবেন। আবার ধ্যানে পরিশ্রান্ত হইলে আবার জপে আসিবেন। আবার জপ ও ধ্যানে পরিশ্রান্ত হইলে রামতত্ত্ব বিচার করিবেন।

(উৎসব—১৩৩১সাল—পৃঃ ৩৪৩)

শেষের দিনের অবস্থায় আপনাকে আনিয়া নাম জপ করিতে বলি—আপনাকেই বলি—অন্যে যদি শুনিতে চায় তাহাদিগকেও বলি।

শেষকালে—যদি সে সৌভাগ্য থাকে—তবে লোকে ত নাম ডাকিবেই। এখন কিন্তু এই—বিক্ষেপ কালে,—এই বিক্ষেপকেও সেই বিক্ষেপ মনে ভাবিয়া, নিতান্ত অসহায় এই নিজেকে নিজেই নাম ডাকাও। কূটস্থে প্রণবের বিন্দুতে চক্ষু আটকাইয়া, জ্যোতির্ম্ময় বিন্দুর ভিতরে ইষ্ট দেবতাকে, পরমেশ্বরকে ভাবিয়া ভাবিয়া—ধ্যান করিতে করিতে—নাম কর—নাম শুনাও। এই অভ্যাস—যতটুকু পার—করিয়া চল; শুধু আমার বুঝি কিছু হইল না—কিছুই হইবে না—ভাবিয়া বিমনায়মান হওয়ায় লাভ কি? যা হয় হউক—সহ্য কর আর

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

"তোমার আমি" বলিয়া বলিয়া নাম কর। আর ক্ষমাসার তুমি—করুণা বরুণালয় তুমি—ইহা স্মরিয়া স্মরিয়া নাম কর।

[উৎসব—১৩৩২ সাল—পৃঃ ১০৯]

[শ্রীশ্রীশঙ্কর পুরুষোত্তম তীর্থ স্বামীজী]

যাহারা ধ্যান করিতে অসমর্থ অথবা উপাস্য বস্তুতে যাহাদের মন একাগ্র হয় নাই, তাহাদিগের আলস্যরহিত হইয়া নিয়মিতভাবে মন্ত্র বা নাম-সাধনা করা আবশ্যক। ধ্যানস্থ হইতে পারাই জপের উদ্দেশ্য। বলিয়া দিতেছি যে—উচ্চৈঃস্বরে রাগ রাগিণী ও তালের সহিত নাম-কীর্ত্তনের আবশ্যকতাও আছে।—মানসিক জপের দ্বারা মনের চঞ্চলতা না কমিলে নামসংকীর্ত্তনের দিকে বেশী মন দিতে হইবে এবং নাম-কীর্ত্তন দ্বারা মন যতই মানসিক জপ বা ধ্যানে নিমগ্ন হইতে অভ্যস্ত হইবে ততই কীর্ত্তনের দিকে মন কম দিবে। মন্ত্র বা নাম জপ-সাধনা দ্বারা চিত্ত স্থির করিবার শক্তিলাভ হইলে পর, জগতের এই দৃশ্যমান্ সকল বস্তুকেই ব্রহ্ম বা আপন ইষ্ট ভাবিতে হয়। এইরূপ ভাবনার ফলে সর্ব্ববস্তুতে আত্মদর্শন ঘটে। (জপসাধনা—পৃঃ ১৯)

শ্রীশ্রীভগবানের অনন্ত নাম ও রূপের মধ্যে যাহার যে পবিত্র নাম ও পবিত্র রূপ ইচ্ছা তাঁহাকে আশ্রয় করিয়া ভক্তিসহ সাধনা করিয়া গেলে অন্তিমে নাম ও রূপের আশ্রয় সচ্চিদানন্দ-স্বরূপ শ্রীশ্রীভগবান্ বা আত্মা হৃদয়ে প্রকাশিত হইলে পর তাঁহাতে অর্থাৎ সচ্চিদানন্দ স্বরূপে নাম ও রূপ-সাগরে নদী মিলনের ন্যায় লীন হইয়া যায়। তখন এক-মাত্র সচ্চিদানন্দ ভিন্ন নাম ও রূপের পৃথক্ অস্তিত্ব আর থাকে না।

(জপসাধনা—পৃঃ ২৩)

শ্রীশ্রীভগবান শ্রীকৃষ্ণ অর্জ্জুনকে বলিয়াছেন—

বৎস! একমাত্র শ্রীশ্রীভগবানের নাম দ্বারাই সর্ব্বপ্রকার যজ্ঞফল

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

লাভ করা যায়; পৃথকভাবে অন্য যজ্ঞানুষ্ঠান করার আবশ্যকতা নাই। জপ-যজ্ঞ যখন তিনি, তখন মনে রাখিতে হইবে যে, নাম ও নামী অভেদ। কোন ভক্ত গাহিয়াছেন—

"যেই নাম সেই কৃষ্ণ ভজ নিষ্ঠা করি।
নামের সহিত ফিরেন আপনি শ্রীহরি॥

ভক্তমালে কথিত হইয়াছে—

"নামে ভগবানে হয় একই সমান।
তথাপিহ শীঘ্র 'নাম' করে ফলদান।"

[জপসাধনা—পৃঃ ৩০-৩১]

[রামকৃষ্ণ উপদেশামৃত—শ্রীইন্দুভূষণ দত্ত সংগৃহীত]

"সংসারে সবই অনিত্য, কেবল ভগবানের নামই নিত্য"।

—১০পৃষ্ঠা

"যিনি সর্ব্বক্ষণ ভগবানের নাম নিয়ে আছেন, সংসারের কোন ধার ধারেন না; কামিনী কাঞ্চনে বাসনা নাই, তিনিই হচ্ছেন সাধু"—১৫পৃষ্ঠা

"যখন একবার মাত্র হরি বা রাম বল্‌লে শরীর রোমাঞ্চ হয়, চক্ষু দিয়ে জল পড়ে, তখন ঠিক জেনো যে আর সন্ধ্যা ইত্যাদি কর্‌বার আবশ্যক নাই"—২৭ পৃঃ

"হাতে কাজ করো এবং মুখে সর্ব্বদা ভগবানের নাম করো" -৩২পৃষ্ঠা

"দেখ ঈশ্বরের নামে দৃঢ় বিশ্বাস হওয়া চাই. মনে প্রাণে তাঁর নাম করলে পাপ থাকে না, ভক্তিভরে তাকে ডাক্‌লে সংসার বন্ধন হতে উদ্ধার হওয়া যায়"—৮৬ পৃষ্ঠা

ভক্তিভরে ঈশ্বরের নাম কর্‌লে মানুষের দেহ মন ইত্যাদি পবিত্র হয়ে যায়"—৮৬ + ৮৭ পৃষ্ঠা

"রোগ সারবার জন্য যে ভগবানের নামরূপ সত্য সনাতন ঔষধ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আছে সেটা গ্রহণ না করে বিষয়বাসনা রূপ এবং আত্মীয় স্বজনের মায়া রূপ কুপথ্য পেয়ে সংসারের সার নিত্যধন ভগবানকে না ভেবে, সংসারের মায়ায় পড়ে হাবুডুবু খেয়ে মরে। তাহলেই দেখ তার ভগবানে মন রাখবার জন্য মাঝে মাঝে নির্জ্জনে থেকে তাঁর নাম করা দরকার"—

৮৯—৯০ পৃষ্ঠা

কলিকালে নামই সার

দেখ এই কলিকালে ঈশ্বরের নামই সার, এই যুগে হরিগুণ গান কর মায়ের নাম কর, হরিপ্রেমে মাতোয়ারা হয়ে ধূলায় গড়াগড়ি খাও, মার ভাবে তন্ময় হয়ে মায়ের 'পায়ে লুটিয়ে পড়, আর বল মা আমি আর কিছুই চাই না, শুধু তোরই নাম নিয়ে যেন থাক্‌তে পারি। মা ব্রহ্মময়ী দয়া করে সংসারের মায়া কাটিয়ে দিয়ে তোর মায়ায় আমায় বিভোর করে রাখ, মাগো তোর পায়ে এই মিনতি কর্‌ছি, যেন একতিলও তোর নাম না ভূলে যাই॥—৯০—৯১ পৃঃ

"তাই বল্‌ছি এই কলিযুগে হরি নামই হউক আর মায়ের নামই হোক্ ব্যাকুল হয়ে ডাকো তা হলেই তাঁরা দয়া করবেন। এই ভাবকেই ভক্তিযোগ বলে। এই কলিকালে ভক্তিযোগই সহজে সাধনা করা যায়।"

"এই হরিনামের এমনি মাহাত্ম্য যে এই হরিনাম নিয়েছে, তাকে দুদিন পরেই হউক কি দশ বছর পরেই হোক্ একদিন না একদিন হরি প্রেমে মজে ধূলায় গড়াগড়ি যেতেই হবে। তাই বল্‌ছি সংসারী এই সুধামাখা হরিনাম নিলেই কখন না কখন তার চৈতন্য আসবেই। এই হরিনাম ব্যাকুল হয়ে নিলেই সংসারী লোকের চৈতন্য লাভ হবে"।

৯৮—৯৯ পৃঃ

"প্রাণ ভরে ঈশ্বরের নাম করে যাও, তা হলে তিনিই তোমাকে তাঁর স্বরূপ বুঝিয়ে দেবেন"।—১০৩ পৃষ্ঠা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

"যে ভক্ত সে ভগবানের নাম ছাড়া অন্য বাজে কথা বলে না; কেবল অহর্নিশি মনে মনে ভগবানের নাম করতে থাকে।

"ভক্ত যখন যে অবস্থায় তাঁকে দেখ্‌তে চায়, তখনই—সেই অবস্থায় তাঁকে দেখতে পায়"।—১০৫ পৃষ্ঠা

"ভক্তের কাছে ভগবানের নাম বড়ই আদরের জিনিষ। ভক্ত তাঁর নামটি হৃদয় মধ্যে লুকিয়ে রাখে কারো কাছে বার কর্‌তে চায় না। ভক্ত ভাবে এই অমূল্যধন যদি বার করি তা হলে হয়ত কেউ কেড়ে নিতে পারে; তাই সে খুব লুকিয়ে সেই নামটি রেখে দেয়"। ১০৫—১০৬পৃষ্ঠা

"মনকে শক্ত বেড়ায় ঘিরে ফেল্‌তে হবে। যেন ঈশ্বরের নাম ছাড়া অন্য কোন বাসনা সেই বেড়ার মধ্যে যেতে না পারে"।—১২১পৃষ্ঠা।

"দেখ মরে যাবার পর শুধু ভগবানের নামই সঙ্গে যায়। তবেই দেখ এ সংসারে কলির জীবের নাম ছাড়া আর কিছু নাই। সংসারী যদি বিষয় স্ত্রী পুত্রাদিতে আসক্তিহীন হয়ে কেবল ভগবানের নাম নিয়ে সংসারে থাকে, তবে পরিণামে সেই দীনবন্ধুর পাদপদ্মে আশ্রয় লাভ কর্‌তে পারে।"

"তাই বল্‌ছি এমন দুর্লভ মানব জন্ম পেয়ে একতিলও তাঁর চরণ চিন্তা ছেড়ে থেক না। মনে প্রাণে কাতর হয়ে ভক্তি ভরে তাঁর নাম কর, তাহলেই সেই দয়াময়ের দয়া হবে"—১২২পৃষ্ঠা

"কামিনী কাঞ্চনে মন না দিয়ে খাঁটি সরল হয়ে মনের মধ্যে ব্যাকুলতা এনে ভগবানের নাম ক'রে সংসার করে যাও, তা হলেই ভগবানে আসক্তি হবে"।—১২৮ পৃষ্ঠা

"ভক্তি করে ভগবানকে যেই ডাকুক না কেন দয়াময় হরি তাঁকে উদ্ধার কর্‌বেনই"।—১৩৮—১৩৯পৃষ্ঠা

(রামকৃষ্ণ উপদেশামৃত।)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

[শ্রীশ্রীরামকৃষ্ণ কথামৃত—দ্বিতীয় ভাগ]

তাই নামও কর সঙ্গে সঙ্গে প্রার্থনা কর, যাতে ঈশ্বরেতে অনুরাগ হয়; আর যে সব জিনিস দুদিনের জন্য যেমন টাকা, মান, দেহের সুখ, তাদের উপর যাতে ভালবাসা কমে যায় প্রার্থনা কর।—৯পৃষ্ঠা।

শ্রীশ্রীরামকৃষ্ণদেব—তাঁর নাম কল্লে সব পাপ কেটে যায়। কাম, ক্রোধ, শরীরের সুখ ইচ্ছা এসব পালিয়ে যায়।

একজন ভক্ত—তাঁর নাম করতে ভাল কৈ লাগে ?

শ্রীশ্রীরামকৃষ্ণদেব—ব্যাকুল হ'য়ে তাঁকে প্রার্থনা কর, যাতে তাঁর নামে রুচি হয়। তিনিই মনোবাঞ্ছা পূর্ণ করবেন।—২২পৃষ্ঠা।

তন্নামে অরুচি বিকারে যদি অরুচি হল তাহলে আর বাঁচবার পথ থাকে না। যদি একটু রুচি থাকে, তবে বাঁচার খুব আশা। তাই নামে রুচি, ঈশ্বরের নাম করতে হয়; দুর্গানাম, কৃষ্ণনাম, শিবনাম যে বলে ঈশ্বরকে ডাকনা কেন। যদি নাম কর্ত্তে অনুরাগ দিন দিন বাড়ে, যদি আনন্দ হয়, তাহলে আর কোন ভয় নাই, বিকার কাটবেই কাটবে। তাঁর কৃপা হবেই হবে॥—২৩পৃষ্ঠা।

[শ্রীশ্রীরামকৃষ্ণ উপদেশ—স্বামী ব্রহ্মানন্দ সঙ্কলিত—যুগধর্ম্ম]

১। পরমহংসদেব সর্ব্বদা বল্‌তেন,—হাত তালি দিয়ে সকালে ও সন্ধ্যাকালে হরিনাম করো, তাহলে সব পাপ তাপ চলে যাবে। যেমন গাছের তলায় দাঁড়িয়ে হাত তালি দিলে গাছের সব পাখী উড়ে যায়, তেমনি হাত তালি দিয়ে হরিনাম করলেও দেহ গাছ থেকে সব অবিদ্যারূপ পাখী উড়ে পালায়।

২। আগে সাদাসিদে জ্বর হোত, সামান্য পাঁচন ইত্যাদিতে সেরে যেত, এখন যেমন ম্যালেরিয়া জ্বর, তেমনি ডিঃ গুপ্ত ঔষধ। আগে লোকে যোগ যাগ তপস্যা কর্‌ত, এখন কলির জীব অন্নগতপ্রাণ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তুর্ব্বল মন, এক হরি নামই একাগ্র হয়ে কর্‌লে সব সংসার ব্যাধি নাশ পায়।

৩। জান্তে অজান্তে বা ভ্রান্তে যে কোন ভাবেই হোক না কেন, তাঁর নাম কর্‌লেই ফল হবে।

কেউ তৈল মেখে নাইতে যায়; তারও যেমন স্নান হয়, আর কেউ ঘরে শুয়ে আছে, তার গায়ে জল ঢেলে দিলে তারও স্নানের কাজ হয়ে যায়।

৪। অমৃত কুণ্ডে যে কোন প্রকারে হোক্ একবার পড়তে পারলেই অমর হওয়া যায়, কেউ যদি স্তব স্তুতি করে পড়ে সেও অমর হয়, আর কাউকে যদি কোন রকমে ঠেলে সেই অমৃত কুণ্ডে ফেলে দেওয়া যায়, সেও অমর হয়; তেমনি ভগবানের নাম জান্তে অজান্তে বা ভ্রান্তে যে প্রকারে হোক্ নিলে তার ফল হবেই হবে।

৫। এই কলিযুগে নারদীয় ভক্তি মতই প্রশস্ত। অন্য অন্য যুগে নানা রকমের কঠোর সাধনের নিয়ম ছিল; সে সকল সাধনে এ যুগে সিদ্ধিলাভ করা বড় কঠিন। একে জীবের অল্প পরমায়ু তাতে মালোয়ারী (ম্যালেরিয়া) রোগে কাবু করে ফেলে, কঠোর তপস্যা কেমন করে করবে?—১৩৮—১৪১পৃষ্ঠা।

[শ্রীকুমারনাথ সুধাকর]

শ্রীনাম কি ধন জানে তা কজন
নাম জপে কিবা হয়?
সেই বিবরণ শুন দিয়া মন,
হবে পাপ তাপক্ষয়॥
যে বস্তুটী সত্য যে বস্তুটী নিত্য
অনিত্য সংসার মাঝে,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সে বস্তুর গুণ নিত্য সত্য বলি,
মানে সবে কাজে কাজে ॥
সে বস্তুর নাম নিত্য সত্য সদা
নামটী গুণ বিশেষ.
চিৎ স্বরূপ বস্তু আর তার গুণে
ভেদ নাই একলেশ ॥
দ্রব্য সহ যথা দ্রব্য গুণ তার
অভিন্ন হইয়া রয়,
নিত্য দ্রব্য সহ নাম গুণ তার
কোন ভিন্ন নয় ॥
নামের সহিত ফেরেন শ্রীহরি,
এ প্রবাদ সত্য তাই।
যেই নাম সেই, শ্রীহরি আপনি
বস্তু নামে ভিন্ন নাই ॥
হরি অঙ্গ সেবা করিবারে যেবা
বাঞ্ছা করে কায় মনে,
করেও অন্তরে হরে কৃষ্ণ হরে
জপুক সে রাত্র দিনে॥
দ্রব্য গুণ সহ বিষ ক্রিয়া ন্যায়
ফলিবে নামের ফল।
যে রূপেই কর "হেলয়া শ্রদ্ধয়া"
মরিবেই খায় যদি না জেনে গরল ॥
(নিত্য বৃন্দাবন—২৬ পৃষ্ঠা।)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

[শ্রীবিজয়কৃষ্ণ গোস্বামী]

কলিযুগে নাম ভিন্ন জীবের গতি নাই
হরের্নাম হরের্নাম হরের্নামৈব কেবলম্।
কলৌ নাস্ত্যেব নাস্ত্যেব নাস্ত্যেব গতিরন্যথা ॥
হরে কৃষ্ণ হরে কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ হরে হরে।
হরে রাম হরে রাম রাম রাম হরে হরে ॥
নাম কর সব দুঃখ জ্বালা দূরে যাবে।
(—সৎসঙ্গ সদুপদেশ।)

[শ্রীশাহান্‌শা মহারাজ—লাহোর]

ভজোরে মন রাম নাম সুখ দাই
বিনা হরি ভজন মুক্তি নাহী হোবে,
লাখোঁ কর উপায়। ভজো ইত্যাদি ॥
সুমর সুমর নরহরি হর নিসদিন,
ছাঁড়কে সব চতুরাই ॥ ভজো,
পাপ কর্ম্ম তূ কর কর বন্দে
মতিকর লোগহন্সাই ॥ ভজো,
কাহে ভট কত মায়াকে কারণ ;
মায়া না হোত সহাই ॥ ভজো,
সতহিত সব কুছ বারকে প্যারে,
করলে সুফল কমাই ॥ ভজো,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ছল অরূ কপট জো তজদে রংকৎ,
পাবে শাহান্‌শাহী ॥ ভজো,
ভূল জা সব কুছ আপে সহি তূ
রামসে লৌ কো লগাই ॥ ভজো ॥

(৩৯)

ভূলে মন সাইকো বিসার
নাম বিনা কিস বিধি উত্তরেগা
ভব সাগরসে পার। ভূলে মন।
ইতর বস্তুহেঁ অসার জগৎমে.
রাম নাম হৈ সার। ভূলে মন।
রাম নামকো জীতকো প্যারে,
শেষ সভী কুছ হার। ভূলে মন।
নিজ স্বার্থকে সব গ্রাহক হৈঁ,
ঝুটা সব কা প্যার। ভূলে মন।
রাম নামহী সত্য হৈ ভাই,
মিথ্যা সব সংসার। ভূলে মন।
হরদম হর ঘড়ী নাম জপো তুম্
জা সে হো উদ্ধার। ভূলে মন।
স্বাঁস স্বাঁস হরিনাম না বিসরে,
ঐসী বৃত্তি লো ধার। ভূলে মন।
রঙ্ক জো পকড়ে লড়কো জকড়কে,
নিশ্চয় উত্তরে পার। ভূলে মন ॥
—(আত্মরস ভজনাবলী)।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

[শ্রীশিবরামকিঙ্কর যোগত্রয়ানন্দ]

রাম নামের মত আর কোন নাম নাই। রা বলিয়া মুখব্যাদান করত মনে মনে ভাবনা করিবে যে হৃদয়ের অভ্যন্তরস্থিত যাবতীয় কলুষ-রাজি হৃদয় হইতে বহির্গত হইয়া গেল এবং তৎক্ষণাৎ মুখ বন্ধ করিয়া ভাবনা করিবে যে হৃদয়ের মধ্যে শ্রীরাম চন্দ্রকে স্থাপন করিলাম। এই ভাবে হৃদয়ের মধ্যে শ্রীরাম চন্দ্রের মূর্ত্তি স্থাপনা করিতে পারিলে, হৃদয় পরম পবিত্র হইবে ॥

* * * *

"একবার রাম নামে যত পাপ হরে পাতকীর সাধ্য নাই তত পাপ করে।"

শ্রীরাম নাম তারক ব্রহ্ম নাম, সর্ব্ব শ্রেষ্ঠ নাম, স্বয়ং দেবাদিদেব মহাদেব এই নাম সর্বদা জপ করেন। একদিন দেবাদিদেব মহাদেব স্বয়ং শ্রীপার্ব্বতী দেবীকে বলিলেন যে তুমি একবার শ্রীরাম নাম জপ কর, সহস্র বিষ্ণু নাম জপের ফল হইবে। এই রাম নামে এত অসা-ধারণ শক্তি, এই রাম নাম আমি সদা জপ করি। রাম নামের তুল্য নাম, এত অধিক শক্তিশালী মন্ত্র আর নাই। এত নাম আছে কিন্তু এমন নাম আর নাই।

* * * *

"সদা রাম নাম কর, সদা সর্ব্বদা শ্রীরামচন্দ্রকে ডাক, তাঁকে ডাকিলে কোন বিপদ থাকিবে না। যখন যে কোন দুঃখ কষ্টে পড়িবে অমনি রাম রাম বলিবে কোথায় বিপদ পালাবে।"

(—সৎসঙ্গ সদুপদেশ।)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

[প্রভুপাদ শ্রীনীলকান্ত গোস্বামী]

হরি নাম-রত্নম্

(১)

বেদামর তরুদ্ভূত মপূর্ব্বাকৃত সম্ভূতম্ ।
ফলমানন্দ চিদ্রূপং হরের্নামৈব কেবলম্ ॥

(২)

বীজং যৎ পর্ব্ব বেদানাং ত্রিবৃৎ প্রণব উচ্যতে ।
তস্যাপি বীজ ভূতংহি হরের্নামৈব কেবলম্ ॥

(৩)

গায়ত্র্যা গীয়তে যত্তদ্ যো ভর্গ ইতি শব্দতঃ ।
তাৎপর্য্যেণ তদেবতদ্ধরের্নামৈব কেবলম্ ॥

(৪)

পুরাণে চাগমে তন্ত্রে মন্ত্রে চ ভারতে তথা ।
সর্ব্বত্র সর্ব্বদা গীতং হরের্নামৈব কেবলম্ ।

(৫)

সর্ব্বদেবাভিধাঃ শশ্বৎ সরিতঃ সাগরং যথা
তথা তদভি ধাবন্তি হরের্নামৈব কেবলম্ ॥

(৬)

অসারে ভব সংসারে সারভূতং সনাতনং ।
সর্ব্বকাম প্রদং পুণ্যং হরের্নামৈব কেবলম্ ॥

(৭)

রঞ্জনং সর্ব্বচিন্তানাং ভঞ্জনং পাপ ভূভৃতাম্ ।
গঞ্জনং চিত্র ভোগানাং হরের্নামৈব কেবলম্ ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(৮)

শাক্ত-বৈষ্ণব-গাণেশ সৌর শৈবাশ্চ সাধকাঃ।
নাম-ভেদেন গায়ন্তি হরের্নামৈব কেবলম্॥

(৯)

দারাপত্য-সুহৃৎ-প্রাণ-দেহ-গেহ সমন্বিতম্।
বিশ্বং বিনাশি সত্যং হি হরের্নামৈব কেবলম্॥

(১০)

যোগ-যাগ-তপোজ্ঞানং—স্নানদান সুকর্ম্মণাম্।
সর্ব্বেষামভিলক্ষ্যং হি হরের্নামৈব কেবলম্॥

[বৈষ্ণব পরমহংস শ্রীমাধব দাস]

তাঁহার প্রধান উপদেশ—

"সদা সর্ব্বদা নাম জপ করিবে" তিনি বলিতেন :—

জপ ভজনা পুছে কোই
হরিকো ভজসো হরিকে হোই"।

প্রারব্ধ কর্ম্ম ভোগ অবশ্যম্ভাবী। তাহার ভোগ ভিন্ন তাহা ক্ষয় হয় না। সকলকেই প্রারব্ধ অনুসারে কর্ম্ম করিতে হয়। তিনি সদাই বলিতেন :—

"যৈস্কা খরচ যাট মণ
ঘরমে নাহি সের
উসকা মুদি শ্রীরামচন্দ্র
উস্‌মে কেয়া ফের"॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সদানন্দে ভাসমান থাকিয়া সদা রাম নাম মহিমা গাহিয়া বলিতেন ঃ—

হরের্নাম হরের্নাম হরের্নাম মম জীবনম্।
কলৌ নাস্ত্যেব নাস্ত্যেব নাস্ত্যেব গতিরন্যথা ॥

এই তাঁর উপদেশ—"শ্রীরাম নাম" 'শ্রীহরি নাম" ইহাই আমার জীবন। কলিতে নাম ভিন্ন অন্য গতি নাই ॥

প্রত্যুষে ৪টা হইতে ৭টা অবধি ৩ ঘণ্টা এবং সায়ং কালে ৩টা হইতে ৬টা অবধি তিন ঘণ্টা এই ৬ ঘণ্টা যেমন অবস্থায় থাক না কেন জপ ধ্যান প্রাণায়াম প্রভৃতি নিজ সাধন প্রণালী ও গুরুর উপদেশ মত নির্জ্জনে ও গোপনে আত্মচিন্তা ও ক্রিয়াদি করিতে হয়। এই উপদেশ তিনি সকলকেই দিতেন। ৬ ঘণ্টা করিয়া ভগবৎ চিন্তা করা সকলের কর্ত্তব্য ॥

(সৎসঙ্গ সদুপদেশ)

[শ্রীশ্রীপ্রভু জগবন্ধু]

সকলকে বলিতেন "হরিনাম কর" "হরিনামের মঙ্গল হউক" "তোমাদের মঙ্গল হউক" দেশে দেশে তোমরা হরিনাম প্রচার কর—" "সর্ব্বত্র হরিনাম করাও" "ইষ্ট ও পরিণাম রক্ষা পাবে" "তোমাদের বন্ধুর ভিক্ষা নিষ্ঠা ছড়াও" "আমি একাই ব্রহ্মাণ্ড ভরিয়া কৃষ্ণ কীর্ত্তন করিব" "একমাত্র হরিনামই উদ্ধারণ মন্ত্র" "হরিনামে স্বকীয় পরকীয় উদ্ধার সাধন হয়"।

[৺পুরীধামের ভূতানন্দ স্বামী]

"নামসে কোই বড়া চিজ্ দুনিয়ামে নেহি হ্যায়" অর্থাৎ নামের অপেক্ষা এ জগতে অন্য কোন বড় জিনিস নাই। অতএব সদা "নাম কর" "গুরুদত্ত নাম কর" আর গুরুলাভ না হইলে শ্রীভগবানের চরণে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গুরুলাভের জন্য প্রকৃত পিপাসা জাগাও, নিশ্চয় গুরুলাভ হইবে.। গুরু ত" শ্রীভগবান্" এবং "শ্রীভগবানের করুণা ও কৃপা" শ্রীভগবানের কৃপাই মূর্ত্তি পরিগ্রহ করিয়া জীবের প্রাক্তন কর্ম্মানুসারে এবং ইহ-জন্মের সাধন ভজন তপস্যা ও আন্তরিক ইচ্ছার ফলই গুরুরূপে আবির্ভূত হয়েন ॥

—সৎসঙ্গ সদুপদেশ ॥

[শ্রীমৎ স্বামী নিগমানন্দ পরমহংস]

শাস্ত্র সাগর মন্থন করিয়া হরিনাম সুধার উদ্ভব হইয়াছে। এই সুধা-পানে মর জগতের জীব অমরত্ব লাভ করিয়াছে, করিতেছে ও করিবে। এইজন্য সকল সম্প্রদায়ের ভক্তগণই হরিনাম সঙ্কীর্ত্তনের অনুষ্ঠান করিয়া থাকেন। ইহা সর্ব্বপ্রকার সাধন ভক্তির সর্ব্বপ্রধান অঙ্গ। বৈষ্ণব কবি বলিয়াছেন ঃ—

সেই নাম সেই কৃষ্ণ ভজ নিষ্ঠা করি।
নামের সহিত আছেন আপনি শ্রীহরি ॥

(শ্রীনরোত্তম)

নাম ও নামী যে অভিন্ন বস্তু তাহা শাস্ত্র সম্মত। সুতরাং ভগবানের সমস্ত শক্তিই তদীয় নাম মধ্যে নিহিত আছে কিন্তু নাম সর্ব্বত্র শক্তি প্রকাশ করেন না, পাত্রের অনুরূপ ভাবেই শক্তি প্রকাশ করেন ॥

* * * *

হরিনাম ভক্তি লতিকার বীজ স্বরূপ। উহা নিরপরাধ ব্যক্তির সরল হৃদয় ক্ষেত্রে উপ্ত হইলে অচিরাৎ অঙ্কুরোদ্গম হয়—রত্যাদির লক্ষণ প্রকাশিত হয়। কিন্তু যাহার হৃদয় বহুল অপরাধে প্রস্তর সদৃশ কঠিন হইয়া পড়িয়াছে তাহার চিত্তক্ষেত্রে নাম বীজ উপ্ত হইলেও অঙ্কুর হয়না ভক্তি চিহ্ন প্রকাশিত হয়না সুতরাং অপরাধী ব্যক্তি নাম কীর্ত্তন করিলেও ভক্তি সুখের মুখ দেখিতে পায়না।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ভক্তি শাস্ত্র মতে অপরাধ দুই প্রকার, এক সেবাপরাধ অপর নামাপরাধ। ইহাদের মধ্যে সেবাপরাধ দ্বাত্রিংশ প্রকার, ও নামাপরাধ দশ প্রকার বলিয়া কীর্ত্তিত হইয়াছে।

যানাদি বাহনে কিম্বা পদে পাদুকা প্রদান করিয়া ভগবদ্ গৃহে গমন, ভগবৎ প্রীত্যর্থে কৃত উৎসব অর্থাৎ দোলরাসাদি উৎসবের অকরণ, দেবতার সম্মুখে প্রণাম না করা, উচ্ছিষ্ট লিপ্ত দেহে অথবা অশৌচে ভগবদ্‌বন্দনাদি, এক হস্তদ্বারা প্রণাম, দেবতার সম্মুখে পদচারণ, দেবতার অগ্রে পাদ প্রসারণ, ভগবানের অগ্রে হস্তদ্বয় দ্বারা জানুদ্বয় বন্ধন পূর্ব্বক উপবেশন, শ্রীমূর্ত্তির অগ্রে শয়ন, ভোজন, মিথ্যা কথন, উচ্চৈঃস্বরে ভাষণ, পরস্পর কথোপকথন, রোদন, কলহ, কাহারও প্রতি নিগ্রহ, কাহারও প্রতি অনুগ্রহ, সাধারণ মনুষ্যের প্রতি নিষ্ঠুর ভাষণ, কম্বলের আবরণে গাত্র ঢাকিয়া সেবাদি কার্য্য করণ, দেবতার অগ্রে পরনিন্দা-পরস্তুতি, অশ্লীল ভাষণ, অধোবায়ু পরিত্যাগ, সামর্থ্য থাকিতেও কুণ্ঠতা প্রকাশ পূর্ব্বক অল্পব্যয়ে ভগবৎ উৎসবাদি নির্বাহ করণ, অনিবেদিত দ্রব্য ভক্ষণ, নব শস্যাদি ভগবানকে সমর্পণ না করা, আনিত দ্রব্যের অগ্রভাগ অন্যকে দিয়া অবশিষ্ট ভাগদ্বারা দেবতার ভোগ, শ্রীমূর্ত্তির দিকে পৃষ্ঠ করিয়া উপবেশন, শ্রীমূর্ত্তির সম্মুখে অন্যকে প্রণাম করণ, শ্রীগুরুদেবের বিনানুমতিতে তুষ্ণীম্ভাবে তন্নিকটে উপবেশন, দেবতা নিন্দন, এবং আপনার প্রশংসা করণ—এই বত্রিশ প্রকার সেবাপরাধ।

আর সজ্জনের নিন্দা, নামাদির স্বাতন্ত্ররূপে মনন, শ্রীগুরুদেবের প্রতি অবজ্ঞা প্রকাশ, বেদ ও বেদানুগত শাস্ত্রের নিন্দা, হরিনামের মাহাত্ম্যে "এত অর্থবাদ অর্থাৎ স্তুতিমাত্র" ইত্যাদি মনন, প্রকারান্তরে নামের অর্থ কল্পন, নাম বলে পাপে প্রবৃত্তি, অন্যক্রিয়ার নামের তুল্যত্ব চিন্তন, শ্রদ্ধা বিহীন জনকে নামোপদেশ এবং নাম মাহাত্ম্য শ্রবণে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অপ্রীতি এই দশ প্রকার নামাপরাধ। এই উভয় প্রকার অপরাধীর হৃদয়ে প্রেম বিকার প্রকাশিত হয় না।

এমনকি অপরাধী ব্যক্তি বহুজন্ম ব্যাপিয়া হরিনাম করিলেও প্রেম ভক্তি লাভ করিতে পারে না। যথাঃ—

বহুজন্ম করে যদি শ্রবণ কীর্ত্তন।
তবু নাহি পায় কৃষ্ণপদে প্রেমধন॥

(শ্রীচৈতন্য চরিতামৃত)॥

অতএব সেবাপরাধ ও নামাপরাধ পরিবর্জ্জন করিয়া প্রতিদিন হরিনাম সঙ্কীর্ত্তন করিবে। হরিনাম কীর্ত্তন প্রভাবে সর্ব্বাভীষ্ট পূর্ণ হয়। সমুদায় পুরুষার্থ সিদ্ধ হয়। প্রেম ভক্তি ভগবৎ সেবা এক হরিনাম কীর্ত্তন দ্বারা লাভ করা যায়। তাই সকল শাস্ত্রেই নামের মহিমা সকলের কণ্ঠেই নামের গৌরব গীতি শুনিতে পাওয়া যায়। ক্রমাগত নাম লইতে লইতে আপন হইতেই প্রেম ভক্তির সঞ্চার হইবে। অতএব ভাবানুযায়ী বন্ধু বান্ধব লইয়া প্রত্যহ নাম সঙ্কীর্ত্তন করা ভক্তি লাভের সর্ব্বপ্রধান উপায়। নাম করিতে করিতে আনন্দ সাগর উথলিয়া উঠিবে প্রাণে শান্তি পাইবে। বিষয় বাসনা তিরোহিতা হইয়া শুদ্ধা ভক্তির সঞ্চার হইবে।

—(প্রেমিক গুরু)—

[ব্রজবিদেহী মহন্ত সন্তদাস বাবাজী]

"নামের শক্তি অমোঘ তাহা কখন ব্যর্থ হইবে না। নিশ্চয়ই এ ব্যক্তি উদ্ধার হইয়া যাইবে।"॥

(সন্তদাস চরিত ৪২২পৃষ্ঠা)।

"নাম কর—নাম কর সব ঠিক হয়ে যাবে"

(৪২৩ পৃষ্ঠা।)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ভক্তি শাস্ত্র মতে অপরাধ দুই প্রকার, এক সেবাপরাধ অপর নামাপরাধ। ইহাদের মধ্যে সেবাপরাধ দ্বাত্রিংশ প্রকার, ও নামাপরাধ দশ প্রকার বলিয়া কীর্ত্তিত হইয়াছে।

যানাদি বাহনে কিম্বা পদে পাদুকা প্রদান করিয়া ভগবদ্ গৃহে গমন, ভগবৎ প্রীত্যর্থে কৃত উৎসব অর্থাৎ দোলরাসাদি উৎসবের অকরণ, দেবতার সম্মুখে প্রণাম না করা, উচ্ছিষ্ট লিপ্ত দেহে অথবা অশৌচে ভগবদ্‌বন্দনাদি, এক হস্তদ্বারা প্রণাম, দেবতার সম্মুখে পদচারণ, দেবতার অগ্রে পাদ প্রসারণ, ভগবানের অগ্রে হস্তদ্বয় দ্বারা জানুদ্বয় বন্ধন পূর্ব্বক উপবেশন, শ্রীমূর্ত্তির অগ্রে শয়ন, ভোজন, মিথ্যা কথন, উচ্চৈঃস্বরে ভাষণ, পরস্পর কথোপকথন, রোদন, কলহ, কাহারও প্রতি নিগ্রহ, কাহারও প্রতি অনুগ্রহ, সাধারণ মনুষ্যের প্রতি নিষ্ঠুর ভাষণ, কম্বলের আবরণে গাত্র ঢাকিয়া সেবাদি কার্য্য করণ, দেবতার অগ্রে পরনিন্দা-পরস্তুতি, অশ্লীল ভাষণ, অধোবায়ু পরিত্যাগ, সামর্থ্য থাকিতেও কুণ্ঠতা প্রকাশ পূর্ব্বক অল্পব্যয়ে ভগবৎ উৎসবাদি নির্বাহ করণ, অনিবেদিত দ্রব্য ভক্ষণ, নব শস্যাদি ভগবানকে সমর্পণ না করা, আনিত দ্রব্যের অগ্রভাগ অন্যকে দিয়া অবশিষ্ট ভাগদ্বারা দেবতার ভোগ, শ্রীমূর্ত্তির দিকে পৃষ্ঠ করিয়া উপবেশন, শ্রীমূর্ত্তির সম্মুখে অন্যকে প্রণাম করণ, শ্রীগুরুদেবের বিনানুমতিতে তুষ্ণীভাবে তন্নিকটে উপবেশন, দেবতা নিন্দন, এবং আপনার প্রশংসা করণ—এই বত্রিশ প্রকার সেবাপরাধ।

আর সৎসকলের নিন্দা, নামাদির স্বাতন্ত্র্যরূপে মনন, শ্রীগুরুদেবের প্রতি অবজ্ঞা প্রকাশ, বেদ ও বেদানুগত শাস্ত্রের নিন্দা, হরিনামের মাহাত্ম্যে "ইহা অর্থবাদ অর্থাৎ স্তুতিমাত্র" ইত্যাদি মনন, প্রকারান্তরে নামের অর্থ কল্পন, নাম ব'লে পাপে প্রবৃত্তি, অন্যক্রিয়ার নামের তুল্যত্ব চিন্তন, শ্রদ্ধা বিহীন জনকে নামোপদেশ এবং নাম মাহাত্ম্য শ্রবণে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অপ্রীতি এই দশ প্রকার নামাপরাধ। এই উভয় প্রকার অপরাধীর হৃদয়ে প্রেম বিকার প্রকাশিত হয় না।

এমনকি অপরাধী ব্যক্তি বহুজন্ম ব্যাপিয়া হরিনাম করিলেও প্রেম ভক্তি লাভ করিতে পারে না। যথাঃ—

বহুজন্ম করে যদি শ্রবণ কীর্ত্তন।
তবু নাহি পায় কৃষ্ণপদে প্রেমধন॥
(শ্রীচৈতন্য চরিতামৃত)॥

অতএব সেবাপরাধ ও নামাপরাধ পরিবর্জ্জন করিয়া প্রতিদিন হরিনাম সঙ্কীর্ত্তন করিবে। হরিনাম কীর্ত্তন প্রভাবে সর্ব্বাভীষ্ট পূর্ণ হয়। সমুদায় পুরুষার্থ সিদ্ধ হয়। প্রেম ভক্তি ভগবৎ সেবা এক হরিনাম কীর্ত্তন দ্বারা লাভ করা যায়। তাই সকল শাস্ত্রেই নামের মহিমা সকলের কণ্ঠেই নামের গৌরব গীতি শুনিতে পাওয়া যায়। ক্রমাগত নাম লইতে লইতে আপন হইতেই প্রেম ভক্তির সঞ্চার হইবে। অতএব ভাবানুযায়ী বন্ধু বান্ধব লইয়া প্রত্যহ নাম সঙ্কীর্ত্তন করা ভক্তি লাভের সর্ব্বপ্রধান উপায়। নাম করিতে করিতে আনন্দ সাগর উথলিয়া উঠিবে প্রাণে শান্তি পাইবে। বিষয় বাসনা তিরোহিতা হইয়া শুদ্ধা ভক্তির সঞ্চার হইবে।

—(প্রেমিক গুরু)—

[ব্রজবিদেহী মহন্ত সন্তদাস বাবাজী]

"নামের শক্তি অমোঘ তাহা কখন ব্যর্থ হইবে না। নিশ্চয়ই এ ব্যক্তি উদ্ধার হইয়া যাইবে।"॥

(সন্তদাস চরিত ৪২২পৃষ্ঠা)।

"নাম কর—নাম কর সব ঠিক হয়ে যাবে"

(৪২৩ পৃষ্ঠা।)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

"নিত্য ভগবৎ নাম জপ করিতে ভুলিবে না, যেরূপেই হউক সময় করিয়া মন্ত্র জপ করিবে" (৫০০ পৃষ্ঠা)

"অন্য সময়ে, চলিতে ফিরিতে (এমনকি পায়খানায় বসিয়াও) নাম জপ করা যায়। কিন্তু মালায় নয় মনে মনে, বৃথা সময় নষ্ট করিও না।"

(১৪০ পৃষ্ঠা)

[রামানন্দীয় শ্রীবৈষ্ণব বাবা লছমন দাস]

সদা সত্য কথা বলিবে, মিথ্যা কথা না বলিলে ও পরস্ত্রীর প্রতি অভিলাষ ও কুদৃষ্টি না করিলেই মানব ভগবান্ লাভ করিতে পারে। পরস্ত্রী অভিলাষ ও অনৃত ভাষা পরিত্যাগ করিয়া ঈশ্বরের নাম করিলেই মানবের ভগবদ্দর্শন নিশ্চয়ই হইবে।

(সৎসঙ্গ সদুপদেশ)

[শ্রীশ্রীগুরুদেব ভগবান্ শ্রী ১০৮ দাশরথি স্মৃতিভূষণ।]

তৃনসম নীচতর হয়ে মান ত্যাগী
তরুসম সহ্যশীল দৃঢ় অনুরাগী
হরিসম মানদিয়ে জগৎ বাসীরে
প্রেমভরে বলভাই হরে কৃষ্ণ হরে॥

হরি হরি হরি বল প্রাণ ভরি ছাড়িয়া বিষয় বাসনা।
কে জানে কখন আসিবে শমন আরতো বলিতে পাবে না॥

আশা বিষলতা পাশে জড়াইয়ে
কতদিন রবে আপনা ভুলিয়ে
ও তোর গেল কাল বয়ে এলো কাল ধেয়ে
সে কথা কি মনে আসে না॥

যাগ যজ্ঞ আদি যাহা কিছু ছিল

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গেলো একে একে দেখিয়া বিফল
শ্রীহরি চৈতন্যরূপে অবতীর্ণ
করিলেন নাম ঘোষনা ॥
দীন হীন কয় ভাবিয়া বিশেষ
বৃথা কাজে দিন করোনাকো শেষ
হরি হরি বলে নাচ বাহুতুলে
দূরে যাবে ভবের ভাবনা ॥

———

১। নাম প্রেমী ভক্ত।

আমি সাগর সেচিয়া পেয়েছি অমিয়া অমূল্য পরশমণি।
প্রাণের অতুল আরাম প্রাণারাম নাম অতুল সুখের খনি ॥
এ নাম ক'রে কণ্ঠহার কণ্ঠেতে আমার রেখেছি কতনা করে।
আমি কতনা যতনে বুকভরা ধনে রাখিয়াছি বুকে ধরে ॥
এ নাম রেখেছি শ্রবণে নয়নে নয়নে কতনা আদর করে।
এ নাম প্রণাম করেছি শিরেতে ধরেছি বার বার ভক্তিভরে ॥
আমি সেবানন্দে মাতি প্রেমানন্দে ভাসি কতকি বলিয়া ফেলি।
আমার হৃদি কুঞ্জবনে পেয়ে প্রেমধনে করি কত সুখে কেলি ॥
সে যে সকল ভরিয়া উঠেছে ফুটিয়া জীবনের সব ভাগে।
এখন উঠিতে বসিতে চলিতে ফিরিতে সেই পরাণে জাগে ॥
সে যে কত সুখ দিতে আসিয়াছে চিতে এত কে জানিত আগে।
আমি যত সুধা খাই তত মজে যাই নব প্রেম অনুরাগে ॥
এখন যায় যাক্ প্রাণ, নাহি জানি আন, নাম কেবল নাম।
এবার নাম বুকে ধ'রে অনায়াসে ত'রে যাব সে আনন্দ ধাম ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

২। নাম প্রেমী ভক্ত।

হরি বল হরি বল আর কি ভবে আছে বল।
হরি যে দুর্ব্বলের বল ভবপারের সম্বল ॥
হরিনামে বাঁধ ভেলা হেলা করোনা বেলা গেল।
দুর্লভ মানব জনম.জনম পেয়েছ ভাল ॥
আজ ভজব কাল ভজব ব'লে বৃথা কাজে দিন ফুরাল;
কাল শমন নিকটে এল, তার উপায় কি হবে বল ॥

[শ্রীমৎ কিরণচাঁদ দরবেশ]

জপ নাম জপ নাম

ঘন আঁধারে
তর পাথারে
ধাঁধা মাঝারে
মধুনাম।
সুধা মঙ্গল
পূত উজ্জ্বল
দীন সম্বল
মধুনাম।
ভবে আসিয়া
ভাবে ভাসিয়া
মোহ নাশিয়া
মধুনাম।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কাম কাঞ্চনে
লাস-লাঞ্ছনে
সাধ বাঞ্ছনে
মধুনাম।

রিপু শাসনে
ভোগ নাশনে
যোগ আসনে
মধুনাম ;

প্রাণ তর্পণে
মন অর্পণে
চিত্ত দর্পণে
মধুনাম।

আশা ছলনে
নেশা দলনে
প্রেম মিলনে
মধুনাম,

স্নেহ চন্দনে
হেলা বন্দনে
হাসি ক্রন্দনে
মধুনাম।

কথা বলিতে
পথে চলিতে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গাহ ললিতে
মধুনাম।
প্রাণ বন্দরে
হৃদি কন্দরে
গূঢ় অন্দরে
মধুনাম ॥
চির জীবনে
চির মরণে
চির শরণে
মধুনাম।
চির আশ্বাসে
দৃঢ় বিশ্বাসে
প্রতি নিশ্বাসে
মধুনাম ॥
(—মন্দির)

(২৪)

দিবস যামিনী কর হরিনাম গান,
নামই নিখিল বিশ্বে সুখের নিদান ॥
যার যেই নামে পাপ তাপ হরে,
সেই তার হরিনাম বাহিরে অন্তরে।
প্রতি নিশোয়াসে জপ অজপার যাগে,
ব্রহ্মানন্দ লাভ হবে নামের পরাগে ;

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রলয়ে ডুবিয়া যায় সকল সংসার,
কি ভয় তোমার তাহে কর নাম সার ॥

দারা সুত পরিবার কিছুই না রবে,
কি জানি দুদিন বাদে কোথা যেতে হবে।
ব্যর্থ স্বপনের পুরী রচিয়াছ তুমি,
এ সংসার নহে তোর চির বাসভূমি।
কে জানে অবনী মাঝে নামের মহিমা,
স্বর্গ মর্ত্ত্য রসাতলে কে পাইবে সীমা।
নামময় এ ব্রহ্মাণ্ড নামে কর রতি,
ভক্তি মুক্তি শক্তি করে নামেতে বসতি ॥

পুরুষ প্রকৃতি রূপে নামই বিহরে,
হৃদয় নিকুঞ্জ বনে কমলের থরে।
প্রতি পলে চিনে লও জপের সন্ধান,
এ সুধা জীবের লাগি তাঁরই পুণ্য দান ॥

কি হবে তিলক মালা বাহিরের সাজ,
শ্বাস যদি বশ মানে সেই বড় কাজ;
ডুবে রহ প্রাণারামে সমাধি আসনে,
সেথা তোর হবে স্থান নামের ভাষণে।

বরষা রবির তাপ নিবারণ তরে,
পথিক কতই যত্নে ছত্র শিরে ধরে,
পথ শেষে আর কিবা প্রয়োজন তার ?
বাহিরের অনুষ্ঠান তেমনি প্রকার।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কনক মন্দির হের অন্তরে তোমার,
নাম তার একমাত্র প্রবেশ দুয়ার,
আনন্দ মথন সেই অন্দর বাজারে.
নাম বিনা আর কিছু প্রবেশিতে নারে।

প্রকৃতির বীণা যন্ত্রে ঝঙ্কারে ওঁকার,
নদী গিরি বনে তাঁরি সুষমা প্রচার,
ফুলের সুরভি শ্বাস বহিয়া পবন,
নামের মহিমা শুধু করে আলাপন।

গগনের গ্রহতারা পূর্ণিমার চাঁদ,
পেতেছে নামের মধু মোহনিয়া ফাঁদ
ভ্রমরা গাহিছে গান করি গুণ গুণ.
কুসুমের হিয়া বিদ্ধ সে রসের তূণ।

প্রেমালসে পিক বধূ তুলিয়াছে সুর,
বিশ্ব যন্ত্রে সাধা বীণা মৃদুল মধুর ॥
দুলে দুলে হেসে হেসে গাহিছে মাধবী,
সে হাসি দেখিয়া হাসে আকাশের রবি,
সে হাসি মাখিয়া হাসে কাননের কুসুম,
নাম সুধা স্বাদ লাগি পড়িয়াছে ধূম।
সবে মাতোয়ারা হয়ে মহিমা প্রকাশে,
প্রতি অণু পরমাণু নাচে নামাভাসে।

জগৎ জুড়িয়া কিবা সমস্বর তান,
ফুকারে মঙ্গল শঙ্খ নাম গুণ গান।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সংসার পড়িয়া থাক কে তাহারেচায় ;
মাতোয়ারা হয়ে রব নামের ছটায় ।
নাম রসে ডুবে রব উঠিব না আর,
বিবশে ঘুমায়ে রব জ্যোতিতে তাঁহার ;
সাঁতার ভুলিয়া যাব অবশ মাতাল,
বহিবে বিবিধ রঙ্গে তরঙ্গ উতাল ।

রসে ভরা নাম মধু কর আস্বাদন,
নাম বলে ঘুচে যায় জনম মরণ ।
ত্রিগুণ অতীত নাম আনন্দ নন্দন,
ত্রিজনমে মানবের ঘুচিবে বন্ধন ।
নাম নামী নামদাতা এ তিন অভেদ,
ধীরে গুঞ্জরিয়া কহে স্থির চিত্ত বেদ ।
সময় থাকিতে সদা কর নাম গান,
পুলকিত হবে চিত জুড়াবে পরাণ ।

(—মন্দির)

[শ্রীশ্রীনাম মাহাত্ম্য—ঠাকুর হরনাথ কৃত]

নামই মন্ত্র, নামই তন্ত্র, নামই ঈশ্বর। শয়নে, স্বপনে সদাই নামে ডুবিয়া থাক। নাম হইতে বড় আর কিছুই নাই। কৃষ্ণ হইতেও কৃষ্ণের নাম বড় ও গুরু বস্তু। কৃষ্ণ নাম একটী মহৌষধি ; অন্যান্য ঔষধে কেবল মাত্র দৈহিক রোগ নাশ করে, কৃষ্ণনাম পরমার্থিক ব্যাধি নাশ করে জীবকে পবিত্র করে ও শান্তিময় বৃন্দাবনে লইয়া যায়। ভবরোগ নাশের এমন ঔষধ আর নাই। শারীরিক ব্যাধি নামা-

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ভাসে নষ্ট হইয়া শরীর পবিত্র হয়। যখন নামে এত বিশ্বাস হয় যে নাম সাক্ষাৎ কৃষ্ণ, তখনি ভবরোগ নিবারণ হয়। সামান্য শারীরিক ব্যাধির কথাই নাই। নাম কর, জগৎ তোমার হইয়া যাইবে—তুমি তাঁর হইয়া যাইবে। চিরানন্দে ডুবিয়া থাকিবে। নিরানন্দের ছায়াও কখন দেখিতে হইবে না, আধিভৌতিক, আধ্যাত্মিক কোন ভয়ই তোমার থাকিবে না, সকল ভয়ই ভয় পাইয়া দূরে পলায়ন করিবে। চির দিনের মত নিশ্চিন্ত হইবে। তাই বলি নাম করাই জীবের একমাত্র কর্ত্তব্য ও উদ্দেশ্য। নাম ভুলিয়া স্বর্গের ইন্দ্রত্বও মহা নরক ভোগ মধ্যে পরিগণিত। কৃষ্ণ ভুলিলেই মায়ার দাস আর কৃষ্ণ স্মরণ করিলেই জীবন মুক্ত। যার যে পলকটী মাত্র জীবন থাকে, যেন কৃষ্ণ নাম লইয়া জীবনের সার্থকতা সম্পন্ন করে। কৃষ্ণ ভুলে ব্রহ্মত্ব, শিবত্বও কিছু নয়। সুখ, দুঃখ ক্ষণস্থায়ী, ইহাতে মজিয়া কৃষ্ণ ভুলা আর অঞ্জলি অঞ্জলি বিষ পান করা সমান কথা। মনে প্রাণে সেই রসময় কৃষ্ণের নামটী কণ্ঠভূষণ কর। "মুচি হয়ে শুচি হয় যদি কৃষ্ণ ভজে"। কৃষ্ণ ভজন করাই জীবের প্রধান উদ্দেশ্য, জীব আপন কর্ম্ম ভুলিয়াই কেবল কর্ম্ম বন্ধনে পতিত হয়।

"জীব কৃষ্ণ নিত্যদাস ইহা ভুলি গেল।
সেই কালে মায়া পিশাচী গলায় বান্ধি দিল।"

কৃষ্ণকে ভুলিলেই জীব মায়ার দাস হইয়া চির দিনের মত বদ্ধ হইয়া যায়। তাই বলি কৃষ্ণকে ভুলিও না; কৃষ্ণকে পাবার প্রধান উপায় তাঁর নাম করা, অহরহঃ তাঁর নামে ডুবে থাকা। যে সুশীতল সলিলে সদাই মগ্ন আছে, প্রখর সূর্য্য কিরণ কখন কি তাহাকে স্পর্শ করিয়া কষ্ট দিতে পারে? পৃথিবীর সমস্ত জীব হা হা করিলেও দারুণ উত্তাপ জলমগ্ন ব্যক্তির কিছুই করিতে পারে না। তেমনি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মায়া লক্ষ চেষ্টা করিলেও যাহারা কৃষ্ণ নাম ও কৃষ্ণপ্রেমে ডুবে থাকে তাদের কিছুই করিতে পারে না। কৃষ্ণনাম ব্যতীত অন্য উপায় আছে কি না জানিনা, তাই আমার প্রার্থনা সদাই এই নাম বলিতে থাক। নাম করিতে করিতে প্রেম আসিবে, আর প্রেম আসিলেই সেই প্রেমের হরিকে পাইবে। যাদের ভজন সাধন আছে, তারা পার হবার জন্য আর সেই কর্ণধারের খোসামোদ করিবে না, তারা দাম দিয়া পার হইয়া যায়, কিন্তু যাহারা ভজন সাধন বিহীন তাদের আর অন্য উপায় নাই, তাদের কর্ত্তব্য সদাই দয়াময়ের নাম করা ও গুণ গাওয়া। অবশ্যই তিনি দয়া করিবেন। মনে দৃঢ় বিশ্বাস রাখিয়া তাঁহার নাম করা ও তাঁর গুণ গাওয়াই সর্ব্বতোভাবে কর্ত্তব্য ও উচিত। নাম করা ও গুণ গাওয়া ছাড়া আর কি আছে? ইহাই সকলের মূল, ইহা হইতে সবই হয়। ইহাতেই শিব মত্ত, ইহাতেই নারদ মুক্ত ও ইহার জোরেই শুকদেব শ্রেষ্ঠ। এই মধুর নাম অহরহঃ স্মরণ করিবার অভিলাষে শিব সংসার ত্যাগ ও বিল্ব-মূল আশ্রয় করিয়াছেন। ইহা দ্বারা প্রমাণ হইতেছে, সংসার ত্যাগ পারমার্থিক—বিল্বমূল ঐহিক শান্তির সোপান। নাম হইতেই প্রেম, আর প্রেম হইতেই সেই প্রেমের ঠাকুর আমার রসময় রাসবিহারী। যেমন ধ্রুবকে আশ্রয় করিলেই সকল গ্রহ নক্ষত্রকে আশ্রয় করা হয়, যেমন বৃক্ষের মূলে জল দিলে তাহার প্রত্যেক শাখা প্রশাখা, পত্রে ও পুষ্পে জল দেওয়া হয়, তেমনি নাম আশ্রয় করিলেই সকল তপস্যা ও ঋদ্ধি সিদ্ধিকে ভজনা করা হয়। নাম করিলেই সকল তপস্যার ফল আপনা আপনি আসে, তাই নিবেদন "নাম করা ও গুণ গাওয়া—আর কি কাজ আছে জানিনা। অনেক তপস্যার ফলে নামে বিশ্বাস হয়। কৃষ্ণ নাম কৃষ্ণ অপেক্ষা গুরু বস্তু ও মধু-ময়। নারদের কোন তপস্যার অভাব ছিল? শিব কি যোগ ও

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সিদ্ধি না পাইয়াছেন ? শুকদেব কি শাস্ত্র না অধ্যয়ন করিয়াছিলেন যে তাঁহারা সর্ব্বশেষে নামই আশ্রয় করিয়া ধন্য হইয়াছেন। নামকেই পরম পদার্থ মনে করিয়া তাতেই প্রাণ ঢালিয়া দিয়াছেন ও সদাই উন্মত্ত অবস্থাতে কাল কাটাইতেছেন।

* * * *

"নাম কর" নাম করা অপেক্ষা মহত্তর যজ্ঞ মহত্তর তপস্যা, মহত্তর ব্রহ্মচর্য্য আর কিছু নাই। সকল দিকে দৃষ্টিশূন্য হইয়া, খেতে, শুতে, জাগিতে মধুমাখা কৃষ্ণ নামটী কর। নাম করিতে আসন প্রাণায়াম, অঙ্গন্যাস, করন্যাস, ভূতশুদ্ধি, কিছুই করিতে হয় না। গঙ্গাজল যেমন কোন মন্ত্রেই শুদ্ধ করিতে হয়না, নিত্যশুদ্ধ নাম অপেক্ষাও শুদ্ধতর। গঙ্গার এ পবিত্রতা বিষ্ণুপাদ স্পর্শ জন্য, অতএব নাম যে গঙ্গা অপেক্ষাও পবিত্রতর সে সম্বন্ধে আর বিচার নাই। অতএব সকল ছেড়ে নামে ডুবে থাক, নামই তোমাকে প্রকৃত পথ দেখাইবে কাহারও সাহায্য লইতে হইবে না। নাম অন্ধকারের আলো, অতএব অন্ধকারের মধ্যে নির্দ্দিষ্ট পথ আলোর সাহায্যেই দেখিতে পাইবে। পবিত্রভাবে নাম লও, আর যারা নাম বলিতেছে তাদের সঙ্গ কর। তাই লক্ষবার বলিতেছি "নাম বই গতি নাই, নাম লইতে থাক কৃতার্থ হবে"। খাইতে, শুইতে, চলিতে, বসিতে, উঠিতে রসনা যেন নাম মহামন্ত্র ঘোষণা করে।

[শ্রীমৎ স্বামী বিদ্যানন্দ]

শ্রীশ্রীভগবান্ নামমে বহ মিঠাস হ্যায় যা আউর কিসি বস্তুমে নাহি হো সকতি হ্যায়।

মিঠাস দুধমেভি হ্যায় দহি মেভি হ্যায় ঔর সাহাদ মেভি হ্যায়,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পরন্তু জো মিঠাস শ্রীভগবান্ নামমে হ্যায়, উহ্‌া ভালা ইনমে কাহা আগার শ্রীভগবান নামমে মিঠাস নহি হোতী তো শ্রীসনক্ সনন্দন সনৎ কুমার আউর শ্রীদেব ঋষি নারদজী মহারাজ কেউ শ্রীভগবান নাম জপমে লাগে রহতে মিঠাস কিসি সাংসারিক পদার্থমে নহি হোতা হ্যায়; অনুভব করনে বালে মনুষ্যকা হি উসকা স্বাদ প্রতীত হোতা হ্যায়, যো মনুষ্য সর্ব্বদা শ্রীভগবান নামকা স্মরণ করতা হ্যায় অথবা বার বার আপনে অভীষ্ট দেবকা নামোচ্চরণ করতে হ্যায়, উনকাহি শ্রীভগবান্ নামকে অলৌকিক আস্বাদ কা অনুভব হোতা হ্যায়, অনুভব আলী বাত কাহী নাহি জা সকতী। জিস্‌কা শ্রীভগবান্ নামকা আস্বাদ লেনা হো উহা ভগবৎ প্রেমী মনুষ্যকা সৎসঙ্গ কর, উন্‌কে পাশ বৈঠ কর উনকা বাতকা নিরীক্ষণ করে তভী উসকা ইস পহান তত্ত্বকা থোড়া বহুত পত্তা লাগা সকতা হ্যায়।

শাস্ত্রমে আনন্দকা অনির্ব্বচনীয় কহা হ্যায়, অনির্ব্বচনীয় পদার্থকা বাণীসে বর্ণন করা সর্ব্বথা অসম্ভব হ্যায়, ইসে সমর্থ গুরু শ্রীরামদাস স্বামীজীনে শ্রীভগবান্ গুপ্তে গুড়কে বরাবর বাত্‌লায়া হ্যায় শ্রীভগবান নাম হর তরফসে মিঠা হ্যায়। জিস প্রকার কি খাঁড়কা বামা হুয়া খিল না জিধরসে দেখা উধারসে মিঠা প্রতিত হোতা হ্যায়, ইসে লিয়ে তর্ক বুদ্ধিকো ছোড় কর, জিস নামমে আপনা প্রেম হো উস নামামৃতকা প্রত্যেক আস্তিক সজ্জনকো পান করনা চাহিয়ে। ইস শ্রীভগবান্ নামামৃতকো পান করনেসে মনুষ্য অজর ঔর অমর হো জাতা হ্যায়।

বিশেষ ক্যা ভগবান্ নামকী মহিমা পর সঠৈক উৎকৃষ্ট অভি-যুক্ত প্রহ্লাদ কি ইহা উক্ত হী উজ্জ্বল প্রমাণ হ্যায়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

রাম নাম জপতা ভয়ং
সর্ব্বতাপোপশমনৈক ভেষজম্ ।
পশ্যতাত মম গাত্র সন্নিধৌ
পাবকোঽপি সলিলায়তেধুঽনা ॥

[শ্রীশ্রীঠাকুর অনুকুলচন্দ্র]

পাতঞ্জলে আছে :—"তজ্জপ স্তদর্থ ভাবনম্" ॥

—নাম করা মানে যাহা জপ করিতে হইবে তাহা মনে মনে উচ্চারণ করিয়া তাহার অর্থ ধ্যান বা তাঁহাকে ধ্যান করা। তাতে একটী শব্দ লইয়া মনে মনে অনবরত উচ্চারণের ফলে আমাদের স্নায়ুর উপর ক্রিয়া করিয়া মস্তিষ্ক কোষ গুলিকে উত্তেজিত করিয়া তোলে। তার ফলে আমাদের কোষগুলি যেমনতর আছে তার চেয়ে ঢের বেশী সাড়াপ্রবণ হয়—আর এই সাড়াপ্রবণ হাওয়ার দরুণই যে সমস্ত সাড়া পূর্ব্বে বোধের অগম্য ছিল তাহা ক্রমে ক্রমে বোধগম্য হইয়া উঠে আর অনবরত অনুরাগের সহিত এক চিন্তা পরায়ণতার দরুণ অর্থাৎ প্রিয় চিন্তা বা ধ্যানের ফলে ঐ সাড়াপ্রবণ কোষগুলি এমনতরভাবে পরস্পর সম্বন্ধ ও সুবিন্যস্ত হয় যাতে সাড়াতো লয়ই —আরও অটুট ভাবে ধরিয়া রাখিতে সমর্থ হয় অর্থাৎ গ্রহণক্ষম হয়।

ক্লীং ওঁ প্রভৃতি ধ্বন্যাত্মক বা বীজযুক্ত নামগুলি জপ করিলে মস্তিষ্ককোষের সাড়াপ্রবণতা—সূক্ষ্ম বোধ শক্তি বাড়ে, আর কোন মূর্ত্তি ধ্যানের ফলে স্নায়ুগুলি গ্রহণক্ষম হয়। তা হলেই আমাদের পর্য্যবেক্ষণ গুলি কত উন্নত, কত গভীরতর হইয়া উঠে দেখুন; আর এগুলি সব নাম ও ধ্যান হইতে যেমনতর ভাবে হইতে পারে, অন্য কোন প্রকারে বোধ হয় এমনতর ভাবে সম্ভব নয়। তবে এক কথা, যাতে বা যাঁহাতে এ নাম সার্থক হইয়াছে—সেই বা তিনিই

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ধ্যেয় ও অনুসরণীয়—কারণ ইহা করিলে যে যে ভাবগুলি উত্তেজিত হয় তাঁহার দেহের ভঙ্গিমায় সেগুলি প্রকটিত থাকে”॥

(জীবনী—১৭—১৮ পৃষ্ঠা।)

“আমাদের শরীর বিধানের ক্রিয়া প্রতিক্রিয়ার দরুণ প্রতি নিয়তই যে সমস্ত শব্দ স্বভাবতঃই হচ্ছে তাকেই নাম নাদ বা বীজ বলে। এই নামের স্থূল সূক্ষ্ম হিসাবে স্তরভেদ আছে। হ্রীং, ক্লীং, ওঁ, রং প্রভৃতি প্রত্যেকই এক একটী স্পন্দন। আমাদের মস্তিষ্ক কোষগুলি বহির্মুখীন চাপে মুদিত থাকে, কোন বীজ মন্ত্র মনোযোগের সহিত মনে মনে অনবরত উচ্চারণের ফলে, আমাদের স্নায়ুর উপর ক্রিয়া করিয়া মস্তিষ্কের কোষগুলিকে উত্তেজিত করিয়া তোলে, সে-গুলি পূর্ব্বের চেয়ে অধিক সাড়াপ্রবণ হয়, কোষগুলি ফুটে উঠে, যাহা পূর্ব্বে বোঝা কঠিন হ’ত তখন তাহা সহজে বুঝা যায়, বুদ্ধি বিকশিত হয়, জ্ঞানের দরজার চাবি খুলে যায়।”

(ঐ ১২৭ পৃষ্ঠা)

গীত

জাগরে মন জাগরে মন
ঘুমায়োনা আর।
একবার ভুলিয়ে সকল
প্রেমে হইয়ে বিহ্বল
হরে কৃষ্ণ হরে কৃষ্ণ হরে কৃষ্ণ বল।
(ও মন) হরে কৃষ্ণ ভুলে ঘুমায়োনা আর॥
কেমন মধুমাখা নাম
শান্তি ঝরে অবিরাম

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যেমন জ্বালা হোকনা "হরি" নামেতে আরাম;
ও মন "হরে কৃষ্ণ" মধুর নামটি ভুল নাক আর ॥
ওমন মড়ার মতন আর
ঘুমে থেকনা অসাড়
জেগে হরে কৃষ্ণ হরে কৃষ্ণ বল অমিবার,
মনরে হরে কৃষ্ণ নাম বিনা জীবের শান্তি কোথা আর ॥
তুমি যাদের ভাবরে আপন,
তারা কেহ নয় আপন,
স্বপন ভাঙ্গলে ফাঁকি দিয়ে পালাবে তখন,
তখন হরে কৃষ্ণ নাম বিনা বন্ধু নাইরে আর ॥

(৪৪৫ পৃষ্ঠা)।

(৭)

আমি বেদ বিধি ছাড়ি বেদনা হারী
হরি নাম সদা গাইরে।
হয় হোক মম লক্ষ জনম
তাতে কোন ক্ষতি নাইরে ॥
ঘনাম্বু নিন্দিত শান্ত সুনীল
মূর্ত্তি যেন ভুলি নাক তিন
নিত্য নৃত্য করে যেন মোর
চিত্ত যমুনা পুলিনেরে ॥
সন্ধ্যা আমার বন্ধ্যা হউক
তাহে নাহি কোন শোক,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তর্পণ জল অর্পণ বিনা
রোধুক পিতৃলোক,
ঘোষুক জগতে নিন্দা খ্যাতি
তোষুক রোধুক স্বজন জ্ঞাতি
আমি কিছুতেই বিমল ভাতি
ভুলিতে নারিব ভাইরে ॥
ক্ষুব্ধ পরাণ চাহে গোবিন্দ
নামামৃতে সদা ভাসিতে,
মুগ্ধ মানসে আত্ম ভুলিয়ে
হরি হরি বলে নাচিতে।
চাহিনাক আর শৌর্য্য বীর্য্য
চাহে না পরাণ বিশাল রাজ্য
ধর্ম্ম অর্থ কাম সকলই ত্যাজ্য
মোক্ষের মুখে ছাইরে ॥
(৪৪৮ পৃষ্ঠা) ॥

[শ্রীবিশ্বরূপ গোস্বামী]

হরি ও রাম রাম বদনে বল
বল পর ব্রহ্ম নাম ভুবন মঙ্গল।
নামে হরে পাপ তাপ তম আঁধিয়ার
অভেদ এ নাম নামী এই তত্ত্ব সার।
নামের প্রতাপে হয় অসাধ্য সাধন
নাম বলে হনু করে সমুদ্র লঙ্ঘন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নামাভাসে অজামিল তরে ভবসিন্ধু
পতিত পাবন নাম অদিনের বন্ধু।
প্রাণ ভরি কৃষ্ণ কৃষ্ণ কহ দিন যায়
ভজ কৃষ্ণ কহ রাম তরিবে হেলায়।
জয় নাম সঙ্কীর্ত্তন গোলকের প্রাণ
নাম বিনা কলিযুগে নাহি পরিত্রাণ।
বল হরে কৃষ্ণ রাম নাচিয়া গাহিয়া
আপনি গলিবে প্রাণ পাষাণ ছাতিয়া।
ওরে আত্মঘাতী মন নাম কর সার
নাম গেয়ে কর "বিশ্বরূপেরে" নিস্তার।
বোল হরি বোল হরি বোল হরি বোল
বোল হরি বোল ভাই গৌর হরি বোল॥

(শ্রীগৌর লীলা গীতি কাব্য)

[শ্রীশ্রীসাঁই বাবা]

মুখে হরে কৃষ্ণ হরে রাম কৃষ্ণ কৃষ্ণ রাম রাম
নিতাই গৌর রাধে শ্যাম।
নাম চিন্তামণি কৃষ্ণ পূর্ণানন্দ রসধাম
পূর্ণানন্দ রসধাম হরে কৃষ্ণ হরে রাম
নিতাই গৌর রাধে শ্যাম।
নাম নামী অভেদ জ্ঞানে দৃঢ় বিশ্বাস করিয়ে
হরি নামে ঢেলে দাও মন প্রাণ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অমনি ভকতি আসিয়ে করুণা করিয়ে
হরিপদে দিবেন স্থান।
সর্ব্বজীবে কর দয়া জেনে কৃষ্ণ অধিষ্ঠান
তাতে করোনাকো ভেদ জ্ঞান।
তুমি যারে তারে দেখিবে হরি বলে ডাকিবে
দেখ্‌বে হরি বর্ত্তমান।
পদ দলিত তৃণ হতে নীচু হইয়ে
ত্যজ জাতি কুল মান অভিমান।
তরুর মতন সহিষ্ণু হইয়ে
পর উপকারে কর আত্মদান।

[শ্রীমৎ কৃষ্ণানন্দ পরিব্রাজক]

"হরি নামের এমনি শক্তি, জন্মে ভক্তি,
মুক্তি দেয় সে জোর্ করে।"

নামের গুণেই সুতীব্র তৃষ্ণা বেগবতী হইবে, তৃষ্ণার আবেগ উদ্বেলিত হইলে কোন্ অভ্র ভেদ করিয়া যে তৃষ্ণার জল আপনা আপনি আসিয়া হৃদয় ভাসাইয়া দিবে তাহা বুদ্ধি-বিচারে বুঝিয়া উঠা যায় না। গো-বৎস যখন দুগ্ধ পান করিবার জন্য আকুলিত প্রাণে গাভীর স্তনে মুখ দেয়, স্নেহের আবেশে গাভী যখন বৎসের গাত্র লেহন করিতে থাকে, গাভীর স্তনে অমনি দুগ্ধ-ভার আসিয়া উপস্থিত হয়, বৎস আনন্দে তাহা পান করিতে থাকে। গো-বৎস— বস্তুতঃ তৃষিত বলিয়াই গাভীর স্তনে দুগ্ধধারা আসিয়া থাকে। জগতের যিনি মাতা, যাঁহার দয়ায় আমরা জীবিত আছি, যাই তৃষ্ণায় কাতর

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হইয়া তাঁহার চরণে লুটাইয়া পড়িব, অমনি প্রেমভক্তি দুগ্ধধারা ঢালিয়া দিয়া মা আমাদের তৃষিত কণ্ঠ শীতল করিবেন। তৃষ্ণায় কাতর হইলে মরুভূমেও বান ডাকিয়া থাকে।"

(তৃষ্ণার জল—পৃঃ ২১৯-২২০)।

(কীর্ত্তনভাঙ্গা সুর)

নামামৃত পান সবে কর ভাই। (হরি)
এমন নাম কখনও শুনি নাই॥
হরি নাম যে করে সার ভবে ভাবনা কিবা তা'র,
নামে যায় মহাপাপ রোগ শোক তাপ সংসার বিকার;—
নামে জগাই মাধাই তরে দু'ভাই
নাম শুনায় গৌর নিতাই॥ (হরি)
ভক্ত প্রহ্লাদের প্রাণ, নাশ করিবার বিধান,
হিরণ্য কশিপু দিল বিষ করিতে পান,
নামে গরল অমৃত হ'ল প্রহ্লাদ বাঁচিল তাই॥
পরিব্রাজক বলে সার, নামে নাইকো জাত বিচার
নামে মূর্খ জ্ঞানী আচণ্ডালের সমান অধিকার;—
তুলে নামের নিশান নাম কর গান,
হরিবোল বল সবাই॥ (হরি) ॥৩৭॥

[শ্রীমৎস্বামী ব্রহ্মানন্দ]

হরি নাম সুমর সুখকারণরে।
সুখকারণরে ভবতারণরে॥ টেক।
সোবত জাগত ফিরত নিরন্তর

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মুখমে কর উচ্চারণরে ॥ ১ ॥ হরি
জন্ম জন্মকে সঞ্চিত সারে
পলমে পাপ নিবারণরে ॥ ২ ॥ হরি
জপতপ যোগ কঠিন কলিমাঁহী
হোয়ন ভবভয়হারণরে ॥ ৩ ॥ হরি
ব্রহ্মানন্দ করো প্রভুকে নিত
চরণ কমল চিত ধারণরে ॥ ৪ ॥ হরি

* * * *

নাম নিরঞ্জন গাবো সাধো
নাম নিরঞ্জন গাবোরে ॥ টেক ॥
মানুষ দেহ মিলী হৈ দুর্লভ কাহে বৃথা গমাবোরে
নাম জহাজ বৈঠকর দুস্তর ভবসাগর তর জাবোরে ॥১॥
ঘরকী জীভ নামবিন দামা ফিরক্যোঁদের লগাবরে
উঠতং বৈঠত সোবত জাগত মনসেঁ নহি বিসরাবোরে ॥২॥
ধ্রুব প্রহ্লাদ বিভীষণ নারদ সনকাদিক মন ভাবোরে
অজামেল গজগনিকাতারে দৃঢ় নিশ্চয় মনলাবোরে
ব্রহ্মানন্দ নাম বিন হরিকে কবহুঁ মোক্ষ নহি পাবোরে ॥৪॥

* * * *

নাম নিরঞ্জন গাবোরে সব ছোড় ভরমণা ॥ টেক ॥
নাম নিরঞ্জন সব দুঃখ ভঞ্জন
নহী মনসেঁ বিসরাবোরে ॥ ১ ॥
বিষয়ারস মৃগতৃষ্ণা পানী ক্যোঁ বিরথা ভটকাবোরে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ক্যা মথুরা ক্যা পুরী দ্বারকা ক্যা কাশীপুর জাবোরে
ব্রহ্মানন্দ সকল জগ পুরণ ঘটমেঁ দর্শন পাবোরে ॥ ৪ ॥

[শ্রীমৎ শান্তানন্দ গিরি]

একবার হরি বল ।

রাগিণী-ঝিঁঝিট খাম্বাজ— তাল মধ্যমান ।

একবার হরি হরি বলো বদনে ।
বোল্‌চি তোরে বলতে হরি, কিন্তু হরি কি তা কে জানে ॥
লোকে বলে হরি হরি, তাতেই বোল্‌তে বোলি হরি,
শুনি পরিহরি হরি, মুক্ত হয় যে সাধনে ॥
হরি তো জগৎ হরণ, নাই তাতে জরামরণ,
বিনে সর্ব্ব বিস্মরণ সে হরি পাবি কেমনে ॥
পাগলের বচন সার, নাই তার এ সব অধিকার,
কি বলিব অধিক আর, সে পাচ্চেনা থাই তুফানে ॥

[গুলাল সাহেব]

রাম রাম রাম নাম সোই গুণ গাবৈ ।
আপু মারি পবন জারি গগনা গরমাবৈ ॥ ১ ॥
অতিহী আনন্দ কন্দ বাণী হুঁ সুনাবৈ ।
সত গুরু জব দয়া জানৈ, প্রেম হূঁ লগাবৈ ॥ ২ ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অগম জোতি ঝবত মোতি ঝিল মিল ঝরি লাবৈ।
চিত চকোর নিরখি জোতি আপু মেঁ সমাবৈ ॥৩ ॥
কাম ক্রোধ লোভ মোহ তন মন বিসরাবৈ।
সোই সুখিত, ধীর সোই ফকির সোই কহাবৈ ॥ ৪ ॥
জাতি মান কুল কৈ কান গরব হূঁ গঁবাবৈ।
কহ গুলাল সোই সন্ত আপু হৈঁ কহাবৈ ॥ ৫ ॥

* * * *

ভজ মন রাম নাম নিজ সার।
জাসু ভজে কিরপিন ডর ছুটত, জ্ঞান উঠত উজিয়ার ॥
জো প্রভু কৃপা করেঁ দাসন পর, পলকন পলক নছাঁড়।
সুখমন সেজ প্রভু পৌঢ়াবৌ, গাবো মংগল চার ॥ ২ ॥
অছৈ অমর অনুভৌ অন মূরত সন্তন প্রাণ অধীর।
কহ গুলাল মেরে ঘরে আয়ে, তিংহু পুরকী ছবিকর ॥

[পল্টু সাহেব]

রাম নাম কে লিহে সে, পল্টু পরা গঁভীর।
হাথ জোরি আযোমিলৈ, লৈ লৈ ভেঁট অমীর ॥১৯॥
লোক লাজ ছুটে নহী, পল্টু চাহৈ রাম।
খোজত হীরাকো ফিরৈ, নহীঁ পোতকা দাম ॥২০॥
পল্টু ভজে ন রামকো, মূরখ নর তন পায়।
দেখো জিয়ো কো খোয়কো, ফিরি ফিরি গোতাখায় ॥২২॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

[কৃত্তিবাস রামায়ণ —আদি কাণ্ড]

মনুষ্য গোহত্যাদি যত পাপ করে।
একবার রাম নামে সর্ব্ব পাপ হরে॥
মহাপাপী হ'য়ে যদি রাম নাম লয়।
সংসার সমুদ্র তার বৎস পদ হয়॥

* * * *

মরা মরা বলিতে আইল রাম নাম।
পাইল সকল পাপে মুনি পরিত্রাণ॥
তুলারাশি যেমন অগ্নিতে ভস্ম হয়
একবার রাম নামে সর্ব্ব পাপ ক্ষয়॥
একবার রাম নামে কোটি ব্রহ্মহত্যা হরে।
তিনবার রাম নাম বলালি তাহারে॥
মোর পুত্র হয়ে তোর অজ্ঞান বিশাল।
দূর হরে বামদেব হবিরে চণ্ডাল॥

———

কিস্কিন্ধ্যা কাণ্ড

অসীম রামের গুণ কি বলিতে জানি।
মরা মন্ত্র জপিয়া বাল্মীকি হইল মুনি॥
তারক ব্রহ্ম রাম নাম অনন্ত মহিমা।
চারিবেদ বিচারিয়া দিতে নারে সীমা॥

* * * *

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

রাম নাম জপ ভাই অন্য কর্ম্ম পিছে।
সর্ব্ব ধর্ম্ম কর্ম্ম রাম নাম বিনা মিছে॥
মৃত্যু কালে যদি নর রাম বলি ডাকে।
বিমানে চড়িয়া যায় সেই দেব লোকে॥

*   *   *   *

রাম নাম লইতে না কর ভাই হেলা।
ভবসিন্ধু তরিবারে রাম নাম ভেলা॥

*   *   *   *

রাম নাম স্মরণে যমের দায় তরি।
ভবসিন্ধু তরিবারে রামপদ তরী॥

সুন্দর কাণ্ড

যদি কেহ রামচন্দ্র করায় আশ্রয়।
তবে মোর কতই পরমানন্দ হয়॥
দেখ দেখ সংসার অসংখ্য জীবময়।
তার মধ্যে হিতে রত কেহ কেহ হয়॥
তার কোটি মধ্যে একজন ধর্ম্মপর।
তার কোটি মধ্যেতে মুমুক্ষু এক নর॥
তার কোটি মধ্যে একজন হয় মুক্ত।
তার কোটি মধ্যে এক রাম ভক্তি যুক্ত॥
হেন রাম ভক্ত যদি হয় কোন জন।
তাঁর গুণে কত লোক পায় বিমোচন॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অতএব সতত বাসনা মোর মনে।
ভজুক সকল লোক শ্রীরামচরণে॥
রাম নাম লইতে ভাই না করিহ হেলা।
সংসার তরিতে রাম নামে বান্ধ ভেলা॥
রাম রাম বল ভাই মুখে বার বার।
ভেবে দেখ রাম বিনা গতি নাই আর॥

লঙ্কাকাণ্ড

রাম রাম বলিয়া পরাণ যায় যার।
চরমে সে স্বর্গে যায় জন্ম নাহি তার॥

উত্তরকাণ্ড

ইহা বিনা পাপীর নাহিক পরিত্রাণ।
রাম নাম শুনিবেক পাপী সাবধান॥
চারিবেদ অধ্যয়নে যত পুণ্য হয়।
একবার রাম নামে তত ফলোদয়॥

* * *

বিরিঞ্চি বলেন ইন্দ্র কহি তব কাণে।
রাম নাম মহামন্ত্র জপ রাত্রি দিনে॥
ইহা বিনা তোমার নাহিক প্রতিকার।
রাম নামে হয় সর্ব্ব পাপের সংহার॥
এক নামে সহস্র নামের ফল হয়।
রাম নামের তুল্য নাহি চারি বেদে কয়॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

[সন্তবাণী সংগ্রহ ২য় ভাগ রৈদাসজী]

কহু মন রাম নাম সঁভারি।
মায়াকে ভ্রম কহাঁ ভূল্যো, জাহুগে কর ঝারি। টেক।
দেখি ধোঁ ইহাঁ কৌন তেরো, সগা স্থত নহিঁ নারি।
তোর উতঁগ সব দূরি করিহৈঁ, দেহিঁগে তনুজারি ॥১॥
প্রাণ গয়ে কহো কোন তেরা, দেখি সোচ্ বিচারি।
বহুরি যেহি কলি কাল নহীঁ, জীতি ভাবৈ হারি ॥২॥
যহু মায়া সব থোথরীরে, ভগতি দিস প্রতিহারি।
কহ রৈদাস সত বচন গুরুকে, সোজীব তৈঁন বিসারি ॥৩॥

নাম তুম্হারো আরত ভংজন মুরারে ।
হরিকে নাম বিন ঝুটে সকল অসারে ॥টেক॥
নাম তেরো আসন নাম তেরো উরসা।
নাম তেরো কেসরি লৈ ছিরকা রে ॥১॥
নাম তেরো অমিলা নাম তেরো চংদন।
ঘসি জপৈ নাম লে তুঝ কুঁচারে ॥২॥
নাম তেরো দীয়া নাম তেরো বাতি।
নাম তেরো তেলৈ লে মাহিঁ পসারে ॥৩॥
নাম তেরো কী জোতি জগাই।
ভয়ো উঁজিয়ার ভবন সগরারে ॥৪॥
নাম তেরো ধাগা নাম ফুল মালা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ভাব অটারহ সহস জুহারে ॥৫॥
তেরো কিয়ো তুজে কা অরসূঁ ।
নাম তেরো তুঝে চঁবর ঢুলারে ॥৬॥
অষ্টাদশ অটসট চারি খানি হ ।
বরনত হৈ সকল সংসারে ॥৭॥
কহ রৈদাস নাম তেরো আরতি ।
অংতর গতি হরি ভোগ লগারে ॥৮॥

[সপ্তবাণী ১ম ভাগ ৪ পৃঃ কবীর সাহেব—শ্রীশ্রীনাম]

আদিনাম পারস অ হৈ, মন হৈ মৈলা লোহ ।
পরসত হী কংচন ভয়া, ছুটা কজন মোহ ॥১॥
আদিনাম নিজ মূল হৈ, ঔর মন্ত্র সব ডার ।
কহৈ কবীর নিজ নাম বিন্নু, বুড়ি মুআ সংসার ॥২॥
কোটি নাম সংসার মেঁ, তা তেঁ মুক্তি ন হোয় ।
আদিনাম মো গুপ্ত জপ, বুঝৈ বিরলা কোয় ॥৩॥
রাম রাম সব কোই কহৈ, নাম না চীহ্নে কোয় ।
নাম চীহ্নে সৎগুরু মিলৈ, নাম কহাবে সোয় ॥৪॥
জো জন হোই হৈ জৌহরী, রতন লেহী বিলগায় ।
সোহং সোহং জপি মুআ, মিথ্যা জনম গঁবায় ॥৫॥

* * * *

জাকো গাঁঠী নাম হৈঁ, তাকৈ হৈ সব সিদ্ধি ।
কর মোরে ঢারী, সবৈ, অষ্ট সিদ্ধি নব নিদ্ধি ॥১৪॥
নাম জপত কুষ্টী ভলা, চুই চুই পরৈ জু চাম ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কংচন দেঁহ কেহি কাম কী, জা মুখ নাহীঁ নাম ॥১৫॥
সুখকে মাথে সিলি পরৈ, (জো) নাম হৃদয় সে জায়।
বলিহারী বা দুক্‌খ কী, পল পল নাম রটায় ॥১৬॥
লেনে কো সত নাম হৈ, দেনে কো অন দান।
তরনে কো অধীনতা, বুড়ন্‌ কো অভিমান ॥১৭॥

[সন্তবাণী সংগ্রহ ২য় ভাগ ২১পৃঃ]

গর্ভবাস মেঁ রহো, কহো মৈঁ ভজি হোঁ তো হীঁ।
নিসিদিন সুমিরোঁ নাম কষ্টসে কাঢ়ো মহীঁ ॥
চরনন ধ্যান লগাইকে, রহোঁ নাম লৌলায়।
তনিক ন তোহি বিসারি হোঁ, য়হ তন রহৈ কি মায় ॥২॥

(১০)

রামকা নাম সংসার মেঁ স্বার হৈং,
রামকা নাম অমৃত বাণী।
রামকা নাম তেঁ কোটি পাতক হরৈ,
রামকা নাম বিশ্বস মানী ॥
রামকা নাম লৈ সাধু সুমিরণ করৈ,
রামকা নাম লে ভক্তি ঠানী।
রামকা নাম লৈ সুর সন্মুখ লরৈ,
পৈঠি সংগ্রাম মেঁ জুদ্ধি ঠানী ॥
রামকা নাম লৈ নার সত্তী ভই
জবী মবি কংত সঁগ উড়ানী।
রামকা নাম লৈ তীর্থ সব ভরমিয়া,
করত অস্নান কম্পোরি পানী ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

রামকা নাম লৈ মূর্ত্তি পূজা করৈ
রামকা নাম লৈ দেত দানী।
রামকা নাম লৈ বিপ্র ভিক্ষুক বনৈ
রামকা নাম লৈ দুর্লভ জানী॥
রামকা নাম চারি বেদকা মূল হৈ
নিগম নিচোর করি তত্ত্বছানী।
রামকা নাম ষট্‌ সাসতর মৎথিয়ে
ষট্‌ দর্শন মেঁ চলী কহানী॥
রামকা নাম অগাধ লীলা বড়ী
খোদতে খোদ নহিঁ হারি মানী।
রামকা নাম লৈ বিষ্ণু সুমিরন করৈ,
রামকা নাম সিব যোগ ধ্যানী॥
রামকা নাম লৈ সিদ্ধ সাধক বনৈ,
সিব সনকাদি নারদ গিয়ানী।
রামকা নাম লৈ রামচঁদ দৃষ্টি ভই
গুরু বশিষ্ঠ ভয়ে মন্ত্র দানী॥
কঁহা লোঁকহোঁ অগাধ লীলা রচী,
রামকা নাম কাহু ন মানী।
রামকা নাম লৈঁ কৃষ্ণ গীতা কথী
বাঁধিয়া সেত তব মর্ম্মজানী॥
হৈ কৈ সো নিরগুণ নিরাকার পরম জোতি
তাসু কো নাম নিরংকার মানী।
রূপ বিন রেখ বিন নিগম অস্তুতি করৈ,
সত্যকী রাহ অকথ কহানী॥
বিষ্ণু সুমিরন করৈ সিব জোগ যাকো ধরৈ,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ভনৈ সব ব্রহ্ম বেদান্ত গায়া ।
সনকোদি ব্রহ্মাদি পার পাবৈ নহী
তাসুকা নাম রাম রায়া ।
কহে কবীর বহ সবস তহকীক কম
রামকা নাম জো পৃথী লাঁয়া ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তৃতীয় প্রবাহ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu, Trust. Funding by MoE-IKS

শ্রীশ্রীগুরবে নমঃ

শ্রীমতে রামানুজায় নমঃ **কলির পথ** শ্রীমতে রামানন্দায় নমঃ

হরে কৃষ্ণ হরে কৃষ্ণ, কৃষ্ণ কৃষ্ণ হরে হরে।
হরে রাম হরে রাম, রাম রাম হরে হরে॥

শ্রীগুরুদেবের বাণী

তৃণ সম নীচতর হয়ে মানত্যাগী।
তরু সম সহ্যশীল দৃঢ় অনুরাগী॥
হরি সম মান দিয়া জগৎ বাসীরে।
প্রেমভরে বল ভাই হরে কৃষ্ণ হরে॥

কলির উন্মত্ত তাণ্ডবে জীবন্মুক্ত মহাপুরুষগণ নিশ্চিন্ত নহেন, ইহাতে কোন সংশয় নাই। দেশে দেশে যেরূপ নামের ঘন রোল উঠিয়াছে তাহাতে বেশ বুঝা যাইতেছে সেই অলক্ষ্য যন্ত্রীর মৃদু করস্পর্শে বিশ্ববীণা আজ চেতনময়ী হইয়া নামের ঝঙ্কার তুলিয়াছে।

জয় গুরো জয় নাম জয় গুরো জয় নাম।

প্রিয় সুহৃদ !

আপনি এই সুরে সুর মিলাইয়া হেলায় শ্রদ্ধায় অবিরাম বলুন—

হরে কৃষ্ণ হরে কৃষ্ণ, কৃষ্ণ কৃষ্ণ হরে হরে।
হরে রাম হরে রাম, রাম রাম হরে হরে॥

প্রাতে ও সন্ধ্যায় নিয়মিত ভাবে

হরে কৃষ্ণ হরে কৃষ্ণ, কৃষ্ণ কৃষ্ণ হরে হরে।
হরে রাম হরে রাম, রাম রাম হরে হরে॥

এই মহামন্ত্র কীর্ত্তন করুন নিশ্চয় শাশ্বতী শান্তি লাভ করিতে পারিবেন,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পারিবেনই এবং জগতের মহাকল্যাণ সাধিত হইবে। আর তিনটী কথা মনে রাখিবেন—

১। শাস্ত্র সত্য। ২। শ্রীভগবন্নাম সত্য।
৩। নামকারী শান্তি লাভ করে ইহা সত্য।

আপনাকে অন্ধ বিশ্বাস করিতে বলিতেছি না পরীক্ষা করুন, শাস্ত্র ও নাম অবলম্বন করিয়া দেখুন কি পরমানন্দ ইহার ভিতর আছে ইতি—

তুলসীদাস আশ্রম
৫৮নং শাঁখারী পাড়া রোড,
ভবানীপুর, কলিকাতা ৩২।৩।৪৪
অষাঢ়ী সংক্রান্তি

শ্রীসীতারাম দাস ওঙ্কারনাথ
(শ্রীরামাশ্রম, ডুমুরদহ
নয়াসরাই, হুগলী)

জয় গুরু

অভয় বাণী

হরে কৃষ্ণ হরে কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ হরে হরে।
হরে রাম হরে রাম রাম রাম হরে হরে॥

মাভৈঃ

আমাতে সম্ভব অসম্ভব কিছু কল্পনা করিস্ না, আমি মৃণাল তন্তুতে হস্তী বন্ধন কর্‌তে পারি, গোষ্পদে পর্ব্বত নিমজ্জিত কর্‌তে পারি, আমার গতি নির্ণয় কর্‌তে পারে এমন শক্তি কারও নাই। দেহের চিন্তা, অর্থের চিন্তা, ঋণের চিন্তা ত্যাগ কর আমি তার ব্যবস্থা করেছি, ডাক আমায় ডাক, তোর সব জ্বালা দূর হবে, মাভৈঃ মাভৈঃ মাভৈঃ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তুই নাম কর্, যাবৎ স্থির হতে না পারিস্ তাবৎ নাম কর, তোর পদতল হতে পৃথিবী সরে যাক্ মাথায় আকাশ ভেঙ্গে পড়ুক কিম্বা সর্ব্বনাশ হোক্ কোন দিকে ভ্রূক্ষেপ না করে অহর্নিশি নাম কর, ইহা তুই স্থির জানিস্ তুই আমার কোলে আছিস্ আমি তোকে বুকে ক'রে রক্ষা করছি, নাম কর নাম কর।

সর্ব্বে নশ্যন্তি ব্রহ্মাণ্ডে প্রভবন্তি পুনঃ পুনঃ।
নমে ভক্তাঃ প্রনশ্যন্তি নিঃশঙ্কাশ্চ নিরাপদঃ॥

ভয় কিরে! আমার ভক্ত কখনও নষ্ট হয় না। সব যাবে, আমার ভক্ত নিঃশঙ্ক ও নিরাপদে অবস্থান করবে। মাভৈঃ—

জয়গুরু সম্প্রদায়

উৎসব অফিস
১৬২নং বৌবাজার ষ্ট্রীট
কলিকাতা

শ্রীশ্রীরামানন্দ মঠ
চিতারগার পড়া, পোঃ দিগ্সুই।
২৬শে আশ্বিন, শুক্লা প্রতিপদ ১৩৪৬

জয় গুরু।

অভয় বাণী

হরে কৃষ্ণ হরে কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ হরে হরে।
হরে রাম হরে রাম রাম রাম হরে হরে॥

মাভৈঃ

ওরে প্রিয়তম, রোগে শোকে অভাবে দিবানিশি জ্বলছিস, কেবল কাঁদছিস্, না আর কাঁদিস্ না। আমার নাম কর তোর সর্ব্ব দুঃখ নিবৃত্তি হবে, সংশয় করিস্ না, ভক্তি শ্রদ্ধা থাক্ না থাক্ অবিরাম নাম করলে তুই কৃতার্থ হবি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তন্নাস্তি কর্ম্মজং লোকে বাগজং মানসমেব বা।
যন্নক্ষপয়তে পাপং কলৌ গোবিন্দ কীর্ত্তনম্॥

"এমন কোন কর্ম্মজ, বাগ্‌জ বা মানস পাপ নাই যা এ কলিযুগে আমার নাম কীর্ত্তনের দ্বারা নষ্ট না হয়," নাম কর্ নাম কর্—

উঠ্‌তে, বস্‌তে, খেতে, শুতে, সুখে, দুঃখে অভাবে স্বাচ্ছন্দ্যে হেলায় শ্রদ্ধায়, ভক্তিতে অভক্তিতে, সজনে বিজনে স্বপনে জাগরণে আমার নাম কর। আমি প্রতিজ্ঞা করে বল্‌ছি, তোর সব ভার গ্রহণ কর্‌লেম, কোন কিছুর জন্য ভাবতে হবে না। আমার প্রেম লাভে চিরদিনের মত নিশ্চিন্ত হয়ে যাবি, নাম ময় হবি, তোর অতীত সপ্ত পুরুষ ভবিষ্যৎ চতুর্দ্দশ পুরুষ উদ্ধার হয়ে যাবে।

তস্মান্নামানি কৌন্তেয় ভজস্ব দৃঢ় মানসঃ।
নাম যুক্ত প্রিয়োঽস্মাকং নামযুক্তোভবার্জ্জুন॥

(আদিপুরাণ)

"হে অর্জ্জুন সেই হেতু দৃঢ় চিত্তে নাম ভজনা কর, নাম যুক্ত আমার প্রিয়. তুমি নাম যুক্ত হও"॥

ওরে কলি যুগে নাম রূপে আমি এসেছি। নাম কর্। নাম কর্ মাভৈঃ মাভৈঃ মাভৈঃ॥

উৎসব অফিস ১৬২নং বৌবাজার ষ্ট্রীট, কলিকাতা	সাধন সমিতি দিগ্‌সুই হুগলী	শ্রীশ্রীরামানন্দ মঠ চিতারমার পড়া

জয়গুরু সম্প্রদায়
শ্রীশ্রীরামাশ্রম॥
ডুমুরদহ, খামারগাছি।
৫ই আশ্বিন, শুক্লাপ্রতিপদ ১৩৪৮

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জয় গুরু

অভয় বাণী

হরে কৃষ্ণ হরে কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ হরে হরে।
হরে রাম হরে রাম রাম রাম হরে হরে॥

মাভৈঃ

ওরে ভক্ত তোর্ কোন ভয় নাই, তুই কেবল নাম কর আমি ভয়ের ভয়, ভীষণের ভীষণ, সর্ব্ব বিপদ হন্তা, আমি তোকে সর্ব্বদা রক্ষা কর্‌ছি ওরে "আমি তোমার" বলে যে আমার শরণ গ্রহণ করে তাকে অভয় দান করা আমার ব্রত, ভেঙ্গে পড়ুক আকাশ ধরণীতলে, জ্বলে উঠুক প্রলয় অনল, সমকালে কোটী বজ্র পাত হোক্, ভয়ঙ্কর মহাঝঞ্ঝাবাতে কেঁপে উঠুক বিশ্ব ব্রহ্মাণ্ড, উথ্‌লে উঠুক সপ্ত সমুদ্র, তথাপি তথাপিরে প্রিয়তম ভীত হস্‌না, আমি তোকে বুকে করে রক্ষা কর্‌ছি একথা ভুলিস্ না। "আমি আছি তোর ওরে আমি আছি ওরে"। মাভৈঃ।

জয়গুরু

জয় গুরু

অভয় বাণী

হরে কৃষ্ণ হরে কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ হরে হরে।
হরে রাম হরে রাম রাম রাম হরে হরে॥

ওরে তাপিত তৃষিত ক্ষুভিত শ্রান্ত ক্লান্ত আপনহারা সন্তান, সংসার স্বপ্ন দেখে আর হাহাকার করিস্ না, সংসার স্বপ্নরে স্বপ্ন, সত্য কেবল একমাত্র আমি, আমার নাম কর, নামানন্দ সাগরে ডুবে তুই নামময় হয়ে যা।

ওরে আমি ভিন্ন জগৎ শব্দের নামান্তর নাই, পূর্ণে পূর্ণের প্রকাশ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শান্তে শান্তের অবস্থান, আকাশে আকাশের উদয়, আমাতে আমিই আছি।

নাম করতে করতে চোখের জলে চোখ ধুয়ে ফেলে একবার চেয়ে দেখ জগৎ আনন্দময় হয়ে গেছে।

ব্রহ্মাণ্ডানি বিনশ্যন্তি দেবা ইন্দ্রাদয়স্তথা।
কল্যাণ ভক্তি যুক্তশ্চ মদ্ভক্তো ন প্রণশ্যতি॥

(ব্রহ্মবৈবর্ত্ত পুরাণ)

ব্রহ্মাণ্ড সকল ইন্দ্রাদি দেবগণ বিনষ্ট হয়, কল্যাণ ভক্তিযুক্ত আমার ভক্ত নষ্ট হয় না।

সত্ত্বশুদ্ধিকরং নাম নামজ্ঞানপ্রদং স্মৃতম্।
মুমুক্ষূনাং মুক্তিপ্রদং কামিনাং সর্ব্বকামদম্॥

(সাত্বত তন্ত্র)

নাম সত্ত্বশুদ্ধিকর, নাম জ্ঞানপ্রদ, নাম মুমুক্ষুকে মুক্তি, কামীকে সর্ব্বকাম দান করে, নামই পরম তীর্থ, নামই পুণ্যদক্ষেত্র, নামই পরম দেব, নামই পরম তপস্যা, নামই পরমদান, নামই পরমা ক্রিয়া, নামই পরম ধর্ম্ম, নামই অর্থ, ভক্তের নামই কাম, মোক্ষও কেবল নাম, নামই পরমা ভক্তি, নামই পরমা গতি, নামই পরম জাপ্য, নামই সর্ব্বশ্রেষ্ঠ।

ওরে প্রিয়তম নাম করলে তোকে ইহপর কালের কোন চিন্তা করতে হবে না। আমি তোকে মৃত্যু সংসার সাগর হতে উদ্ধার করবো। নাম কর নাম কর, মাভৈঃ মাভৈঃ মাভৈঃ॥

সাধন সমিতি — শ্রীরামাশ্রম।
দিগসুই, হুগলী। — ডুমুরদহ খামারগাছি।
১০ই আশ্বিন, কৃষ্ণাতৃতীয়া ১৩৪৯।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জয় গুরু

অভয় বাণী

হরে কৃষ্ণ হরে কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ হরে হরে।
হরে রাম হরে রাম রাম রাম হরে হরে॥

মাভৈঃ

ওরে প্রিয়তম তুই কেন ভীত হচ্ছিস্ অবিরাম নাম কর্ তোর কোন চিন্তা নাই, আমার ভয়ে অগ্নি প্রজ্বলিত হয়, সূর্য্য তাপ দেয়, ইন্দ্র, বায়ু, মৃত্যু স্ব স্ব কার্য্য করে, আমার শরণাগত ভক্তের ছায়া স্পর্শ করবার শক্তি কার'ও নাই অধিক কি নিত্যদেহধারী ভক্তকে আমিই নাশ করতে পারি না। আমার সুদর্শন চক্র ভক্তকে সর্বদা রক্ষা করছে, কোন কথা শুনিস্ না, কিছুর জন্য ভাবিস্ না নির্ভয়ে উচ্চ কণ্ঠে নাম কর্ কলি যুগে নাম রূপে আমি এসেছি, নাম কর্ তোর সব ভার আমি নিলাম। মাভৈঃ মাভৈঃ মাভৈঃ॥

চন্দননগর।
১৪ই শ্রাবণ, শনিবার,
১৩৫০।

জয় গুরু সম্প্রদায়
আনন্দ মঠ

জয় গুরু।

অভয় বাণী

হরে কৃষ্ণ হরে কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ হরে হরে।
হরে রাম হরে রাম রাম রাম হরে হরে॥

মাভৈঃ

ওরে প্রিয়তম আমি তোকে কত ভালবাসি জানিস্ তোর আকাঙ্ক্ষা পূর্ণ ক'রে নিরাকাঙ্ক্ষ করবার জন্য, যখন তুই যা চাস্, আমি তখন তাই হ'য়ে তোর কাছে আসি, কামিনী চেয়েছিস্

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আমিই নারী সেজে এসেছি। এই সব তুচ্ছ কামনা ক'রে জন্ম জন্মান্তর শুধু কাঁদ্‌ছিস্, তাই ডাকৃছি ওরে ফিরে আয় ফিরে আয় অমৃতের সন্তান, জড় দেহে মমতা ত্যাগ ক'রে তোর সচ্চিদানন্দময় আত্মস্বরূপে ফিরে আয়। কেমন ক'রে ফির্‌বি? নাম ক'রে ক'রে—

নাম চিন্তামণিঃ কৃতশ্চৈতন্য রস বিগ্রহঃ।
পূর্ণ শুদ্ধো নিত্য মুক্তোঽভিন্নত্বান্নাম—নামিনোঃ॥
(পাদ্মে)॥

নাম চিন্তামণি স্বরূপ, চৈতন্য রস বিগ্রহ, স্বয়ং কৃষ্ণ পূর্ণ শুদ্ধ নিত্য মুক্ত, কেননা নামও নামীতে ভেদ নাই। বুঝলি, আমি আর আমার নামে ভেদ নাই, নামকে আশ্রয় করা আর আমাকে লাভ করা একই কথা॥

কেবল নাম কর্, তোর রোগ শোক দুঃখ জ্বালা অভাব কিছু থাকৃবে না, তুই পরমানন্দ ময় হয়ে যাবি। আমার পুণ্য নাম সঙ্কীর্ত্তন মহাপাতক নাশ করে কামীকে সর্ব্বকাম ও ভক্তকে প্রেমদান করে।

যারা অন্য গতিহীন ভোগী পর দ্রোহী জ্ঞান বৈরাগ্য বিহীন, ব্রহ্ম-চর্য্যাদি বর্জ্জিত, সমস্ত ধর্ম্মাচার শূন্য তারা একমাত্র আমার নামের দ্বারা যে গতি লাভ করে, সকল ধার্ম্মিকগণও সে গতি পায় না।

ওরে প্রিয়তম তুই বড় মিষ্ট নাম করিস্ আমার খুব ভাল লাগে তাই তোর কাছে কাছে থাকি আর বলি নাম কর্ নাম কর্ ওরে নিশ্চিন্ত মনে উচ্চ কণ্ঠে নাম কর্ঃ—

হরে কৃষ্ণ হরে কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ হরে হরে।
হরে রাম হরে রাম রাম রাম হরে হরে॥

—মাভৈঃ মাভৈঃ মাভৈঃ—

সাধন সমিতি।
দিগ্‌সুই,
হুগ্‌লী

জয় গুরু সম্প্রদায়
আনন্দমঠ, বিশ্বমণ্ডল।
রামেশ্বরপুর
৩০শে ভাদ্র কৃষ্ণাতৃতীয়া ১৩৫০

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জয় গুরু

অভয় বাণী

হরে কৃষ্ণ হরে কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ হরে হরে।
হরে রাম হরে রাম রাম রাম হরে হরে॥

মাভৈঃ

প্রিয়তম ওরে আমার প্রিয়তম তোর সব দুঃখ দূর কর্‌বার জন্য নাম রূপে আমি এসেছি। নাম কর্‌ তোকে আর কোন চিন্তা কর্‌তে হবে না, তোর ভিতর বার আলোকে আনন্দে ভরিয়ে দিব, আমার সরস পরশে অনুক্ষণ তুই পুলকিত থাকৃবি, তোর নয়ন আর জগৎ দেখ্‌তে পাবে না। দেখ্‌বে শুধু আনন্দময় আমাকে—

আমি সত্য করে বল্‌ছি, আমার নাম মৃত্যু সঞ্জীবন।

নভয়ং যমদূতানাং নভয়ং রৌরবাদিকং।
নভয়ং প্রেতরাজস্য গোবিন্দেতিচ জল্পনাৎ॥

নাম কীর্ত্তনে যমদূতের ভয়, রৌরবাদির ভয়, যমদণ্ডের ভয় থাকে না।

নাম কর্‌-কেবল নাম কর্‌, নাম কীর্ত্তনই পরম জ্ঞান, পরম তপস্যা, পরমতত্ত্ব কোটী জন্মের সাধনা লভ্য পরম পদ ও নাম কীর্ত্তনকারী অনায়াসে লাভ করে।

ওই দেখ সারা জগতে দুঃখের অনল দাউ দাউ করে জ্বলে উঠেছে আয় আয় তুই আর বিলম্ব করিস না। নামামৃত সাগরে ডুব দিয়ে নির্ভয়ে পরমানন্দে আমার বুকে সর্ব্বদা অবস্থান কর্‌, মাভৈঃ মাভৈঃ মাভৈঃ॥

জয় গুরু সম্প্রদায়
আনন্দ মঠ
সাধন সমিতি
দিগ্‌সুই, হুগ্‌লী

২০শে ভাদ্র কৃষ্ণতৃতীয়া
১৩৫১

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অভয় বাণী

হরে কৃষ্ণ হরে কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ হরে হরে।
হরে রাম হরে রাম রাম রাম হরে হরে॥

মাভৈঃ

ওরে, আমার আপন হারা আনন্দের দুলাল, তুই পাগলের মত কোথায় ছুটছিস্, ফিরে আয়, ফিরে আয় তোর আনন্দ সাম্রাজ্যে। এখানে রোগ, শোক, দুঃখ জ্বালা, যন্ত্রণা, অভাব কিছু নাই, আছে শুধু আনন্দ, পরমানন্দ, ফেরবার উপায়ও অতি সহজ সরল সুগম,—কেবল নাম কীর্ত্তন। নামরূপী আমাকে অনন্যভাবে আশ্রয় কর—আর তোকে কোন চিন্তা কর্‌তে হবে না; আমি সব করে দিব।

দেখরে, নামে ভক্তি শ্রদ্ধার অপেক্ষা নাই—

যে কোন প্রকার আমার নাম শ্রবণ বা কীর্ত্তন কর্‌লে তুই কৃতার্থ হবি।

সদাচারী তো দূরের কথা, দুরাচারীও আমার নাম ভজনে সালোক্য মুক্তি লাভ করে।

মদুক্তং সত্যমেতত্তু বাক্যং মে শৃণুতাধুনা।
সকৃদুচ্চার্য্য মন্নাম মেতুল্যোজায়তেনরঃ॥

অধুনা, আমার এই সত্য বাক্য শ্রবণ কর, মানব একবার আমার নাম উচ্চারণে আমার তুল্য হয়।

নামকল্পতরুমূলে ভোগ মোক্ষ যে যা চায়, সে তাই পায়। সতত আমার নাম কীর্ত্তনে ভক্ত আমাতে লীন হয়।

নামই আমি আমিই নাম—

এই কলিযুগে নাম সঙ্কীর্ত্তনই প্রেম লাভের পরম উপায়!

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আয়, আয় আয়রে, তাপিত, তৃষিত, ক্ষুভিত অমৃতের সন্তান—নাম করে করে মরণের পরপারে আয়—প্রেম ভক্তি লাভ করে আমার হয়ে যা।

মাভৈঃ মাভৈঃ মাভৈঃ

সাধন সমিতি।
দিগসুই, হুগলী।

জয়গুরু সম্প্রদায়
৺রঘুনাথ জীউর মন্দির
তেলাঙ্গা বাজার, কটক
৭ই আশ্বিন কৃষ্ণাতৃতীয়া
১৩৫২

জয় গুরু

অভয় বাণী

হরে কৃষ্ণ হরে কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ হরে হরে।
হরে রাম হরে রাম রাম রাম হরে হরে॥

মাভৈঃ

তাই তো ডাকছি প্রিয়তম, ত্রিতাপের জ্বালায় বড জ্বলছিস জন্ম জন্মান্তর ধরে কেঁদে কেঁদে সারা হচ্ছিস তাই ডাকছি আয়, আয় আয়রে আনন্দের দুলাল আমার বুকে আয় নাম কর। নিত্য নূতন বিভীষিকা দেখে শিউরে উঠছিস ? না-না ভীত হসনে।

জগতঃ প্রলয়ে প্রাপ্তে নষ্টে চ কমলোদ্ভবে।
মদ্ভক্তা নৈব নশ্যন্তি স্বেচ্ছা বিগ্রহধারিণঃ॥

সৌর পুরাণ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জগৎ প্রলয় হলে, ব্রহ্মা নাশ প্রাপ্ত হলেও লীলা বিগ্রহধারী আমার ভক্তগণ নষ্ট হয় না।

নাম আর আমিতো ভিন্ন নই। নাম করা আর আমার সঙ্গে থাকা এক কথা। অবিরাম নাম কর, রোগ শোক দুঃখ দৈন্যই আনন্দরূপ ধরে তোর কাছে নৃত্য করতে থাকবে, আনন্দের মহাপ্লাবনে নশ্বর বিশ্ব নিশ্চিহ্ন হয়ে যাবে সর্ব্বত্র আনন্দময় আমাকেই দেখবি।

সহজ সরল সুগম পথ নাম সঙ্কীর্ত্তন। আমার নামের প্রভা বেদ বেদান্তের পারগামিণী। যারা সর্ব্বদা নাম করে তারাও ত্রিজগৎ পূজ্য হয়। তাদের কৃপাতেও কত পাপী তাপী উদ্ধার হয়ে যায়।

আর হেলা করিস না, বেলা বয়ে যাচ্ছে নাম কর। অখণ্ড নাম করার অভ্যাস কর। যতক্ষণ একটী শব্দ উচ্চারণের শক্তি থাকবে, ততক্ষণ নাম ছাড়বি না। শুচি অশুচি কিছু দেখবার প্রয়োজন নাই, ভক্তি শ্রদ্ধা থাক আর না থাক্ অনুক্ষণ নাম কর। নামেই প্রেম লাভ হবে। নাম জপের দ্বারা আমার সাক্ষাৎ লাভ করবি নাম কর নাম কর নাম কর মাভৈঃ মাভৈঃ মাভৈঃ।

সাধন সমিতি দিগসুই, হুগলী।	**শ্রীরামাশ্রম** ডুমুরদহ খামারগাছি হুগলী।

২৮শে ভাদ্র, কৃষ্ণা তৃতীয়া ১৩৫৩।

জয় গুরু

হরে কৃষ্ণ হরে কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ হরে হরে।
হরে রাম হরে রাম রাম রাম হরে হরে॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ওরে আনন্দের দুলাল তোর কোন ভয় নাই অবিরাম নাম কর সকল দুঃখ দূর হবে। আমার ভক্তগণের কুত্রাপি ভয় থাকে না। তাদের জন্ম মৃত্যু, জরা, ব্যাধির ভয় হয় না।

ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য, শূদ্র অথবা অন্ত্য জাতিগণও ভক্তির দ্বারা পবিত্র হয়ে পরম পদ লাভে সমর্থ হয়। ভক্ত আমার প্রাণের প্রাণ মনের মন সর্ব্বস্বের সর্ব্বস্ব প্রাণ অপেক্ষা প্রিয়তম তুই অনুক্ষণ নাম কর দুর্ল্লভ প্রেম ভক্তি লাভে কৃতার্থ হবি।

নাহংবেদৈর্নতপসা নেজ্যয়ানাপিতীর্থতঃ।
সন্তুষ্যামি দ্বিজশ্রেষ্ঠ যথা নামাং প্রকীর্ত্তনাৎ
গানেন গুণনাময়োর্মম সাযুজ্য মাপ্নুয়াৎ॥

—আমার নাম সঙ্কীর্ত্তনের দ্বারা আমি যেরূপ সন্তুষ্ট হই নিখিল বেদ তপস্যা যজ্ঞতীর্থাদির দ্বারা সেরূপ হই না। নাম গুণ কীর্ত্তনের দ্বারা ভক্ত আমার সহিত অভেদ ভাব লাভ করে থাকে।

সাধুগণের পরিত্রাণ দুষ্কৃতগণের বিনাশ এবং ধর্ম্ম সংস্থাপনের জন্য আমিই **নামরূপে** অবতীর্ণ হয়েছি নাম আমি আমিই নাম নামেতে আমাতে কোন ভিন্নতা নাই। নাম কর কেবল নাম কর, তা'হলে ব্যক্ত তোর ইষ্টরূপে অব্যক্ত জগদ্রূপে একমাত্র আমিই আছি তা প্রত্যক্ষ করতে পারবি। আমার নাম স্মরণ কীর্ত্তন শ্রবণ লিখন দর্শন কিম্বা ধারণ কর্‌লে আমি অখিল ইষ্টদান করে থাকি।

আয় আয় পথভ্রান্ত, শ্রান্ত, ক্লান্ত পথিক আয় আয় রোগী শোকী পাপী তাপী আয় আয় মূর্খ বিদ্বান ব্রাহ্মণ চণ্ডাল, আয় আয় বালক বৃদ্ধ যুবক যুবতী আমার নামের শান্ত সুশীতল ছায়ায় ছুটে আয় তোদের সব ব্যথা দূর করে দিয়ে বুকে করে রাখবো। শয়নে স্বপনে জাগরণে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জনমে মরণে আমার বুকে পরমানন্দে খেলা করবি। নাম কর্ নাম কর মাভৈঃ মাভৈঃ মাভৈঃ।

জয়গুরু সম্প্রদায়

সাধন সমিতি
দিগসুই, হুগলী।

শ্রীরামদয়াল আশ্রম
দশেড়ে আমদহি, বাঁকুড়া।
১৫ই আশ্বিন, কৃষ্ণা তৃতীয়া, ১৩৫৪

জয় গুরু

অভয় বাণী

হরে কৃষ্ণ হরে কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ হরে হরে।
হরে রাম হরে রাম রাম রাম হরে হরে॥

মাভৈঃ

দয়িত আয়-আয় আমার কাছে আয়, দেখ একবার নয় যুগযুগান্তর ডাকৃছি আয় আয় উপনিষদ্ রামায়ণ মহাভারত ও পুরাণের দ্বারা ডাকৃছি, সাধু সন্ত মহাপুরুষরূপে ডাকৃছি, জন্মে জন্মে অনুক্ষণ স্বয়ং আত্মার আত্মারূপে ডাকৃছি আয় আয় তোর দৃষ্টি ভ্রম দূর করে দেখরে এ সমস্ত দৃশ্যজাল আমি।

এ সংসারে রোগ শোক অভাব আদি কত তাপ ভোগ কর্‌লি, আহা তাপিত আয় আয় এই যে আমি এই যে আমার প্রসারিত বক্ষ তোকে বুকে লুকিয়ে ফেলে তোর সব তাপ দূর করে দিব।

আমার কাছে কোন তাপ নাই, এখানে প্রাণ জুড়ান আলোয় সব ভরিত, বেণু বীণা মুরজমুরলী রবে এস্থান নিয়ত মুখরিত, আকাশ থেকে সতত সুধা ঝরে ঝরে সুধার নদী প্রবাহিত হচ্ছে এখানকার

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সকলই আনন্দ দিয়ে গড়া আনন্দ হেথা মূর্ত্ত হয়ে নৃত্য করছে, ছুটে আয় দেখ্‌বি আয়।

কেমন করে আসবি—নাম আর আমি পৃথক নই রসনায় শ্বাসে মনে প্রাণে নাম রাখ নামে ডুবে থাক্ তাহলেই আমার বুকে থাকা হবে সব জ্বালা জুড়িয়ে যাবে।

বহু দর্শনে ভীত হয়েছিস্ ভয় নাই সব আমি ওরে দয়িত ওরে প্রিয়তম নাম কর্ নাম কর্‌ নাম কর্‌ মাভৈঃ মাভৈঃ মাভৈঃ —

জয়গুরু সম্প্রদায়

—সাধন-সমিতি—
দিগসুই
হুগলী।

আনন্দমঠ
একলকী (বর্দ্ধমান)
৫ই আশ্বিন কৃষ্ণাতৃতীয়া ১৩৫৫

JAI GURU.

MESSAGE OF COURAGE.

"Hara Krishna Hara Krishna Krishna Krishna Hara Hara Hara Ram Hara Ram Ram Ram Hara Hara."

FEAR NOT.

My dearest devotee! you should not have any fear! Sing my incessant Name—I am a Horror to Fear itself; Fierce to all ferocious, Saviour to all woe-stricken. I am ever protecting you—it is my Mission to inspire all, who dedicate themselves to me and exclaim "Lord, we are Thine" I am in pledge bound to protect you in my bosom. Let annihilation come with the sky broken asunder on this Earth; let conflagration flare up with millions of deafening Thunder; let commotion overtake the whole universe with fury of terrific hail-storm; yet, yet—my Darling,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

I repeat "Fear Not." I exist for you—I am with you, My dear ! Cheer up !

Jai Guru Sampradaya
ANANDA MATH,
SADHAN SAMITI,
Digsui, Hooghly.

JAI GURU.

MESSAGE OF COURAGE.

**"Hara Krishna Hara Krishna Krishna Krishna Hara Hara
Hara Ram Hara Ram Ram Ram Hara Hara"**

FEAR NOT.

O my devotee ! Thou shoudst not have fear,
Take my Name incessant—and sing it dear !
I am a horror of horrors—but protect you ever,
Though an awe to terror—yet stand as Saviour
To him, who sayeth—"Lord ! I am your creature" !
Let Annihilation come with the Sky broken asunder—
Let Conflagration flare with millions of Thunder—
And Deluge swallow this Universe to its Structure—
Yet, yet—take courage and cheer up, My Dear !
I repeat and proclaim—there's nothing to fear.
This is my Task—the One Mission to Deliver,
I stand for you and exist to remember
I am yours, my disciple ! I desert you never
Take heart, sing me Dear—courage ! and cheer !!

Fear Not—Glory to my Guru !!!

"Ananda Math"
Raghunath Jew Mandir,
CUTTACK.

"Jai Guru"

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ଜୟଗୁରୁ

"ଅଭୟ ବାଣୀ"

ହରେ କୃଷ୍ଣ ହରେ କୃଷ୍ଣ କୃଷ୍ଣ କୃଷ୍ଣ ହରେ ହରେ,
ହରେ ରାମ ହରେ ରାମ ରାମ ରାମ ହରେ ହରେ ।

ମାଭୈଃ

ଅରେ ଭକ୍ତ ତୋର କୌଣସି ଭୟ ନାହିଁ, ତୁ କେବଳ ନାମ ଶୁଣ. ମୁଁ ଭୟର ଭୟ, ମୁଁ ଭୀଷଣର ଭୀଷଣ, ସର୍ବ ବିପଦହନ୍ତା, ମୁଁ ତତେ ସର୍ବଦା ରକ୍ଷା କରୁଛି, "ମୁଁ ତୋର" ବୋଲି ଯେ ମୋଠାରେ ଶରଣ ପଶେ ତାକୁ ଅଭୟ ଦାନ କରିବା ମୋର ବ୍ରତ । ସମଗ୍ର ଆକାଶ ଧରଣୀ ତଳେ ଭାଙ୍ଗି ପଡୁ, ପ୍ରଳୟ ଅଗ୍ନି ଜଳି ଉଠୁ, ଏକକାଳୀନ କୋଟି ବଜ୍ରପାତ ହେଉ, ସମଗ୍ର ବିଶ୍ୱବ୍ରହ୍ମାଣ୍ଡ ଭୟଙ୍କର ମହାଝଞ୍ଜା ପବନରେ ଥରି ଉଠୁ, ସପ୍ତ ସମୁଦ୍ର ଉଚ୍ଛୁଳି ଉଠୁ, ତଥାପି ମୋର ପ୍ରିୟତମ ! ଭୟ କର ନା ମୁଁ ତତେ ବୁକୁରେ ଧରି ରକ୍ଷା କରୁଛି, ଏକଥା ଭୁଲି ଯାଅନା । ମୁଁ ତୋର ହୋଇ ଅଛି । ଅରେ ମୁଁ ବରାବର ରହିବ । ମାଭୈଃ ।

ଜୟଗୁରୁ
ଅନନ୍ଦ ମଠ-ସମ୍ପ୍ରଦାୟ
ବିଶ୍ୱମଣ୍ଡଳ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ଓଁ—ଜୟଗୁରୁ

"ଅଭୟ ବାଣୀ"

ହରେ କୃଷ୍ଣ ହରେ କୃଷ୍ଣ କୃଷ୍ଣ କୃଷ୍ଣ ହରେ ହରେ ।
ହରେ ରାମ ହରେ ରାମ ରାମ ରାମ ହରେ ହରେ ।। ମାଭୈଃ

ରେ ମୋର ଅମୃତର ଅନନ୍ଦର ଦୁଲାଲ ! ତୁ ପାଗଲପରି କୁଆଡକୁ ଛୁଟୁଛୁ ? ଫେରି ଆ ଫେରି ଆ ତୋର ଆନନ୍ଦ ସାମ୍ରାଜ୍ୟକୁ—ଏଠାରେ ରୋଗ ଶୋକ ଦୁଃଖର ଜ୍ୱାଲା ନାହିଁ, ଅଛି କେବଳ ଅନନ୍ଦ ପରମାନନ୍ଦ । ଫେରିବାର ଉପାୟ ମଧ୍ୟ ଅତି ସହଜ, ସରଳ, ସୁଗମ, କେବଳ ନାମକୀର୍ତ୍ତନ, ମୁଁ ନାମରୂପୀ, ମୋତେ ଅନନ୍ୟଭାବେ ଆଶ୍ରୟ କର, ତୋର କୌଣସି ଚିନ୍ତା କରିବାର ଦରକାର ନାହିଁ, ମୁଁ ତୋର ସବୁ କରି ଦେବି ।

ନାମରେ ଭକ୍ତି ଶ୍ରଦ୍ଧାର ଅପେକ୍ଷା ନାହିଁ, ଯେ କୌଣସି ଭାବେ ମୋର ନାମଶ୍ରବଣ, କୀର୍ତ୍ତନକରି କୃତାର୍ଥହେବୁ, ସଦାଚାରବର୍ଜିତଦୂରରର ଛଥା ଯେ ଦୁରାତ୍ମା ସେ ମଧ୍ୟ ନାମ ଭଜନ କରି ସାଲୋକ୍ୟ ମୁକ୍ତିଲାଭ କରେ ।

"ମଦୁକ୍ତଂ ସତ୍ୟମେତଦ୍ଧି ବାକ୍ୟଂ ମେ ଶୃଣୁତାଧୁନା
ସକୃଦୁଚ୍ଚାର୍ଯ୍ୟ ମନ୍ନାମ ମେ ତୁଲ୍ୟୋଜାୟତେ ନରଃ" (ଆଦିତ୍ୟ ପୁରାଣ)

ଅଧୁନା ମୋର ଏହି ସତ୍ୟ ବାକ୍ୟ ଶ୍ରବଣ କର, ମାନବ ! ଥରେ ମାତ୍ର ମୋର ନାମୋଚ୍ଚାରଣ କରି ମୋ ତୁଲ୍ୟ ହୁଅ ।

ନାମ-କଳ୍ପତରୁ ମୂଳେ ଭୋଗ ମୋକ୍ଷ ଯେ ଯାହା ଚାହେଁ ସେ ତା ପାଏ, ମୋର ନାମକୀର୍ତ୍ତନ କରି ଭକ୍ତ ମୋଠାରେ ଲୀନ ହୁଏ ।

"ନାମ ହିଁ ମୁଁ, ମୁଁ ହିଁ ନାମ" ଏହି କଳିଯୁଗରେ ନାମ ସଂକୀର୍ତ୍ତନହିଁ ପ୍ରେମଲାଭର ପରମ ଉପାୟ ।

ଆ ! ଆ ! ! ଆରେ ତାପିତ ତୃଷିତ କ୍ଷୁଧିତ ଅମୃତର ସନ୍ତାନ ! ! ! ନାମ କରି କରି ମରଣର ପରପାରେ ଆ, ପ୍ରେମ ଭକ୍ତି ଲଭି ତୁ ମୋର ହୋଇ ଯା, ମାଭୈଃ ମାଭୈଃ, ମାଭୈଃ

ସାଧନା ସମିତି
ଦିଗସୁଇ, ହୁଗୁଳି

ଜୟଗୁରୁ ସମ୍ପ୍ରଦାୟ, ଆନନ୍ଦମଠ,
ଶ୍ରୀରଘୁନାଥଜୀଉମନ୍ଦିର, ତେଲିଙ୍ଗାବଜାର,
କଟକ, ୭ଆଶ୍ୱିନ, କୃଷ୍ଣତୃତୀୟା-୧୩୭୫

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

श्री श्री नाम महिमामृत

जयगुरु

अभय वाणि

हरे कृष्ण हरे कृष्ण कृष्ण कृष्ण हरे हरे ।
हरे राम हरे राम राम राम हरे हरे ॥

माभैः

भक्त, तुझे कुछ भी भय नहीं है। तू सिर्फ नाम जप। मैं भयका भय, भीषणका भीषण और सभी बिपत्तियोंका नाश करनेवाला हूं। मैं तुम्हारी सदा रक्षा करता हूं। जो आदमी "मैं आपका हूः" इस भावसे मेरी शरण आता है उसे अभय करना मेरा व्रत है। आंकाश टुटकर जमीनपर गिर पड़े, प्रलयकालकी अग्नि फू-फू कर उठें, साथ ही करोड़ों वज्रपात होने लगे, भयङ्कर झंझा वात कर सारे जगत्‌को कंपाने लगे और सातों समुद्र उमड़ पड़े, फिर भी ऐ प्रियतम, तू डर मत! मैं तुम्हें छातीसे लगाकर वचा रहा हूं, यह वात तू मत भूल। "मैं हुं तेरी ओर, मैं हुं तेरी ओर।" माभैः।

स[धन] समिति
दिगसुई, हुगलि

जयगुरु सम्प्रदाय
आनन्दमठ, बिश्वमण्डल

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi